ব্যবস্থাকল্পদ্রুম।

অর্থাৎ

স্মৃতিশাস্ত্রোক্ত সমস্ত ব্যবস্থা এবং কর্ম্মবিপাকোক্ত রোগসূচিত
জন্মান্তরীয় পাপপ্রায়শ্চিত্ত নিরূপণ।

শ্রীচন্দ্রকুমার ভট্টাচার্য্য কর্ত্তৃক সংগৃহীত

এবং

শ্রীযুক্ত দীননাথ ন্যায়পঞ্চানন দ্বারা সংশোধিত

৩১৮ নং বটতলা
শ্রীবেণীমাধব দে এণ্ড কোম্পানী দ্বারা প্রকাশিত।

চতুর্থ সংস্করণ।

কলিকাতা
শ্রীঅরুণোদয় ঘোষদ্বারা অপরচিৎপুররোড শোভাবাজার ২৮৫
সংখ্যক ভবনে বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত।

ভূমিকা।

শ্রুত্যুক্ত ধর্ম্মোপদেশক যে মন্বাদি বাক্য সমূহ তাহার নাম স্মৃতি, উক্ত রূপ স্মৃতি দুই প্রকার, প্রাচীন এবং আধুনিক। আদি ও মৎস্যপুরাণপ্রভৃতি অষ্টাদশ পুরাণে বশিষ্ঠ, জাবালি, কশ্যপ ও অঙ্গিরাপ্রভৃতি মহর্ষি ও দেবর্ষিগণ যে আপন আপন মতানুসারে ব্যবস্থা নির্দ্দেশ করিয়া শ্রুতিবোধিত ধর্ম্মের মর্ম্ম সংগ্রহ করিয়াছেন তাহার নাম প্রাচীন স্মৃতি। আর সেই সকল মুনি প্রণীত বচন প্রমাণ করিয়া স্মার্ত্ত রঘুনন্দন ভট্টাচার্য্য যে সংগ্রহ করিয়াছেন তাহার নাম আধুনিক স্মৃতি। সম্প্রতি অস্মদেশে শেষোক্ত আধুনিক স্মৃতি অনুসারে সকল প্রকার ধর্ম্ম কর্ম্ম চলিয়া আসিতেছিল অধুনা সদ্বিদ্য পণ্ডিতের ক্রমেই দিন দিন হ্রাস হইয়া উঠিতেছে, হিন্দু সম্প্রদায়ের মধ্যে কেহই স্বজাতীয় বিদ্যাভ্যাসে ইচ্ছা করেন না। প্রাচীন পণ্ডিতগণও অর্থ গৃধ্নু হইয়া আপন আপন সন্তানদিগকে বিজাতীয় শাস্ত্রাধ্যয়ন করাইতে বিশেষ যত্ন করিতেছেন। বিষয়ী ব্যক্তিরাও তাদৃশ সদুপদেষ্টার অভাবে ধর্ম্মশাস্ত্রের মর্ম্মগ্রহে অসমর্থ হইয়া অনেকেই এই সনাতন ধর্ম্মশাস্ত্রে অনাস্থা প্রদর্শন করিয়া ধর্ম্মান্তর অবলম্বন করিতেছেন ইত্যাদি বিবিধ কারণ বশতঃ বৈদিক কর্ম্মের অনেক বিশৃঙ্খলা ঘটিতেছে।

বিশেষত; উক্ত দ্বিবিধ স্মৃতিই সংস্কৃত ভাষায় লিখিত; সুতরাং সাধারণের পক্ষে ধর্ম্মশাস্ত্রের মর্ম্মগ্রহণ করা অতিদুরূহ। পল্লীগ্রামের মধ্যে এমন অনেক স্থান দেখিতে পাওয়া যায় তথায় বহু অনুসন্ধানেও একটীমাত্র সংস্কৃতবিৎ পণ্ডিত ঘটে না, ঐ সকল স্থানে যে ধর্ম্মক্রিয়া সকল কি রূপে নির্ব্বাহিত হইতেছে তাহা অনেকেই জানিতেছেন। এই সকল অবস্থা দেখিয়া স্মৃতি বেদ ও পুরাণের মর্ম্মসংগ্রহ করিয়া ব্যবস্থা সমূহের পোষক মন্বাদি বচন সম্বলিত "ব্যবস্থাকল্পদ্রুম" নামক এই গ্রন্থখানি সংগৃহীত হইল। ইহাতে দায়ভাগ, শুদ্ধি, প্রায়শ্চিত্ত, তিথি ও উদ্বাহ ইত্যাদি সমস্ত ব্যবস্থা ও কর্ম্মবিপাকোক্ত রোগসূচিত জন্মান্তরীয় পাপপ্রায়শ্চিত্ত নিরূপণ ইত্যাদি বৈদিক ও পৌরাণিক ক্রিয়া কলাপের ব্যবস্থা ও বিধি সন্নিবেশিত করা হইয়াছে, এবং সমস্ত ব্যবস্থাতেই ব্যবস্থাপত্রের উল্লেখ ও লিখনক্রম প্রকাশিত হইয়াছে। আর এই গ্রন্থে যে সকল ব্যবস্থা ও ব্যবস্থাপত্র লিখিত হইয়াছে তাহাতে কলিকাতাস্থ পণ্ডিতবর শ্রীযুক্ত ভরতচন্দ্র শিরোমণি প্রভৃতি নবদ্বীপস্থ শ্রীযুক্ত ব্রজনাথ বিদ্যারত্ন ও হরমোহন চূড়ামণিপ্রভৃতি ও বিক্রমপুরস্থ শ্রীযুক্ত কালীকান্ত শিরোমণিপ্রভৃতি পণ্ডিতগণ স্বাক্ষর করিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন। বিশেষতঃ পণ্ডিতাগ্রগণ্য শ্রীযুক্ত দীননাথ ন্যায়পঞ্চানন মহাশয় এ[illegible] গ্রন্থখানি আদ্যোপান্ত দৃষ্টি করিয়া সংশোধন করিয়া দিয়াছেন। আমি [illegible] সাহস করিয়া বলিতে পারি যে, এই গ্রন্থে যে সকল ব্যবস্থা লিখিত হই[illegible] তাহাতে সংশয় মাত্র নাই এবং সর্ব্ববাদি সম্মত। এই গ্রন্থখানি গ্রহণ [illegible] সাধারণের বিশেষ উপকার হইবে সন্দেহ নাই ইতি।

শ্রীচন্দ্রকুমার[illegible]

ব্যবস্থাপত্র।

১। স্বোপার্জ্জিত ধনে পিতা স্বেচ্ছয়া ন্যূনাধিকং বিভাগং কর্ত্তুং শক্যতে ইতি বিদাম্মতং।

২। স্বোপার্জ্জিত ধনে পিতা স্বেচ্ছয়া ন্যূনাধিকং বিভাগং কর্ত্তুং শক্যতে, নতু পিতামহ ধনে। পিতামহ ধনে পিতা পুত্রয়োস্তুল্যং স্বামিত্বমিতি। বিদাম্মতং।

৩। অনুপঘাতেনাপি বিদ্যার্জ্জিত ধনে স্বধন শরীরায়াসাভ্যামর্জ্জক কুটুম্ব ভর্ত্তুর-বিদ্যস্যাপি ভ্রাতুরধিকারো নত্বর্জ্জক মাত্রস্যেতি বিদুষাং পরামর্শঃ।

৪। প্রাজাপত্য ব্রতাদ্যশক্তৌ পয়স্বিনী ধেনুরেকাদেয়া। তদশক্তৌ ধনিনা পঞ্চ-কার্ষাপণী, মধ্যবিধেন ত্রিকার্ষাপণী, দরিদ্রেণ এককার্ষাপণী বরাটক দান রূপং প্রায়শ্চিত্তং করণীয়মিতি বিদাম্মতং।

৫। পরাকব্রতাদ্যশক্তৌ পঞ্চদশকার্ষাপণী বরাটক দানরূপং প্রায়শ্চিত্তং করণীয়-মিতি বিদাম্মতং।

শ্রীহরিঃ শরণম্।
ত্রিবেণী নিবাসি।
শ্রীদুর্গাদাস শর্ম্মণাম্।

শ্রীরাম শরণম্।
বাঁশবাড়িয়া নিবাসি।
শ্রীরামদেব শর্ম্মণাম্।

শ্রীশিবো জয়তি।
নবদ্বীপ নিবাসি
শ্রীশ্রীনাথ শর্ম্মণাম্।

কলিকাতা নিবাসি
শ্রীভরতচন্দ্র শর্ম্মণাম্।

কলিকাতা নিবাসি
শ্রীতিতুরাম শর্ম্মণাম্।

বিল্বপুষ্করিণী নিবাসি
শ্রীদুর্গাপ্রসন্ন শর্ম্মণাম্।

বিক্রমপুর নিবাসি
শ্রীকালীকান্ত শিরোমণীনাম্।

বিক্রমপুর নিবাসি
শ্রীশারদাচরণ তর্কপঞ্চাননাম্।

শ্রীজগন্নাথঃ শরণম্।
ত্রিবেণী নিবাসি।
শ্রীঅম্বিকাচরণ শর্ম্মণাম্।

শ্রীহরিঃ শরণম্।
বড়িসা নিবাসি।
শ্রীশ্যামাচরণ শর্ম্মণাম্।

শ্রীগদাধরো জয়তি।
নবদ্বীপ নিবাসি।
শ্রীহরমোহন শর্ম্মণাম্।

নবদ্বীপ নিবাসি।
শ্রীব্রজনাথ শর্ম্মণান্।

নবদ্বীপ নিবাসি।
শ্রীমথুরানাথ শর্ম্মণাম্।

শ্রীশিবো জয়তি
ক্রোকদি নিবাসি
শ্রীরামধন শর্ম্মণান্।

শ্রীশিবো জয়তি
কোটালিপাড় নিবাসি
শ্রীউমাচরণ শর্ম্মণাম্।

অথ ব্যবস্থাকল্পদ্রুমস্য নির্ঘণ্টপত্রং।

অথ দায়ভাগ নিরূপণং নির্ঘণ্ট।

... ... ২৩

অথ তিথিকৃত্য ব্যবস্থা নির্ঘণ্ট।

নির্ঘণ্টপত্র।

নির্ঘণ্টপত্র ।

অথ অশৌচ ব্যবস্থা নির্ঘণ্ট

নির্ঘন্টপত্র।

অথ প্রায়শ্চিত্ত ব্যবস্থা নির্ঘণ্ট।

নির্ঘণ্টপত্র।

নির্ঘণ্টপত্র।

অথ উদ্বাহ ব্যবস্থা নির্ণয় নির্ঘণ্ট।

অথ দশবিধসংস্কার ব্যবস্থা নির্ঘণ্ট।

নির্ঘণ্টপত্র সমাপ্তঃ।

ব্যবস্থাকল্পদ্রুম।

প্রণম্য গোপালপদারবিন্দং,
বিলোক্য মন্বাদিকৃতঞ্চ শাস্ত্রং।
অবশ্যকর্ত্তব্যবিধানহেতুঃ,
কৃতোব্যবস্থাদিবিধির্ম্ময়ৈষঃ॥

অথ দায়ভাগ নিরূপণং।

ভাগোঽর্থস্য পিত্রস্য পুত্রৈর্ যত্র প্রকল্প্যতে।
ায়ভাগঃ ইতি প্রোক্তং তদ্বিবাদপদং বুধৈঃ॥ ইতি নারদঃ।

পিত্রাদিধন পুত্রাদিকর্ত্তৃক বিভাগ করার নাম দায়ভাগ। আর ়েই ধনের প্রাপণেচ্ছায় বিভাগ কালীন বিবাদ, পণ্ডিত দ্বারা মীমাংসিত হইয়া পুত্রাদির স্বত্ব নির্ণীত হয়, ঐ ধনকে ধর্ম্মশাস্ত্রকারেরা বিবাদ পদ বলেন।

পিত্রাদীনাং স্বত্বনাশে যদ্ধনং স্যাৎ সুতাদিকং।
স্ব স্বত্বাদিক সম্বন্ধাৎ তদ্দায়ঃ পরিকীর্ত্তিতঃ॥

পিতা প্রভৃতির স্বত্ব নাশানন্তর ধনে পুত্রাদির স্বত্ব উৎপন্ন হয়, এজন্য তাহার নাম দায়।

বিভাগ কালীন সকল ধনেরেই বিভাগ হইতে পারে কিন্তু এক দাস, এক দাসী, এক গো ও দেবতা প্রভৃতির বিভাগ হইতে পারে না। তাহাতে কালক্রমে সকলেরই স্বত্ব জন্মিবে। এককালে সকলের স্বত্ব জন্মিতে পারে না। সুতরাং কালানুসারে বিভাগ হইবে। প্রমাণ যথা,—

দাসী গবাদাবেকস্মিন্ কালিকাব্যাপ্যবৃত্তিকং।
না স্বত্বং হি ভবেত্তস্য বিভাগাৎ কালনির্ণয়ঃ॥
একাং স্ত্রীং কারয়েৎ কর্ম্ম যথাংশেন গৃহে গৃহে।
উদ্ধৃত্য কূপবাপ্যভ্যস্ত্বনুসারেণ গৃহ্যতে॥

এক দাসীতে অনেকের স্বত্ব থাকিলে অংশানুসারে ক কার্য্য করাইবে এবং কূপ, পুষ্করিণী তড়াগাদির জল উদ্ধৃত যাহার যত প্রয়োজন সে তত গ্রহণ করিবে।

অথ পিতৃকৃত্য বিভাগঃ।

জীবন্নেব বা প্রবিভজ্য বনমাশ্রয়েৎ,
বৃদ্ধাশ্রমম্বা গচ্ছেৎ।
সল্পেনবা সংবিভজ্য ভূয়িষ্টমাদায়বসেৎ,
যদ্যুপদশ্যেৎ পুনস্তেভ্যো গৃহ্নীয়াৎ॥ ইতি হারীত।

পিতা স্বোপার্জ্জিত ধন পুত্রাদিকে সমানাংশ করিয়া দিয়া পর সন্ন্যাসাশ্রম গ্রহণ করিবেন। যদি সন্ন্যাসাশ্রম গ্রহণ না করেন তবে স্বোপার্জ্জিত ধন স্বেচ্ছাবশতঃ পুত্রাদিকে যৎকিঞ্চিৎ মাত্র দিয়া, আপনি সমস্ত ধন লইয়া গৃহে বাস করিতে পারেন। যদি সেই সমস্ত ধন নষ্ট হইয়া যায়, তবে পুনর্ব্বার পুত্রাদির নিকটে ধন গ্রহণ করিতে পারেন।

ব্যবস্থাপত্র।

স্বোপার্জ্জিত ধনে পিতা স্বেচ্ছয়া ন্যূনাধিকং বিভাগং কর্ত্তুং শক্যতে। ইতি বিদাং মতং।

পিতাচেৎ পুত্রান্ বিভজেৎ তস্য স্বেচ্ছা স্বয় মুপাত্তেঽর্থে,
পৈতামহে তু পিতাপুত্রয়ো স্তুল্যং স্বামিত্বং। ইতি বিষ্ণুঃ।

পিতা স্বোপার্জ্জিত ধনে তাহার ইচ্ছাবশতঃ সম ও বিষম অর্থাৎ পুত্রাদিকে সমানাংশ বা যৎকিঞ্চিৎ অংশ দিয়া স্বয়ং সমুদায় লইতে

পারেন। এবং পুত্রাদির প্রতিও ন্যূনাধিক্য করিতে পারেন, অর্থাৎ পিতা স্বীয় উপকারিতার তারতম্য বিবেচনায় বিভাগেরও তারতম্য করিতে পারেন। কিন্তু পিতামহ ধনে পিতা এবং পুত্রেরতুল্য স্বামিত্ব, অর্থাৎ সেখানে পিতা পুত্রে সমানাংশ হইবে। পরন্তু সামান্যতঃ পিতামহ ধনে পিতা পুত্রের বিভাগকালে সমানাংশ হইবে।

জীবদ্বিভাগে তু পিতা নৈকং পুত্রং বিশেষয়েৎ।
নির্ভাজয়েৎ নচৈবৈকমস্মাৎ কারণং বিনা। ইতি কাত্যায়নঃ।

পিতামহ জীবিত থাকিলে পিতা পাতিত্যাদি কারণ ব্যতিরেকে পুত্রাদির বিশেষ করিতে পারেন না। সকল পুত্রই সমানাংশ পাইবে এবং পিতা পুত্রেও সমানাংশ হইবে।

ব্যবস্থাপত্র।

স্বোপার্জ্জিত ধনে পিতা স্বেচ্ছয়া ন্যূনাধিকং বিভাগং কর্ত্তুং শক্যতে ন তু পিতামহ ধনে। পিতামহ ধনে পিতা পুত্রয়োস্তুল্যং স্বামিত্বামিতি বিদাম্মতম্।

পৈতৃকন্তু পিতা দ্রব্য মনবাপ্তং যদাপ্নুয়াৎ।
ন তৎ পুত্রৈর্ভজেৎ সার্দ্ধমকামঃ স্বয়মর্জ্জিতং॥ ইতি মনুবিষ্ণুঃ।

ব্যবস্থাপত্র।

পিতামহস্য স্থাবরাদি ধনমন্যেনাপহৃতং পশ্চাৎ পিত্রা পূর্ব্বোক্ত স্থাবরধনেন উদ্ধারং কৃতং, তদ্ধনস্য বিভাগং পিতা স্বেচ্ছয়া ন্যূনাতিরেকং কর্ত্তুং শক্যতে। তদ্ধনং স্বোপার্জ্জিতমধ্যে গণনীয়ত্বাদিতি বিদাম্মতম্।

পিতামহের স্থাবরাদি ধন অন্য কর্ত্তৃক অপহৃত হইলে যদি পিতা তাহার উদ্ধার করেন, তবে তাহা তাঁহার স্বয়ং উপার্জ্জিত মধ্যে গণ্য হয়। তাহার বিভাগ কালে পিতা স্বেচ্ছাবশতঃ সম ও বিষম ভাগ করিতে পারিবেন।

মণিমুক্তা প্রবালানাং সর্ব্বস্যৈব পিতাপ্রভুঃ।
স্থাবরস্য তু সর্ব্বস্য ন পিতা ন পিতামহঃ॥ ইতি যাজ্ঞবল্ক্যঃ।

পিতামহের মণি, মুক্তা, প্রবালাদি অস্থাবর সম্পত্তির অধিকারী পিতা সর্ব্বতোভাবে হইতে পারেন। কিন্তু স্থাবর বস্তুর অধিকারী পিতা ও পিতামহ কেহই নহেন।

পূর্ব্বনষ্টাঞ্চ যো ভূমিমেকশ্চেদুদ্ধরেৎক্রমাৎ।
যথা ভাগং ভজন্ত্যন্যে দত্ত্বাংশন্তু তুরীয়কং ॥ ইতি শংখঃ।

পিতামহের স্থাবর সম্পত্তি যদি অন্য কোন ব্যক্তি কর্ত্তৃক অপহৃত হয়, এবং তাহা যদি বহু পৌত্রের মধ্যে এক জন উদ্ধার করেন, তবে তাহার তুরীয়াংশ অর্থাৎ চারিভাগের এক ভাগ স্বয়ং গ্রহণ করিয়া অপর তিন ভাগ ভ্রাতাদির সহিত সমানাংশ করিয়া তুল্যাংশ গ্রহণ করিবেন।

ব্যবস্থাপত্র।

পিতামহস্য অন্যাপহৃতং স্থাবরাদি ধনং যদি কেনচিৎ পৌত্রেণ উদ্ধারিতং ভবেৎ তদা তদ্ধনস্য তুরীয়াংশং স্বয়ং গৃহীত্বা, অন্যোন্যভ্রাতৃভিঃ সহ সমানাংশগ্রহণং কর্ত্তব্যমিতি বিদুষাং পরামর্শঃ।

অপুত্রাশ্চ পিতুঃ পত্ন্যঃ সমানাংশাঃ প্রকীর্ত্তিতাঃ।
পিতামহ্যশ্চ সর্ব্বাস্তা মাতৃতুল্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ ইতি ব্যাসঃ।

পিতৃধন বিভাগকালে পিতার অপুত্রা পত্নীকে আপনাদের অংশের সমানাংশ দান করিবে। আর পিতামহের ধন পৌত্র কর্ত্তৃক বিভাগকালে পিতামহীকে মাতৃতুল্য অংশ দিবে।

ব্যবস্থাপত্র।

পিতুঃ স্বোপার্জ্জিতধনস্য বিভাগকালে পিতুঃ পত্নীনাং সমানাংশাদেয়াঃ অপরঞ্চ পিতামহধনস্য পৌত্রেণ বিভাগ করণে পিতামহ্যৈ মাতৃবৎ ভাগা দেয়া ইতি বিদাং মতং।

যদি বিমাতা, স্বামী, কি শ্বশুর কর্ত্তৃক স্ত্রীধন না পাইয়া থাকেন, তবে ভ্রাতারা আপনাদের অংশের তুল্যাংশ বিমাতাকে দিবে আর বিমাতা স্ত্রীধন পাইয়া থাকেন, তবে ভ্রাতাদিগের অর্দ্ধাংশ পাইবেন। প্রমাণং।—

যদি কুর্য্যাৎ সমানাংশং পত্ন্যঃ কার্য্যাঃ সমাংশিকাঃ।
ন দত্তং স্ত্রীধনং যাসাং ভর্ত্রা বা শ্বশুরেণ বা ॥

অধিবিন্নস্ত্রিয়ৈ দেয়ং মাধিবেদনিকং সমং।
ন দত্তং স্ত্রীধনং যস্মৈ দত্তে ত্বর্দ্ধং প্রকীর্ত্তিতং॥

ইতি ব্যাসঃ যাজ্ঞবল্কশ্চ।

ব্যবস্থাপত্র।

অপ্রাপ্তস্ত্রীধনায়ৈ পত্ন্যৈ পুত্র সমানাংশো দেয়ঃ প্রাপ্ত স্ত্রীধনায়ৈ তদর্দ্ধং দেয়মিতি বিদাম্মতম্।

যদি পিতৃকৃত ধন বিভাগ না হইতে হইতেই কোন পুত্রের মৃত্যু হয় এবং মৃত ব্যক্তির সন্তান বর্ত্তমান থাকে, সেখানে উক্ত পৌত্রের পিতামহ ধনে পিতৃব্যাদির সহিত সমানাংশ হইবে। প্রমাণং,—

অবিভক্তে মৃতে পুত্রে তৎসুতং রিক্‌থভাগিনং।
কুর্ব্বীত জীবনং যেন লব্ধং নৈব পিতামহাৎ।
লভেতাংশংস পিত্র্যন্তু পিতৃব্যাত্তস্য বা সুতাৎ॥

ইতি রত্নাকরোদ্ধৃত কাত্যায়নবচনং।

ব্যবস্থাপত্র।

পিতৃধনে অবিভক্তে যদি কশ্চিৎ পুত্রোম্রিয়েত তদা তৎ পুত্রঃ পিতামহস্য ধনে পিতৃব্যাদিভিঃ সহ সমানাংশ ভাগী স্যাদিতি বিদাম্মতম্।

পিত্রোরভাবে ভ্রাতৃণাং বিভাগঃ সম্প্রদর্শিতঃ।
মাতুর্নিবৃত্তে রজসি জীবতোরপি শস্যতে॥

পিতা মাতা অবর্ত্তমানে ভ্রাতৃগণ পিতৃধন বিভাগ করিবে। আর পিতা মাতা বর্ত্তমানে ও মাতার রজোনিবৃত্তি সময়ে পিতৃধন বিভাগ করিতে পারে।

পিত্রাসহ বিভক্তা যে সাপত্ন্যা বা সহোদরাঃ।
জঘন্যজাশ্চ যে তেষাং পিতৃভাগং হরন্তুতে॥

ইতি বৃহস্পতিঃ।

পিতা কর্ত্তৃক ধনবিভাগের পর যদি পিতার অন্য পুত্র জন্মে তবে সেই জাতপুত্র পিতৃপ্রাপ্ত অংশের অধিকারী। ভ্রাতাদিগের

ধনে তাহার অধিকার হয় না। আর ঐ অংশেও ভ্রাতাদিগের অধিকার থাকে না।

ব্যবস্থাপত্র।

পিতৃকৃর্ত্ত বিভাগানন্তরং জাতপুত্রস্য পিত্রাধিকৃত ধনে অধিকারঃ ন ভ্রাতৃধনে। অপরঞ্চ পূর্ব্ব বিভাজিত পুত্রাণামপি, পিতৃধনে অধিকারোনাস্তীতি বিদাং মতং।

অথ পিতুরভাবে ভ্রাতৃবিভাগঃ।

ভ্রাতৃণাং জীবতোঃ পিত্রোঃ সহবাসো বিধীয়তে।
তদভাবে বিভক্তানাঃ ধর্ম্মস্তেষাং বিবর্দ্ধতে॥ ইতি ব্যাসঃ।

পিতা বর্ত্তমান থাকিতে ভ্রাতাদিগের সহবাস করা উচিত, বিভক্ত হওয়া কর্ত্তব্য নহে। আর পিতা অবর্ত্তমানে ভ্রাতাদিরা বিভক্ত হইয়া, স্বমাত্র অর্থাৎ স্বীয় প্রাপ্তধনে বৈদিকাদি কর্ম্ম করিলে ধর্ম্ম বৃদ্ধি হয়।

যচ্ছিষ্টং পিতৃদায়েভ্যো দত্ত্বর্ণং পৈতৃকং ততঃ।
ভ্রাতৃভি স্তদ্বিভক্তব্যমৃণী ন স্যাদ্যথা পিতা॥ ইতি নারদঃ।

জীবিতাবস্থায় যদি পিতা অমুককে এই ধন দান করিব বলিয়া প্রতিশ্রুত হইয়া থাকেন, বা তিনি ঋণী ছিলেন, জীবিতাবস্থায় তাহা পরিশোধ করিতে পারেন নাই, তবে পুত্রেরা পিতৃধন বিভাগ কালে পিতার প্রতিশ্রুত বা ঋণীকৃত ধন রাখিয়া অবশিষ্ট ধন বিভাগ করিয়া লইবেন। যদি পিতার তাদৃশ ধন না থাকে তবে পুত্রেরা আপন আপন অংশ হইতে সেই প্রতিশ্রুত ধনদান বা ঋণ শোধ করিবেন।

ব্যবস্থাপত্র।

পিতৃবিয়োগানন্তর বিভাগে পিতুঃ প্রতিশ্রুতং দত্ত্বা পিতৃকৃতঋণঞ্চ পরিশোধ্য অবশিষ্টং ধনং ভ্রাতৃভিঃ সমবিভাজিতং কর্ত্তব্যং অপিচ পিতৃধনাভাবে আত্মধনেন পিতৃঋণং শোধনীয়মিতি বিদাং মতং।

মাতাপি পিতরি প্রেতে পুত্রতুল্যাংশহারিণী।।

ইতি কাত্যায়নঃ।

যদি মাতা জীবিতা থাকিতে থাকিতেই পুত্রেরা পিতৃধন বি-ভাগ করে, তবে মাতা যদি স্ত্রীধন না পাইয়া থাকেন তবে পুত্র তুল্যাংশ পাইবেন, আর যদি স্ত্রীধন পাইয়া থাকেন তবে অর্দ্ধাংশ পাইবেন। তাহার প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

ব্যবস্থাপত্র।

অদত্ত স্ত্রীধনায়ৈ মাত্রে পুত্রেণ আত্মতুল্যাংশা দেয়াঃ দত্তস্ত্রীধনায়ৈ তদর্দ্ধমিতি বিদাংমতম্।

অপ্রাপ্তব্যবহারাণাং ধনং ব্যয়বিবর্জ্জিতং।
নস্যেয়ুর্ব্বন্ধুমিত্রেষু প্রোষিতানাং তথৈব চ।।

ইতি কাত্যায়নঃ।

অপ্রাপ্তবয়স্ক বালকের বা বিদেশস্থ ব্যক্তির ধন বিভাগকালে কোন বিশ্বাসী বন্ধুর নিকটে গচ্ছিত করিয়া রাখিতে হয়। যেন সে ধন কোন প্রকারে নষ্ট না হয়।

ব্যবস্থাপত্র।

অপ্রাপ্তবয়সাং বালকানাং বিদেশস্থ ব্যক্তীনামংশং কস্যচিৎস্তুমিত্রস্য নিকটে সংগচ্ছিতং কর্ত্তব্যমিতি বিদাম্মতম্।

ভ্রাতৃণাং যস্তুনেহেত ধনং শক্তঃ স্বকর্ম্মণা।
সনির্ভাজ্যঃ স্বকাদংশাৎ কিঞ্চিদ্দত্তোপজীবনং।। ইতি মনুঃ।

যে ব্যক্তি স্বক্ষমতায় ধনোপার্জ্জন করিতে পারে, আর যদি তাহার অন্য ভ্রাতারা উপার্জ্জনে অশক্ত হয়, সেস্থলে পূর্ব্বোক্ত কৃতী ব্যক্তি, স্বীয় পুত্রাদির সন্তোষের নিমিত্ত কিঞ্চিৎ গ্রহণ করিয়া সমুদায় অন্য ভ্রাতাদিগকে প্রদান করিবে।

যেষাস্তু ন কৃতা পিত্রা সংস্কারবিধয়ঃ ক্রমাৎ।
কর্ত্তব্যা ভ্রাতৃভিস্তেষাং পৈতৃকাদেব তদ্ধনাৎ।।

ইতি নারদঃ।

যদি পিতৃধন বিভাগকালে অসংস্কৃত ভ্রাতা থাকে, তবে তাহার সংস্কারাদির নিমিত্ত পিতৃধন হইতে ধন রাখিয়া তাহার পর বিভাগ করিয়া লইবে। আর পিতার অনূঢ়া কন্যা থাকিলে স্ববিত্তানুসারে তাহার সংস্কারাদি কার্য্য করিবে। "অনূঢ়ানান্তু কন্যানাং স্ববিত্তানুসারেণ সংস্কারং কুর্য্যাদিতি বিষ্ণুঃ"।

অবিদ্যমানে পিত্রর্থে স্বাংশাদুদ্ধৃত্য বা পুনঃ।
অবশ্য কার্য্যাঃ সংস্কারাঃ ভ্রাতৃভিঃ পূর্ব্বসংস্কৃতৈঃ॥
ইতি নারদঃ।

যদি অসংস্কৃত পুত্রকন্যার সংস্কারাদি কার্য্য নির্ব্বাহ করিতে পিতার ধন না থাকে, তবে ভ্রাতারা আপন আপন অংশ হইতে ধন গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত সংস্কার কার্য্য নির্ব্বাহ করিবে।

ব্যবস্থাপত্র।

অসংস্কৃত ভ্রাতৃণাং তাদৃশ ভগিনীনাঞ্চ পিতৃধনেন ভ্রাতৃভিঃ সংস্কারঃ কর্ত্তব্যঃ, পিতৃধনাভাবেঽপি স্বাংশাদুদ্ধৃত্য তৎসংস্কারঃ কর্ত্তব্যঃ ইতি বিদাম্মতম্।

অথ পৈতৃকধনে অনধিকারিণো ব্যবস্থা।

ধার্ম্মিক পুত্রই পিতৃধনে অধিকারী হয়, অধার্ম্মিকের পিতৃধনে অধিকার নাই। প্রমাণং,—

সর্ব্বেহি ধর্ম্মযুক্তা ভাগিনো দ্রব্যমর্হন্তি। ইত্যাপস্তম্বঃ।

আরও দেখ যজ্ঞার্থে দ্রব্য উৎপন্ন হইয়াছে সেই দ্রব্য যজ্ঞেতে যে নিয়োজিত না করে সে যজ্ঞহীন, সুতরাং যে পুত্র যজ্ঞহীন সে পিতৃধনে অধিকারী হয় না। প্রমাণং,—

যজ্ঞার্থং দ্রব্যমুৎপন্নং তস্মাদ্দ্রব্যং নিয়োজয়েৎ।
স্থানেষু দ্রব্যযোগেষু ন স্ত্রীমূর্খ বিধর্ম্মিষু॥ ইতি কাত্যায়নঃ।

এই বচনার্থে, স্ত্রী * বিধর্ম্মী ধনাধিকারী হয় না।

* স্ত্রীতি, পত্ন্যাদি বিশেষ বিহিতেতর সপিণ্ডাদি স্ত্রী পরং।

আরও প্রমাণ এই যে, আচার,তপস্যা ও দান বিবর্জ্জিত পুত্র ও মূত্র উভয়ই সমান, কারণ উভয়েই এক পথদ্বারা নির্গত হয়।

শাস্ত্রশৌর্য্যাদি রহিত স্তপোদান বিবর্জ্জিতঃ।
আচারহীনঃ পুত্রস্তু মূত্রোচ্চার সমস্তুসঃ ॥ ইতি শংখঃ।

আরও প্রমাণ এই যে, প্রেতের ধনাধিকারী হইয়া, মৃত ব্যক্তির শ্রাদ্ধাদি না করিলে চাতুর্ব্বর্ণবধের যে প্রায়শ্চিত্ত, তাহা করিতে হয়। যথাহ—

অকৃত্বা প্রেতকার্য্যাণি প্রেতস্য ধনহারকঃ।
বর্ণানাং যদ্বধে প্রোক্ত স্তদ্বধং নিয়তং চরেৎ। ইতি শংখঃ।

পরন্তু পুত্র শব্দের অর্থ এই যে, 'পুন্নাম' নরক হইতে যে পরিত্রাণ করে সেই পুত্র অর্থাৎ ধর্ম্মবিৎ পুত্রই পুত্র এবং পুত্র হইতেই পিতা স্বর্গগামী হন। আর সেই পুত্রই ধনভাগী হয়। আর কুপুত্র দ্বারা পিতা অন্ধকারময় গর্ত্তে পতিত হন, এই জন্য কুপুত্র ধনভাগী হয় না। যথাহ—

যথা জলং কুপ্লবেন তরণ মজ্জতি মানবঃ।
তথা পিতা কুপুত্রেণ তমস্যন্ধোনিমজ্জতি ॥ ইতি রত্নাকরঃ।

যেমন বৃহৎ জলাশয়, অপকৃষ্ট ভেলকদ্বারা পার হইতে হইতে মনুষ্য জল মধ্যে মগ্ন হইয়া প্রাণ ত্যাগ করে, সেই প্রকার পিতা কুপুত্র হইতে ঘোর অন্ধকার অর্থাৎ মহানরকে পতিত হন।

মৃতে পিতরি.ন ক্লীব কুষ্ঠ্যুন্মত্ত জড়ান্ধকাঃ।
পতিতঃ পতিতাপত্যং লিঙ্গীদায়াংশভাগিনঃ ॥
তেষাং পতিত বর্জ্জেভ্যো ভক্ত বস্ত্রং প্রদীয়তে।
তৎসুতাঃ পিতৃদায়াংশং লভেরন্ দোষবর্জ্জিতাঃ ॥
ইতি দেবলঃ।

পিতার মৃত্যু হইলে পিতার ক্লীব, কুষ্ঠ, উন্মত্ত, জড়, জন্মান্ধ, পতিত সন্তান, পতিত ব্যক্তির পুত্র, লিঙ্গী অর্থাৎ কপট ব্রতধারী

ইহারা পিতৃধনে অধিকারী হয় না, ধনাধিকারী কেবল তাহাদিগকে অন্ন ও বস্ত্র দান করিবে। কিন্তু পতিত ব্যক্তির অন্ন বস্ত্রেও অধিকার নাই। আর যদি পতিত ব্যক্তির পুত্র দোষবর্জ্জিত হয় তবে সেই পুত্র পিতামহ ধনে অধিকারী হইবে।

ব্যবস্থাপত্র।

ক্লীবকুষ্ঠ্যুন্মত্তজড়ান্ধকপতিতপতিতাপত্যলিঙ্গ্যাদিদোষযুক্তাঃ অন্নবস্ত্রং বিনা ন ধনাংশভাগিনঃ। এতেষাং মধ্যে পাতিত্যদোষযুক্তানাং পুত্রাণাং যদি নির্দ্দোষিতং প্রমাণীকৃতং ভবেৎ তদা তৎপুত্রঃ পিতামহস্য ধনেঽংশী ভবেদিতি বিদান্মতম্।

অথ বিভজ্যাবিভজ্য দায়ব্যবস্থা।

অনাশ্রিত্য পিতৃদ্রব্যং স্বশক্ত্যাপ্নোতি যদ্ধনং।
দায়াদেভ্যো নতদ্দদ্যাৎ বিদ্যয়ালব্ধমেব চ॥ ইতি ব্যাসঃ।

পিতার ধনের আশ্রয় ব্যতিরেকে স্বীয় ক্ষমতাতে যে ধন উপার্জ্জিত হয়, আর বিদ্যাদ্বারা লব্ধ ধন, ইহা অন্য দায়াদদিগের সহিত বিভাজিত হইবে না। যাহার উপার্জ্জিত সেই প্রাপ্ত হইবে।

বিদ্যাধন মাহ কাত্যায়নঃ।

উপন্যস্তে তু যল্লব্ধং বিদ্যয়া পণপূর্ব্বকং।
বিদ্যাধনন্তু তদ্বিদ্যাদ্বিভাগে ন বিভজ্যতে॥
শিষ্যাদার্ত্বিজ্যতঃ প্রশ্নাৎ সন্দিগ্ধপ্রশ্ননির্ণয়াৎ।
স্বজ্ঞানশংসনদ্বাদাৎ লব্ধং প্রাধ্যয়নাচ্চ যৎ॥
বিদ্যাধনন্তু তৎ প্রাহুর্বিভাগে ন বিভজ্যতে।
শিল্পেষ্বপিহি ধর্ম্মোঽয়ং মূল্যাদ্যচ্চাধিকং ভবেৎ॥
পরং নিরস্য যল্লব্ধং বিদ্যয়া দ্যূতপূর্ব্বকং।
বিদ্যাধনন্তু তদ্বিদ্যান্নবিভাজ্যং বৃহস্পতিঃ॥

কোন ব্যক্তি অভীষ্টকার্য্য সম্পাদন করিয়া তাহার পুরস্কার স্বরূপ যে ধন লাভ করা যায়, বিদ্যা দ্বারা পণপূর্ব্বক অন্যকে জয়

করিয়া যে ধন লাভ হয়, শিষ্যদ্বারা অর্থাৎ শিষ্যকে অধ্যয়ন করাইয়া অধ্যাপকের পুরস্কার জন্য যে ধন লাভ হয়, যজমান দত্ত দক্ষিণা, অন্য দত্ত প্রশ্নে জিজ্ঞাসিত হইয়া সেই জিজ্ঞাসক ব্যক্তির সন্দেহ ভঞ্জন করিয়া যাহা লাভ হয়, শাস্ত্রার্থদ্বারা অন্যের চিত্তস্থ সংশয়ের অপনয়ন করিয়া যাহা লাভ হয়, শাস্ত্রীয় জ্ঞানদ্বারা আগত বাদী ও প্রতিবাদীর বিবাদ মীমাংসা করিয়া যাহা লাভ হয়, শাস্ত্রার্থ বিবাদে বিপক্ষ জয় করিয়া যাহা লাভ হয়, এক দ্রব্য লাভার্থে অনেকের সমাগমে স্বীয় অধ্যয়নের উৎকৃষ্টতাহেতু যাহা লাভ হয়, শিল্পবিদ্যা দ্বারা যাহা লাভ হয়, কৌশলদ্বারা কোন দ্রব্যের যথোচিত মূল্যের অধিক যাহা লাভ হয় এই সকলের নাম বিদ্যালব্ধ ধন, ইহাতে অন্যের অংশ নাই। যে ব্যক্তি এই সকল ধন উপার্জ্জন করেন সমস্ত ধনই তাঁহার, অন্য ভ্রাতাদির ইহাতে অধিকার নাই।

কুটুম্বং বিভৃয়ন্ভ্রাতুর্যো বিদ্যামধিগচ্ছতিঃ।
ভাগং বিদ্যাধনাৎ তস্মাৎ সলভেতাশ্রুতোপি সন্।।

ইতি নারদঃ।

বিদ্যাধ্যয়নার্থ গুরুর নিকট গমন করিলে যে ভ্রাতা তাহার সাহায্য করেন কিম্বা বিদ্যার্থীর পোষ্যবর্গের ভরণপোষণ করেন তবে সেই বিদ্যাদ্বারা উপার্জ্জিত ধনের সাহায্যকারী ভ্রাতা মূর্খ হইলেও অংশ পাইবে।

নাবিদ্যানান্তু বৈদ্যেন দেয়ং বিদ্যাধনং ক্বচিৎ।
সমবিদ্যাধিকানান্তু দেয়ং বৈদ্যেন তদ্ধনং।।

ইতি কাত্যায়নঃ।

কুলেবিনীত বিদ্যানাং ভ্রাতৃতঃ পিতৃতোঽপিবা।
শৌর্য্য প্রাপ্তন্তু যৎবিত্তং বিভাজ্যং তদ্বৃহস্পতিঃ।।

পিতা কি ভ্রাতা হইতে বিদ্যা শিক্ষা করিলে যে ধন লাভ হয় ও বীরত্ব প্রকাশ করিয়া যাহা লাভ করা যায় ঐ সমস্ত ধনের অংশ সকলকেই দিতে হইবে। আর দুই ভ্রাতা সমান বিদ্বান্ হইলে

স্বজ্ঞাতি গ্রামসামন্ত দায়াদনুমতেন বা।
হিরণ্যোদক দানেন ষড়্ভির্গচ্ছতি মেদিনীঃ ॥
ইতি মিতাক্ষরাঃ।

অবিভাজিত স্থাবরাদি সম্পত্তি অন্যান্য অধিকারীদের অনুমতি বিনা কেহ দান বিক্রয়াদি করিতে পারিবে না। কিন্তু হিরণ্যো-দকাদি দ্বারা অর্থাৎ হিরণ্যাদি দ্বারা বিনিময় রূপ দান করিলে দান বা বিক্রয় সিদ্ধ হইবে।

ক্রমাদভ্যাগতং দ্রব্যং হৃতমভ্যুদ্ধরেত্তু যঃ।
দায়াদেভ্যো ন তদ্দদ্যাদ্বিদ্যয়া লব্ধমেব চ ॥
ইতি যাজ্ঞ্যবল্কঃ।

স্থাবর ব্যতিরেকে পিতার অন্য দ্রব্য যদি অন্যদ্বারা অপহৃত হয় এবং সেই দ্রব্য যদি কেহ উদ্ধার করেন, তবে সেই বস্তুর অংশ কাহাকেও না দিয়া স্বয়ং গ্রহণ করিবেন। আর স্থাবর সম্পত্তি পূর্ব্বোক্ত প্রকার নষ্ট হইলে যদি কেহ তাহা উদ্ধার করে তবে তাহার চতুর্থাংশ স্বয়ং গ্রহণ করিয়া অবশিষ্ট তৃতীয়ভাগ অংশ করিয়া লইবে। প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে যথা—(পূর্ব্বনষ্টাঞ্চেত্যাদি)।

স্থাবরং দ্বিপদঞ্চৈব যদপি স্বয়মর্জ্জিতং।
অসম্ভূয় সুতান্ সর্ব্বান্ ন দানং ন চ বিক্রয়ঃ ॥
যে জাতা যেপ্যজাতাশ্চ যে চ গর্ভে ব্যবস্থিতাঃ।
বৃত্তিং তে পিহিকাঙ্ক্ষন্তি বৃত্তিলোপোবিগর্হিতঃ ॥
ইতি মিতাক্ষরাঃ।

যদি পিতা কোন নষ্টবিত্ত উদ্ধার করেন, তথাপি পুত্রদিগের বিনানুমতিতে দান ও বিক্রয় করিতে পারেন না কারণ যে পুত্র জন্মিয়াছে, যে জন্মিবে ও যে গর্ভে আছে, সকলেরই সেই বিত্তে অধিকার আছে, অতএব পিতা বিনানুমতিতে দান বিক্রয় করিতে পারেন না। কিন্তু দান ও বিক্রয় সিদ্ধ হইবে, পিতা পাপী হইবে।

অস্যাপবাদমাহ।

একোপি স্থাবরে কুর্য্যাৎ দানাধমনবিক্রয়ং।
আপৎকালে কুটুম্বার্থে ধর্ম্মার্থে চ বিশেষতঃ॥
কুটুম্বার্থেঽধীনোঽপি ব্যবহারং সমাচরেৎ।
স্বদেশে বা বিদেশে বা তং জ্যায়ান্ন বিচালয়েৎ॥ মনুঃ।

আপৎকালে কুটুম্বের কি পরিবারদিগের ভরণার্থে বা ধর্ম্মার্থে স্থাবর বস্তু বিক্রয় বা বন্ধক দেওয়া বিনানুমতিতেও সিদ্ধ হয়। আর কুটুম্বের নিমিত্ত স্বদেশেই হউক বা বিদেশেই হউক দাস্যবৃত্তি বা ঋণ গ্রহণ সিদ্ধ হয়, তাহার নিমিত্ত দোষার্হ হইতে হয় না।

অথ বৃত্তবিভাগে সন্দেহ নির্ণয়।

গোত্রভাগ বিভাগার্থে সন্দেহে সমুপস্থিতে।
গোত্রজৈশ্চাপরিজ্ঞাতে কুলংসাক্ষিত্বমর্হতি॥

ভ্রাতাদিগের পরস্পর বিভাগ ন্যায্য হইয়াছে কি অন্যায় হইয়াছে ইহার সন্দেহ ভঞ্জনের নিমিত্ত গোত্রজদিগের সাক্ষ্য গ্রহণ করিবে। তদভাবে অন্য ব্যক্তিকে অর্থাৎ যিনি সবিশেষ জ্ঞাত আছেন তাঁহাকে সাক্ষ্যরূপ গ্রহণ করিবে।

ভ্রাতরঃ সংবিভক্তা যে স্বরুচ্যাচ পরস্পরং।
বিভাগপত্রং কুর্ব্বন্তি ভাগলেখ্যং তদুচ্যতে॥ বৃহস্পতিঃ।

ভ্রাতাদিগের পরস্পর বিভক্ত হইবার সময় পরস্পরের সম্পত্তিতে যে এক খান ভাগলেখ্য প্রস্তুত করেন তাহাই প্রায় সাক্ষ্য রূপে প্রতীয়মান হয় এবং তাহা অবশ্য কর্ত্তব্য। *

বিভক্তানাং পৃথক্‌জ্ঞেয়া পাকধর্ম্মাগমব্যয়াঃ।
সাক্ষিত্বং প্রতিভাব্যঞ্চ দানং গ্রহণমেব চ॥
বিভক্তা ভ্রাতরঃ কুর্য্যুর্নাবিভক্তাঃ পরস্পরং।
যেষাং এতাঃ ক্রিয়ালোকে প্রবর্ত্তন্তে স্বরিক্‌থতঃ॥
ইতি নারদঃ।

---

* প্রচলিত কথায় অর্থাৎ ভাষায় তাহার নাম খত্তা বা ফারখতি।

বিভক্ত ভ্রাতার আয় ব্যয় পাকধর্ম্ম ভাগলেখ্য,সাক্ষি ও প্রতিভূ পৃথক্ পৃথক্ রূপে করিবে। অবিভক্ত ভ্রাতারা পৃথক্ পৃথক্ করিবে না।

অথ চিরপ্রোষিতস্য বংশস্য আগতস্য বিভাগ নির্ণয়ঃ।

গোত্র সাধারণং ত্যক্ত্বা যোঽন্য দেশং সমাশ্রিতঃ।
তদ্বংশস্যাগতস্যাংশঃ প্রদাতব্যো ন সংশয়ঃ॥
তৃতীয়ঃ পঞ্চমশ্চৈব সপ্তমোবাপি যো ভবেৎ।
জন্ম নাম পরিজ্ঞানে লভেতাংশং ক্রমাগতং॥

ইতি বৃহস্পতিঃ।

যে ব্যক্তি সমস্ত জ্ঞাতিবর্গকে ত্যাগ করিয়া অন্য দেশে বাস করণানন্তর সেই স্থানে গত হয়, পরে যদি তাহার পুত্র পৌত্রাদি আসিয়া আপনার পৈতৃক, সম্পত্ত্যাদি গ্রহণেচ্ছু হয় তবে অন্য দায়াদেরা আপনাদের সমানাংশ তাহাকে দান করিবে। আর ইহার বক্তব্য এই যে তৃতীয় পুরুষ, পঞ্চম পুরুষ, সপ্তম পুরুষ বা জন্ম নাম যে পর্য্যন্ত জ্ঞাত থাকিবে, সে পর্য্যন্ত অংশ দিতে হইবে ইহার অন্যথা হইবে না।

ভুক্তি স্ত্রৈপুরুষী সিদ্ধেদপরেষাং ন সংশয়ঃ।
অনিবৃত্তে সপিণ্ডত্বে সাকুল্যানাং ন সিদ্ধ্যতি॥
অস্বামিনাতু যদ্ভুক্তং গৃহক্ষেত্র পণাদিকং।
সুহৃদ্বন্ধু সকুল্যস্য নতদ্ভোগেন হীয়তে॥

ইতি বৃহস্পতি শংখশ্চ।

ভাগানর্হ ব্যক্তির ত্রৈপুরুষিক ভোগ হইলেও সিদ্ধ হয় না অর্থাৎ কি সপিণ্ড, কি সাকুল্য কেহই তাহা অধিকার করিতে পারিবে না। আর তাহার গৃহক্ষেত্র ইত্যাদি বস্তু, সুহৃদ বন্ধু সাকুল্য ইহাদের

ভোগে আসিবে না। অর্থাৎ ইহারা যদি তাহার অংশ ভোগ-করেন তথাপি পূর্ব্বোক্ত বংশ আগত মাত্রই তাহার সমানাংশ তৎ-ক্ষণাৎ তাহাকে বুঝাইয়া দিতে হইবে।

বিভাজ্য শ্রোত্রিয়ৈর্ভুক্তং রাজ্ঞামাত্যৈ স্তথৈবচ।
সুদীর্ঘেণাপি কালেন তেষাং সিধ্যতি তত্তু ন॥
ইতি বৃহস্পতিঃ।

এই অস্বামিক বস্তুতে, জামাতা, শ্রোত্রিয়, অমাত্যবর্গ কি রাজা কাহারও অধিকার নাই। কারণ তাঁহারা দীর্ঘকাল ভোগ করিলেও প্রোষিত ব্যক্তির বংশ আগত মাত্রই তাহার অংশ তাহাকে দিতে হইবে। তাহার স্বত্ব দীর্ঘকাল ভোগজন্য ক্ষয় হয় না।

অনাগমঞ্চ যদ্ভুক্তং পিত্রা পূর্ব্বতরৈ স্ত্রিভিঃ।
নতচ্ছক্যমপাকর্ত্তুং ক্রমাত্রিপুরুষাগতং॥ ইতি নারদঃ।

যদি অনাগত ধনে পিতা পিতামহ ও প্রপিতামহের ক্রমে ভোগ থাকে তবে ঐ ধনে তাহারই স্বত্ব থাকিবে, পূর্ব্বাধিকারী ঐ স্বত্ব নষ্ট করিতে পারিবে না। কারণ ক্রমে ক্রমে তাহারা তিন-পুরুষ পর্য্যন্ত ভোগ করিয়াছে। ত্রৈপুরুষী ভোগের কাল ৬০ বৎসর তাহার নিয়ম এই। যথা,—

বর্ষাণি বিংশিং ভুক্ত্বা স্বামিনা ব্যাহতাসতী।
ভুক্তিঃ সা পৌরুষী ভুমে দ্বিগুণা চ দ্বিপৌরুষী॥
ত্রিপৌরুষী চ ত্রিগুণা ন তত্রান্বেষ্য আগমঃ।
ইতি ব্যাসঃ।

প্রপিতামহ (২০) বৎসর অবাধে ভোগ করিয়াছেন তাহার পর পিতামহ (২০) বৎসর ও পিতা (২০) বৎসর ভোগ করিয়াছেন, এই প্রকার ভোগের নাম ত্রৈপুরুষী ভোগ। ইহাতে লেখ্য বা সাক্ষীর অপেক্ষা করে না, ভোগই প্রমাণ স্বরূপ, যদি কোন ব্যক্তি "আমি এই বিষয়ের পূর্ব্ব স্বামী" এই বলিয়া আপত্তি উত্থাপন করেন তাহা তাঁহার গণ্য হইবে না। যাঁহার ত্রৈপুরুষী ভোগ প্রমাণ হইবে সেই ব্যক্তি সেই সম্পত্তির অধিকারী, ইহাতে সংশয় নাই।

যদি পূর্ব্বস্বামী পূর্ব্বোক্ত (৬০) বৎসরের মধ্যে আপত্তি না করেন তবে একপুরুষের ভোগেও সিদ্ধ হয়। কিন্তু সমক্ষে; বিদেশে অসমক্ষের প্রতি এরূপ ব্যবস্থা নহে। বিদেশস্থের পূর্ব্ব ব্যবস্থাই প্রমাণ সিদ্ধ।

অথ বিভাগকালে নিহ্নু তস্যপশ্চাদবগতস্য বিভাগঃ।

প্রচ্ছাদিতঞ্চ যদ্যেন পুনরাগত্য তৎ সমং।
ভজেরন্ ভ্রাতৃভিঃ সার্দ্ধমভাবেপি পিতুঃ সুতাঃ॥
অন্যোন্যাপহৃতং দ্রব্যং দুর্ব্বিভক্তঞ্চ যৎ ভবেৎ।
পশ্চাৎ প্রাপ্তং বিভজ্যেত সমভাগেন তদ্ভৃগুঃ॥
ইতি কাত্যায়নঃ।

পিতৃধন বিভাগ কালে কোন অংশী কোন ধন গোপন করিয়াছিল, পরে তাহা অন্য অংশী কর্ত্তৃক প্রকাশিত হইলে সকলেই তাহা সমানাংশ করিয়া লইবে। যদি কোন ভ্রাতা সে সময়ে বিদ্যমান না থাকেন তবে ঐ মৃত ব্যক্তির পুত্ত্রেরা অন্য পিতৃব্যের সমানাংশ পাইবেন। আর অন্য কর্ত্তৃক অপহৃত দ্রব্য ও যে ধন বিভাগ কালে সম বা বিষম ভাগে বিভক্ত হইয়াছিল সেই সমুদায় সেই সময়ে সমানাংশ করিয়া লইতে পারিবে। আর ভাগী ব্যক্তি সে ধন লুক্কায়িত রাখিয়াছিল বলিয়া তাহাকে চোর বলা যায় না, কারণ তাহাতে তাহারও স্বত্ব আছে। ভ্রাতাদিগের মধ্যে যে ব্যক্তি ধন অপহরণ করিয়াছিল যদি সে বহুপরিবার প্রতিপালন জন্য সেই ধনের কিয়দংশ ভোগ করিয়া থাকে তবে তাহার নিকট সেই ধনের উপস্বত্ব গ্রহণ করিবে না। আর তাহার নিকট বলপূর্ব্বক না লইয়া রাজা প্রীতিপূর্ব্বক দেওয়াইবেন। প্রমাণং যথা,—

বন্ধুনাপহৃতং দ্রব্যং বলান্নৈব প্রদাপয়েৎ।
বন্ধুনামবিভক্তানাং ভোগং নৈব প্রদাপয়েৎ॥
ইতি কাত্যায়নঃ।

অথ স্ত্রীধন বিচারঃ।

প্রাপ্তং শিল্পৈস্তু যদ্বিত্তং প্রীত্যা চৈব যদন্যতঃ।
ভর্ত্তুঃ স্বাম্যং ভবেত্তত্র শেষঞ্চ স্ত্রীধনং স্মৃতং॥
ইতি কাত্যায়নঃ।

স্ত্রীলোক যদি নিজ শিল্পনৈপুণ্য বশতঃ বা পিতৃ মাতৃ ভর্ত্তৃকুল ভিন্ন অপর কোন স্থান হইতে যে ধন লাভ করে সে ধনে তাহার অধিকার না হইয়া তাহার স্বামীর হইবে। এতদ্ব্যতিরিক্ত যাহা, তাহা স্ত্রীধন মধ্যে গণনীয়।

পত্যৌ জীবতি যঃ কশ্চিদলঙ্কারো ধৃতো ভবেৎ।
ন তং ভজেরন্ দায়াদা ভজমানাঃ পতন্তিতে॥
ইতি মনুসংহিতা।

পতি জীবিত থাকিতে থাকিতে পতিকুল হইতে যে অলঙ্কার দত্ত হইয়াছে, এবং পতি কর্ত্তৃক যাহা দত্ত হইয়াছে সে সমস্ত অলঙ্কারাদিতে সে স্ত্রীর অধিকার। যদি দায়াদগণ সেই ধন অংশ করিয়া গ্রহণ করেন তবে পতিত অর্থাৎ নরকগামী হইবেন।

ঊঢ়য়া কন্যয়া বাপি পত্যুঃ পিতৃগৃহেঽথবা।
ভর্ত্তুঃ সকাশাৎ পিত্রোর্ব্বা লব্ধঃ সৌদায়িকং স্মৃতং।
সৌদায়িকং ধনং প্রাপ্য স্ত্রীণাং স্বাতন্ত্র্যমিষ্যতে।
যস্মাত্তদানৃশংস্যার্থং তৈর্দত্তং তৎপ্রজীবনং।
সৌদায়িকে সদা স্ত্রীণাং স্বাতন্ত্র্যং পরিকীর্ত্তিতং।
বিক্রয়েচৈব দানেচ যথেষ্টং স্থাবরেষ্বপি॥
ইতি কাত্যায়নঃ।

ঊঢ়া কন্যা পিতৃগৃহে পিতা মাতার নিকট অথবা বিবাহিতা কন্যা বিবাহকালে পিতার নিকট ও পরে স্বামীর স্থাবর অস্থাবর যাহা কিছু প্রাপ্ত হয় তাহার নাম সৌদায়িক সেই সৌদায়িক ধনে স্ত্রীর সম্পূর্ণ ক্ষমতা আছে, তাহার দান বিক্রয় স্ত্রী স্বেচ্ছামতে করিতে পারিবে, কিন্তু স্বামীর পৈতৃক স্থাবর সম্পত্তি বিক্রয় বা দান না করিয়া অবাধে ভোগ করিতে পারিবে। প্রমাণং যথা—

ভর্ত্রাপি তেন যদ্দত্তং স্ত্রিয়ৈ তস্মিন্ মৃতেঽপি তৎ।
সা যথাকামমশ্নীয়াৎ দদ্যাদ্বা স্থাবরাদৃতে॥
ইতি নারদঃ।

স্বামী আহ্লাদিত হইয়া স্ত্রীকে স্থাবর ইত্যাদি যাহা কিছু দান করেন তাহা সেই স্ত্রী স্বামীর মৃত্যুর পর দান বিক্রয় করিতে পারে না। আর সে যথা ইচ্ছা স্থাবরাদি দ্বারা অশনাদি নির্ব্বাহ করিতে পারে কিন্তু বিক্রয়াদি করিতে কখনই পারিবে না।

দুর্ভিক্ষে ধর্ম্মকার্য্যেচ ব্যাধৌ সম্প্রতিরোধকে।
গৃহীতং স্ত্রীধনং ভর্ত্তা কামোদাতু মর্হতি॥
ইতি যাজ্ঞ্যবল্কঃ।

দুর্ভিক্ষে কুটুম্বাদির প্রতিপালন জন্য, ধর্ম্ম কর্ম্ম করণ নিমিত্ত, বা রোগ শান্তির নিমিত্ত বা উত্তমর্ণ অর্থাৎ ঋণদাতার ঋণ পরিশোধ জন্য স্ত্রীর নিকট স্বামী ধন লইয়া পরিশোধ না করিলে তাহাতে তাঁহাকে পাপার্হ হইতে হয় না, তদ্ভিন্ন লইলে পাতকী হইতে হয়।

অথ স্ত্রীধনাধিকারিণঃ।

সামান্যং পুত্রকন্যানাং মৃতায়াং স্ত্রীধনং স্ত্রীয়াং।
অপ্রজায়াং হরেদ্ভর্ত্তা মাতা ভ্রাতা পিতাপি বা॥
ইতি দেবলঃ।

সামান্যতঃ মাতার মরণান্তে মাতা স্ত্রীধনে পুত্র ও অবিবাহিতা কন্যার এককালে অধিকার হয়। ইংদের দুয়ের মধ্যে একের অভাবে একজনের অধিকার হয়। উভয়ের অভাবে অর্থাৎ পুত্র ও অবিবাহিতা কন্যা না থাকিলে পুত্রসম্ভাবিতা কন্যার, তাহার অভাবে পুত্রবতী কন্যার, তদভাবে পিতার অধিকার. তদভাবে ক্রমান্বয়ে মাতা পিতা ও ভ্রাতার অধিকার হয়, ইহা দেবল কহিয়াছেন।

এইস্থলে নারদ কহিয়াছেন যে, পুত্র কন্যার অভাবে পৌত্র অধিকারী, তদভাবে দৌহিত্র, প্রমাণ—(দৌহিত্রোপি হ্যমুত্রৈনং

সন্তারয়তি পৌত্রবৎ) তদভাবে প্রপৌত্র, তদভাবে সপত্নীপুত্র, তদভাবে সপত্নীপৌত্র, তদভাবে সপত্নীপ্রপৌত্র,তদভাবে বন্ধ্যা বিধবা কন্যা, তদভাবে পতির অধিকার * কিন্তু এই স্থলে বিধবা কন্যার অভাবে পিতৃ মাতৃ দত্তধনে পতি অধিকারী না হইয়া ভ্রাতা অধিকারী হইবে। আর পতিদত্ত ধনে পূর্ব্বোক্ত উত্তরাধিকারীদের অভাবে পতিই অধিকারী, পিতৃ মাতৃ দত্ত ধনে প্রথমতঃ ভ্রাতার অধিকার হয়। প্রমাণং যথা,—

পিতৃভ্যাং চৈব যদ্দত্তং দুহিতুঃ স্থাবরং ধনং।
অপ্রজায়ামতীতায়াং ভ্রাতৃগামীচ সর্ব্বদা॥
ইতি বৃদ্ধকাত্যায়নঃ।

মাতুঃ পরিণয়কাল লব্ধেতু পুত্র সত্ত্বেপি ক্রমেনানূঢ়া দুহিতুরেবাধিকারঃ। প্রমাণং যথা—'মাতুঃ পরিণায্যং স্ত্রীয়োবিভজেরন্ ইতি বশিষ্ঠোক্তেঃ। স্ত্রীধনং দুহিতৃণামপ্রদত্তানা মপ্রতিষ্ঠিতানাঞ্চেতি গোতম বচনে প্রথম মপ্রদত্তানা মবাগ্দত্তানাং তদভবে প্রতিষ্ঠিতানাং বাগ্দত্তানাং তদভাবেচ সমুচ্ছিত্তানাং সমূঢ়ানাং দুহিতৃণামিতি স্মার্ত্তঃ'।

দুহিতৃণামভাবেতু রিক্থং পুত্রেষু তদ্ভবেৎ। ইতি মনুঃ।

পূর্ব্বোক্ত সকল প্রকার দুহিতার অভাবে মাতার স্ত্রীধনে পুত্রের অধিকার হয়।

ব্রাহ্মদৈবার্ষ গান্ধর্ব্ব প্রাজাপত্যেষু যদ্বসু।
অপ্রজায়া মতীতায়াং ভর্ত্তুরেব তদিষ্যতে॥
মনুসংহিতার নবম অধ্যায় ১৯৬ শ্লোক।

পুত্রের অভাবে মাতার ব্রাহ্ম, দৈব, আর্ষ, গান্ধর্ব্ব ও প্রাজাপত্য এই পাঁচ প্রকার বিবাহকালী লব্ধ স্ত্রীধন পিতা প্রাপ্ত হইবেন।

* এতচ্চ ন পিতৃ মাতৃ দত্ত ধন বিষয়ং।

যত্তস্যাঃ স্যাদ্ধনং দত্তং বিবাহেম্বাসুরাদিষু।
অপ্রজায়া মতীতায়াং মাতাপিত্রোস্তদিষ্যতে॥

ইতি মনুসংহিতার ৮ অধ্যায়ে ১৯৭ শ্লোক।

আসুর, রাক্ষস ও পৈশাচ এই ত্রিবিধ বিবাহ কালে লব্ধ ধন পুত্রেরা, তদভাবে মাতা, তদভাবে পিতা পাইবেন।

ঋক্থং মৃতায়াঃ কন্যায়া গৃহ্নীয়ুঃ সোদরাঃ স্বয়ং।
তদভাবে ভবেন্মাতু স্তদভাবে ভবেৎ পিতুঃ॥

ইতি বৌধায়নঃ।

অবিবাহিতা কন্যার স্ত্রীধন তাহার অনূঢ়াবস্থায় মৃত্যু হইলে তাহার ভ্রাতার অধিকার হইবে। ভ্রাতার অভাবে মাতার এবং মাতার অভাবে পিতার অধিকার হইবে।

উপসংহার কালে ইহাও বক্তব্য যে, দেবলোক্ত অধিকারীর অর্থাৎ ভর্ত্তা ও পিতার অভাব হইলে ভগিনীপুত্র, ভর্ত্তৃভাগিনেয় স্বামীর জ্যেষ্ঠ ভ্রাতুষ্পুত্র, স্বামীর কনিষ্ঠ ভ্রাতুষ্পুত্র, তদভাবে নিজ ভ্রাতুষ্পুত্র, তাহার পর জামাতা, দেবর ও শ্বশুরাদির অধিকার হয়। কারণ ইহারা ক্রমান্বয়ে পিণ্ডাধিকারী অর্থাৎ উক্ত মৃতা স্ত্রীর পিণ্ড দানাদি করিতে পারে। তাহার পর (পিণ্ডদোংশহরোহভবেৎ) এই জন্য যে সেই কুলের পিণ্ডদাতা সে সেই স্ত্রীধনে অধিকারী। তাহার পর অন্য সপিণ্ড বা জ্ঞাতিবর্গের অধিকার। এই ব্যবস্থানুসারে ক্রমে ক্রমে স্ত্রীধনের ব্যবস্থা হয়।

ইতি স্ত্রীধনাধিকার ব্যবস্থা।

অথ পুত্রধনাধিকারঃ।

অপুত্রা শয়নং ভর্ত্তুঃ পালয়ন্তী ব্রতেস্থিতাঃ।
ভুঞ্জীতা মরণাৎ ক্ষান্তা দায়াদ ঊর্দ্ধমাপ্নুয়ুঃ॥

স্ত্রীণাং স্বপতিদায়স্তু উপভোগঃ ফলঃ স্মৃতঃ।
নাপহারং স্ত্রিয়ঃ কুর্য্যঃ পতিদায়াৎ কথঞ্চন ।।

ইতি কাত্যায়নঃ।

প্রপৌত্রপর্য্যন্ত রহিত হইয়া ধনস্বামীর মৃত্যু হইলে তাহার স্ত্রী সেই বিষয় আমরণান্ত ভোগ করিবে। অনন্তর তাহার মরণ হইলে, ঐ ধন অন্য দায়াদগণ পাইবে। কিন্তু স্ত্রী ধন দান বিক্রয়াদি করিতে পারে না। কেবল সেই বিষয়ের লাভাংশ মাত্র ভোগ করিবে। কিম্বা যদি তাঁহার শরীর রক্ষা না হয়, তবে স্বীয় শরীরের রক্ষার্থ বা স্বামীর স্বর্গার্থে কিঞ্চিদ্দান ও বিক্রয় করিতে পারেন। তাঁহার মরণান্তর সেই ধনে কুমারী কন্যা ও বাগ্‌দত্তা কন্যার অধিকার হয়। তদভাবে ঊঢ়া পুত্রবতী ও সম্ভাবিতা পুত্রবতীর অধিকার হয়। ইহাদের অভাবে দৌহিত্র, তদভাবে পিতার, তদভাবে মাতার, তৎপরে ভ্রাতাদিগের অধিকার হয়। তাহাদের মধ্যে প্রথমতঃ সোদর ভ্রাতা, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতা। সোদর ভ্রাতাদিগের মধ্যে অগ্রে সংসৃষ্টসহোদর তদভাবে অসংসৃষ্ট সহোদর। বৈমাত্রেয় ভ্রাতাদিগের মধ্যে প্রথমতঃ সংসৃষ্ট বৈমাত্রেয়ের অধিকার, তদভাবে অসংসৃষ্টবৈমাত্রেয়ের অধিকার এবং যেখানে সংসৃষ্টবৈমাত্রেয়ের অসংসৃষ্ট সহোদর থাকে, সেখানে উভয়ের তুল্য অধিকার হয়। তাহাদের অভাবে ভ্রাতৃপুত্রদিগের অধিকার, তন্মধ্যে প্রথমতঃ সোদর ভ্রাতৃপুত্র, তদভাবে বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র। সোদরভ্রাতৃপুত্রদিগের মধ্যে অগ্রে সংসৃষ্টসোদরভ্রাতৃপুত্র, তদভাবে অসংসৃষ্ট সোদর ভ্রাতৃপুত্র। বৈমাত্রেয় ভ্রাতৃপুত্রদিগের মধ্যে প্রথমতঃ সংসৃষ্ট বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র, তদভাবে অসংসৃষ্ট বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র কিন্তু যদি সংসৃষ্ট বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র ও অসংসৃষ্ট সোদর ভ্রাতৃপুত্র থাকে তবে উভয়ের তুল্যাধিকার হয়। তদভাবে ভ্রাতৃ পৌত্রদিগের এই রূপ অধিকার হয়। প্রমাণং যথা—

সংসৃষ্টিনস্তু সংসৃষ্টী সোদরস্য তু সোদরঃ।
দদ্যাচ্চাপহরেদংশং জাতস্য চ মৃতস্য চ।।

অন্যোদর্য্যস্তু সংসৃষ্টী নান্যোদর্য্যোধনং হরেৎ।
অসংসৃষ্ট্যপি চা দদ্যাৎ সংসৃষ্টোনান্যমাতৃজঃ॥

সংসৃষ্টিনমাহ বৃহস্পতিঃ।

বিভক্তোয়ঃ পুনঃ পিত্রা ভ্রাতা চৈকত্র সংস্থিতঃ।
পিতৃব্যেনাথবা প্রীত্যা সতু সংসৃষ্ট উচ্যতে॥

যদি স্নেহপ্রযুক্ত পিতা, পুত্র, ভ্রাতা পিতৃব্য ও ভ্রাতৃপুত্র বিভক্ত হইয়া পুনর্ব্বার একত্র অবস্থান করেন তবে তাহার নাম সংসৃষ্ট এবং এই প্রকার অবস্থিতের নাম সংসৃষ্টী। তাহার পর পূর্ব্বোক্ত ধনাধিকারীর অভাবে এই নিম্নলিখিত প্রকারে সেই ধন নিম্নলিখিত ব্যক্তিদের অধিকার হয়।

পিতৃ দৌহিত্রের অধিকার তন্মধ্যে প্রথমতঃ,—
সহোদর ভগিনীপুত্র।
বৈমাত্রেয় ভগিনীপুত্র।
পিতামহ।
পিতামহী।
তদভাবে পিতার সহোদর ভ্রাতা।
পিতার বৈমাত্রেয় ভ্রাতা।
পিতৃসহোদরের পুত্র।
পিতৃবৈমাত্রেয়ের পুত্র ও পৌত্রাদি।
পিতার সহোদরা ভগিনীপুত্র।
পিতার বৈমাত্রেয় ভগিনীপুত্র।
তদভাবে প্রপিতামহ।
প্রপিতামহী।
পিতামহের সোদর ও বৈমাত্র ভ্রাতা।
পিতামহের সহোদর ভ্রাতা।
পিতামহের বৈমাত্রেয় ভ্রাতা।
প্রপিতামহের বৈমাত্রেয় ভ্রাতৃপুত্র পৌত্রাদি।
পিতামহের বৈমাত্রেয় সোদর ও বৈমাত্রেয় ভ্রাতা।
প্রপিতামহের সহোদর ভ্রাতার পুত্র।

পিতামহের বৈমাত্রেয় ভ্রাতার পুত্র।
প্রপিতামহের দৌহিত্রাদিক্রমে।
তদভাবে ধনস্বামীর মাতামহ।
তদভাবে মাতুল।
তদভাবে মাতুলপুত্র।
তদভাবে মাতৃস্বসৃপুত্র।
তদভাবে মাতুল পৌত্র।
তদভাবে বৃদ্ধপ্রপৌত্র পর্য্যন্ত।
তদভাবে বৃদ্ধপ্রপিতামহাদির ক্রমে অধিকার।
ইহাদের অভাবে সমানোদক।
তদভাবে আচার্য্য।
তদভাবে শিষ্য। *
তদভাবে সহাধ্যায়ী।
তদভাবে এক সঙ্গে বেদাধ্যায়ী ব্রহ্মচারী। প্রমাণং যথা—

পত্নীদুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা।
তৎসুতো গোত্রজোবন্ধুঃ শিষ্যঃ স ব্রহ্মচারিণঃ।
এষামভাবে পূর্ব্বস্য ধনভাগুত্তরোত্তর॥
ইতি যাজ্ঞবল্কঃ।

ইহাদের অভাবে একগ্রামবাসী সগোত্রীয় ব্যক্তির অধিকার তাহার পর ব্রাহ্মণের, তাহার পর রাজার, কারণ অস্বামীক ধনে রাজার অধিকার। প্রমাণং যথা,—

ব্রাহ্মণ ধনবর্জ্জ্যং রাজগামীতি। বিষ্ণুসূত্রং।
ইতি দায়ভাগ ব্যবস্থা সমাপ্তঃ।

---

* যাহাকে ধনস্বামী বেদপাঠ করাইয়াছিলেন, অর্থাৎ ধনস্বামীর নিকটে যে বেদাধ্যয়ন করিয়াছিল এরূপ শিষ্য। এখানে মন্ত্রদানকৃত শিষ্য নহে।

তিথিকৃত্য ব্যবস্থা।

অথ তিথি শব্দের অর্থ।

অমাবস্যা হইতে পৌর্ণমাসী পর্য্যন্ত ও পৌর্ণমাসী হইতে অমাবস্যা পর্য্যন্ত শশিকলা ক্রিয়ার নাম তিথি। প্রমাণং।—

অমাষোড়শ ভাগেন দেবি প্রোক্তা মহাকলা।
সংস্থিতা পরমামায়া দেহিনাং দেহধারিণী।
অমাদি পৌর্ণমাস্যান্তা যা এব শশিনঃ কলাঃ।
তিথয়স্তাঃ সমাখ্যাতাঃ ষোড়শৈব বরাননে।
হেমাদ্রিকালমাধবীয়য়োঃ স্কান্ধে প্রভাসখণ্ডং।

এবম্ভূত তিথি দুইভাগে বিভক্ত,যথা ;—শুক্লা ও কৃষ্ণা,অমাবস্যার পর প্রতিপদ হইতে পূর্ণিমাপর্য্যন্ত পঞ্চদশ তিথিকে শুক্লা এবং পূর্ণিমার পর প্রতিপদ হইতে অমাবস্যাপর্য্যন্ত পঞ্চদশ তিথিকে কৃষ্ণা বলে। এই পঞ্চদশ দিবসে এক এক পক্ষ হয়। এই প্রকার ভেদে চন্দ্রের হ্রাস বৃদ্ধি দ্বারা হইয়া থাকে। স্মার্ত্তভট্টাচার্য্য এইরূপ লিখিয়াছেন (চন্দ্র বৃদ্ধিকরঃ শুক্লঃ কৃষ্ণশ্চন্দ্র ক্ষয়াত্মক) যে পঞ্চদশ দিবসে চন্দ্রবৃদ্ধি হয়, তাহাকে শুক্লা ও যে পঞ্চদশ দিবসে চন্দ্রের হ্রাস হয়, তাহাকে কৃষ্ণপক্ষ বলে। চান্দ্রমাসে প্রথমে শুক্ল পরে কৃষ্ণ ব্যবহৃত হয়। সকল তিথিই প্রায় ষাইট দণ্ড পরিমাণ হয়।

ষষ্টিদণ্ডাত্মিকাতিথি স্বরূপমাহ রাজমার্ত্তণ্ডে।
অর্কাদ্বিনিসৃতঃপ্রাচীং যদ্যাত্যহরহঃ শশী।
ভাগৈর্দ্বাদশভিস্তৎ স্যাত্তিথিশ্চান্দ্রমসং দিনং।

ত্রিংশাংশকস্তথারাশের্ভাগইত্যভিধীয়তে।
রাশিরত্র সমাখ্যাতা পঞ্চাদশধিকং শতং॥

সূর্য্যমণ্ডল হইতে বিনিসৃত হইয়া চন্দ্র যে ত্রিংশদ্ভাগাত্মক রাশির দ্বাদশভাগ গমন করেন, তাহাই এক এক তিথি। রাশির পরিমাণ ১৫০ দণ্ড সুতরাং তাহার ত্রিংশদ্ভাগের দ্বাদশ ভাগে ৬০ দণ্ড হইল।

অথ জন্মতিথি ব্যবস্থা।

প্রতি বৎসরই জন্মতিথিতে জন্মতিথির ও জন্মনক্ষত্রের পূজা করিতে হয়। কিন্তু যদি তাহাতে মলমাস পতিত হয়, তবে মলমাসে করিবে না, পরে শুদ্ধমাসে করিবে। জন্মতিথি পূজায় গৌণচান্দ্র মাস উল্লেখ করিবে। জন্ম তিথি দিবসে স্নান ও শুচি হইয়া এই সকল দেবতার পূজা করিবে। তদ্যথা,—

গুরুদেবাগ্নি বিপ্রাশ্চ পূজনীয়াঃ প্রযত্নতঃ।
স্বনক্ষত্রঞ্চ পিতরৌ তথা দেবঃ প্রজাপতিঃ॥
প্রতি সম্বৎসরঞ্চৈব কর্ত্তব্যশ্চ মহোৎসব॥ ইতি ব্রহ্মপুরাণং।

জন্মতিথি প্রাপ্তে গুরু, দেবতা, অগ্নি, ব্রাহ্মণ, স্বনক্ষত্র, পিতা, মাতা ও ব্রহ্মার পূজা করিবেক এবং তজ্জন্য মহোৎসব ও ব্রাহ্মণ ভোজনাদি করাইবে। জন্মতিথিতে ষট্‌তিলী হওয়া কর্ত্তব্য অর্থাৎ তিলোদ্বর্ত্তন, তিলোদকে স্নান, তিলদ্বারা হোম, তিলদান, তিল ভোজন ও তিল বপন করিবে। প্রমাণং যথা—

তিলোদ্বর্ত্তী তিলস্নায়ী তিলহোমী তিলপ্রদঃ।
তিলভুক্ তিলবাপী চ ষট্‌তিলী নাবসীদতি। ইতি স্মার্ত্তঃ।

জন্মতিথিতে সপ্তচিরজীবীর পূজা করিয়া ষষ্ঠী মার্কণ্ডেয়ের পূজা করিবে।

সপ্তচিরজীবী যথা।—

ততোদীর্ঘায়ুষং ব্যাসং রামং দ্রৌণিং কৃপং বলিং।
প্রহ্লাদঞ্চ হনূমন্তং বিভীষণমথার্চ্চয়েৎ॥ ইতি কাত্যায়নঃ।

ব্যাস, পরশুরাম, অশ্বত্থামা, কৃপ, বলি, প্রহ্লাদ, হনুমান ও বিভীষণ ইহাঁরা চিরজীবী; ইহাঁদের অর্চ্চনা করিবে। আর ষষ্ঠী ও মার্কণ্ডেয়ের পূজা করিয়া মার্কণ্ডেয়ের নিকট এই প্রার্থনা করিবে।

চিরজীবী যথা ত্বং ভো ভবিষ্যামি তথা মুনে।
রূপবান্ বিত্তবাংশ্চৈব শ্রিয়াযুক্তশ্চ সর্ব্বদা॥
মার্কণ্ডেয় মহাভাগ সপ্তকল্পান্ত জীবীন।
আয়ুরিষ্টার্থসিদ্ধ্যর্থ মস্মাকং বরদোভব॥

যদি জন্মনক্ষত্র স্মরণ না হয় তবে (স্বনক্ষত্রায় নম) এই রূপ উল্লেখ করিয়া পাদ্যাদি দ্বারা পূজা করিবে। সামান্যতঃ পূজার এই রূপ বিধি, যথা স্নানান্তর প্রথমতঃ বিষ্ণুপূজা ও পরে সঙ্কল্প করিয়া উক্ত পূজ্য সকলের পূজা করিবে। বিষ্ণুপূজা ব্যতিরেকে কোন পূজার ফললাভ হয় না। প্রমাণং।—

সর্ব্বমঙ্গল মঙ্গল্যং বরেণ্যং বরদং শুভং।
নারায়ণং নমস্কৃত্য সর্ব্বকর্ম্মাণি কারয়েৎ॥

তাহার পর পূজিত দেবতাদিগের পূজাকরণান্তে হোম করিবে, হোমের সংখ্যা অর্থাৎ আহুতি অন্ততঃ অষ্টোত্তরশত দান করা বিধেয়, কারণ অষ্টোত্তরশত ব্যতীত হোম প্রসিদ্ধ নহে, অশক্তে যথাশক্তি করিলেও দোষ নাই। প্রমাণং দেবীপুরাণং।—

হোমগ্রহাদি পূজায়াং শতমষ্টোত্তরং ভবেৎ।
অষ্টাবিংশতি রষ্টৌ বা যথাশক্তি বিধীয়তে॥

তৎপরে দক্ষিণান্ত ও ব্রাহ্মণভোজনাদি করাইয়া বিহিত কর্ম্ম অর্থাৎ জন্মতিথি পূজাঙ্গীভূত সজীবমৎস্য জলে ত্যাগ ও দরিদ্র-দিগকে যথাশক্তি দান করিবে। আর সেই দিবস আমোদ প্রমোদ দ্বারা অতিবাহিত করিবে।

জন্মতিথি দিবসে কেশ ছেদনাদি ক্ষৌরকর্ম্ম, দূরগমন, মৈথুন, আমিষ ভক্ষণ, বিবাদ ও হিংসা করিবে না অর্থাৎ এই সকল কর্ম্ম পরিত্যাগ করিবে। প্রমাণং স্কন্দপুরাণে।—

খণ্ডনং নখকেশানাং মৈথুনাধ্যানমেব চ।
আমিষং কলহং হিংসা বর্ষবৃদ্ধৌ বিবর্জ্জয়েৎ ॥

এ স্থলে বর্ষবৃদ্ধি শব্দের অর্থ জন্মদিন। আর আধ্যান শব্দার্থ দূরগমন।

অন্যচ্চ জ্যোতিষে।

স্নাত্বাজন্মদিনেস্ত্রিয়ং পরিহরন্ প্রাপ্নোত্যভিষ্টাংশ্রিয়ং।
মৎস্যান্মোচয়তো দ্বিজায় দদতো প্যায়ুশ্চিরং বর্দ্ধতে।
শক্তূন্ খাদতি যস্তু তস্যরিপবো নাশং প্রয়ান্তি ধ্রুবং।
ভুঙ্‌ক্তে যস্তু নিরামিষং স হি ভবেৎ জন্মান্তরে পণ্ডিতঃ।

জন্মদিনে স্ত্রীসঙ্গ না করিলে অভীষ্ট ফললাভ, মৎস্য জলে ছাড়িয়া দিলে কি ব্রাহ্মণকে দান করিলে আয়ুর্বৃদ্ধি, শক্তু অর্থাৎ ছাতু ভক্ষণ করিলে শত্রুনাশ ও নিরামিষ ভক্ষণ করিলে জন্মান্তরে পণ্ডিত হয়।

যাহার জন্মতিথি শনি বা মঙ্গলবারে পতিত হয় এবং জন্ম-নক্ষত্রের সহিত যোগ না থাকে তাহার সে বৎসর পদে পদে বিপদ ঘটে। তাহার প্রতিকার জন্য সর্ব্বৌষধি জলে স্নান ও গ্রহদিগের উদ্দেশে গ্রহবিপ্রকে দান ও গ্রহের অর্চ্চন ও তদুদ্দেশে হোমাদি করিবে। যদি নক্ষত্র যোগ না হয় তবে স্বর্ণ ও অশুভ বারযোগে মুক্তা দান করিবে। প্রমাণং।—

কৃতান্তকুজয়োর্ব্বারে যস্য জন্মদিনং ভবেৎ।
অনৃক্ষযোগসংপ্রাপ্তে বিঘ্নস্তস্য পদে পদে।
তস্য সর্ব্বৌষধিস্নানং গ্রহবিপ্রসুরার্চ্চনং।
সৌরারয়োর্দ্দিনেমুক্তা দেয়ানৃক্ষে চ কাঞ্চনং।।
ইতি দিপীকায়াং।

মুরামাংসীবচাকুষ্ঠং শৈলেয়ং রজনীদ্বয়ং।
শঠীচম্পক মুস্তঞ্চ সর্ব্বৌষধি গণঃস্মৃতঃ ॥
আয়ুর্ব্বেদোক্ত পরিভাষা।

পুষ্ট ও বহু বিত্তশালী হয়। আর এইরূপ পূজা করিয়া রাত্রি জাগরণ করিবে।

এই প্রতিপৎকে কেহ দ্যূতপ্রতিপৎ কহেন তৎপ্রমাণং।—

শঙ্করশ্চ পুরাদ্যূতং সসর্জ্জ সুমনোহরং।
কার্ত্তিকে শুক্লপক্ষেতু প্রথমেহহনি ভূপতে।
জিতশ্চ শঙ্করস্তত্র জয়ং লেভেচ পার্ব্বতী।
অতোহর্থাচ্ছঙ্করো দুঃখী গৌরীনিত্যং সুখোষিতাঃ।
তস্মাৎ দ্যূতং প্রকর্ত্তব্যং প্রভাতে তত্র মানবৈঃ।
তস্মিন্ দ্যূতে জয়ো যস্য তস্য সংবৎসরঃ শুভঃ।
পরাজয়োবিরুদ্ধস্তু লব্ধনাশকরো ভবেদিতি। ব্রহ্মপুরাণং।

কার্ত্তিকের প্রথম দিবসে অর্থাৎ শুক্লা প্রতিপাদ্দিবসে হরগৌরী দ্যূত ক্রীড়া করিয়াছিলেন। এই নিমিত্ত দ্যূতপ্রতিপৎ কহে, সেই ক্রীড়াতে শঙ্কর পরাজয় ও শঙ্করী জয়লাভ করিয়াছিলেন বলিয়া শিব দুঃখী ও দুর্গা সুখী হইয়াছেন। অধুনা মনুষ্য সকল উক্ত দিবসে দ্যূতক্রীড়া করিয়া থাকে, তাহাতে যাহার জয় তাহার সম্বৎসর জয় ও যাহার পরাজয় তাহার সম্বৎসর পরাজয় হয়। পরন্তু বৎসরের ফলাফল জানিবার জন্য উক্ত দিবসে দ্যূতক্রীড়া বিধেয়। আর ঐ তিথিতে যদি গঙ্গাস্নান ও দান করে তবে শতগুণ পুণ্য হয়। "স্নানং দানং শতগুণং কার্ত্তিকেহস্যাস্তিথৌ ভবেৎ।"

যদি অগ্রহায়ণ মাসের কৃষ্ণপক্ষের প্রতিপদ রোহিণী নক্ষত্রযুক্তা হয় এবং তাহাতে যদি গঙ্গাস্নান করে তবে শতসূর্য্যগ্রহণ কালীন গঙ্গাস্নানের ফল প্রাপ্ত হয়। প্রমাণং ভবিষ্যপুরাণে,—

রোহিণ্যাপ্রতিপদ্যুক্তা মার্গেমাসি সিতেতরা।
গঙ্গায়াং যদিলভ্যেত সূর্য্যগ্রহ শতৈঃ সমাঃ।

অন্যচ্চ।

নন্দাসুনাভ্যঙ্গমুপাচরেচ্চ, ক্ষৌরঞ্চরিক্তাসুজয়াসুমাংসং।
পূর্ণাসু যোষিৎ পরিবর্জ্জনীয়া ভদ্রাসুসর্ব্বাণি সমাচরেচ্চ।
বামনপুরাণং।

প্রতিপৎ, ষষ্ঠী, একাদশী, নন্দা। দ্বিতীয়া সপ্তমী দ্বাদশী ভদ্রা। তৃতীয়া অষ্টমী ত্রয়োদশী জয়া। চতুর্থী নবমী চতুর্দ্দশী রিক্তা। আর পঞ্চমী দশমী পূর্ণিমা ও অমাবস্যাতে পূর্ণা তিথি হয়। এই সকল তিথিতে অর্থাৎ নন্দাতে তৈল মর্দ্দন, ভদ্রাতে ক্ষৌর করণ, জয়াতে মাংস ভক্ষণ, পূর্ণাতে স্ত্রীসঙ্গ করণ নিষেধ, আর ভদ্রা তিথিতে উক্ত সর্ব্ব প্রকার কর্ম্ম করিতে পারে।

এতদ্ভিন্ন প্রতিপদাদি পঞ্চদশ তিথিতে যে দ্রব্য ভক্ষণ করিতে নিষেধ আছে তাহা পরে স্থান বিশেষে লিখিত হইবে।

অথ দ্বিতীয়া।

প্রতিপৎ সদ্বিতীয়াস্যাৎ দ্বিতীয়াপ্রতিপৎযুতা।
ইতি আপস্তম্বঃ।

যে দ্বিতীয়া প্রতিপৎ যুক্তা সেই দ্বিতীয়া গ্রাহ্যা। শুক্লা ও কৃষ্ণা ও উভয় পক্ষেই প্রসিদ্ধ। কিন্তু কেহ কেহ (পরযুক্তা গ্রাহ্যা) এই রূপ কহিয়া থাকেন।

উপবাস বিধিতে যে সকল তিথি আছে তাহার পরযুক্তা ও পূর্ব্ব-যুক্তা দুই প্রকার প্রভেদ আছে তাহা এই।—

দ্বিতীয়ৈকাদশীষষ্ঠী তথাচৈবাষ্টমী তিথিঃ।
বেধাদধস্তাদ্ধন্ন্যস্তা উপবাসে তিথিস্ত্বিমা। ইতনারদঃ।

দ্বিতীয়া, একাদশী, অষ্টমী, ত্রয়োদশী ও অমাবস্যা, ইহারা উপ-বাস বিধিতে পরযুক্তা গ্রাহ্যা নহে। পরন্তু ইহারা কৃষ্ণাতিথি স্থলে ঐ নিয়ম খাটিবে, শুক্লাতে নহে।

একাদশ্যষ্টমী ষষ্ঠী দ্বিতীয়া চ চতুর্দ্দশী।
ত্রয়োদশ্যাপ্যমাবস্যা উপোষ্যাঃ স্যুঃ পরান্বিতাঃ।
ইতি বিষ্ণুরহস্য।

মুরা, জটামাংসী, বচ, কুড়, শৈলজ, রজনীদ্বয় অর্থাৎ হরিদ্রা ও দারুহরিদ্রা, শঠী, চম্পক ও মুথা এই কয় প্রকার দ্রব্যমিশ্রিত জলকে সর্ব্বৌষধি জল কহে।

পূর্ব্বোক্ত দেবতা সকলের পূজা করিয়া স্বয়ং (অর্থাৎ যাহার জন্মতিথির পূজা হইতেছে) সে নিম্নলিখিত মন্ত্রপাঠপূর্ব্বক প্রার্থনা করিবে। তদ্‌যথা।—

ত্রৈলোক্য যানি ভূতানি স্থাবরাণি চরাণিচ।
ব্রহ্ম বিষ্ণু শিবৈঃ সার্দ্ধং রক্ষাং কুর্ব্বন্তু তানি মে॥
ইতি মৎস্যপুরাণং।

শূদ্র স্বয়ং এই মন্ত্র পাঠ করিবে না, তাহার মন্ত্র পাঠে অধিকার নাই, ব্রাহ্মণদ্বারা মন্ত্র পাঠ করাইলে তাহার পাঠের ফল হইবে। শূদ্র কেবল শ্রবণ করিবে, অধ্যয়ন করিবে না, তাহার প্রমাণ ভবিষ্য পুরাণে (শ্রোতব্য মিহ শূদ্রেণ নাধ্যেতব্যং কদাচন) এইরূপ লিখিত আছে। আর ব্রাহ্মণ কর্ত্তৃক পাঠকরণ বিষয়ে প্রমাণং যথা,—

অয়মেব বিধিপ্রোক্তঃ শূদ্রাণাং মন্ত্রবর্জ্জিতঃ।
অমন্ত্রস্থ তু শূদ্রস্য বিপ্রমন্ত্রেণ গৃহ্যতে॥
ইতি যোগি যাজ্ঞ্যবল্কঃ।

যদি জন্মতিথি উভয়দিনে প্রাপ্ত হয় অর্থাৎ দুই দিনেই পূর্ব্বাহ্নে উক্ত তিথি থাকে তবে উদয়গামিনী তিথিই গ্রাহ্য অর্থাৎ যে দিনে সূর্য্য উদয় আছে সেই দিনই জন্মতিথি পূজার বিধি, তাহাতে যুগ্মাদর নাই। প্রমাণং।—

যুগাদ্যা বর্ষবৃদ্ধিশ্চ সপ্তমী পার্ব্বতী প্রিয়া।
রবেরুদয়মীক্ষন্তে ন তত্র তিথি যুগ্মতেতি॥ দেবীপুরাণং।

যদি দুইদিনেই এক নক্ষত্র হয় অর্থাৎ জন্মনক্ষত্র দুইদিনই থাকে তাহা হইলেও উদয়যুক্ত নক্ষত্রই প্রশস্ত।

তন্নক্ষত্র মহোরাত্রং যস্মিন্নস্তং গতোরবিঃ।
যস্মিন্নূদেতি সবিতা তন্নক্ষত্রং দিনং স্মৃতং॥
ইতি বৌধায়ন মার্কণ্ডেয়ৌ।

যদি উভয় দিনে পূর্ব্বাহ্নে তিথি যোগ হয় কিন্তু পূর্ব্বদিনে নক্ষত্র যোগ আছে পরদিনে নক্ষত্রযোগ নাই এমন সময়ে পূর্ব্বদিনে জন্মতিথি কৃত্য হইবে। প্রমাণং যথা,—

ঘস্রদ্বয়ে জন্মতিথির্যদাস্যাৎ কুর্য্যাত্তদাজন্মভ সংযুতা চ।
অসঙ্গতাভেনদিনদ্বয়েঽপি পূজ্যাপরায়া ভবতীহ যত্নাৎ॥

ইতি জন্মতিথি ব্যবস্থা।

অথ প্রতিপৎ।

ত্রিসন্ধ্যা ব্যাপিনী যাতু সৈব পূজ্য সদা তিথিঃ।
ন তত্র যুগ্মাদরণমন্যত্র হরিবাসরাৎ। ইতি পরাশরঃ।

যে প্রতিপৎ ত্রিসন্ধ্যা ব্যাপিনী হয়, সেই প্রতিপৎই গ্রাহ্য, ইহাতে যুগ্মাদরতা অর্থাৎ দুই তিথির পূজ্যত্ব নাই, কেবল ত্রিসন্ধ্যা ব্যাপিনী যে তিথি সেই পূজ্য হয়, ইহা সর্ব্বত্রই, কেবল হরিবাসরে তাহার প্রকার ভেদ আছে।

দ্বিতীয়া পঞ্চমীমেধা দশমী চ ত্রয়োদশী।
চতুর্দ্দশী চোপবাসেহন্যুঃ পূর্ব্বোত্তরে তিথিঃ।
ইতি বৃহস্পতিঃ।

কৃষ্ণা প্রতিপৎ দ্বিতীয়াযুক্তা ও শুক্লা প্রতিপৎ অমাবস্যাযুক্তা আদরণীয়, কিন্তু উপবাস স্থলে এরূপ ব্যবস্থা নহে অর্থাৎ প্রতিপদ্দিবসে উপবাস করিলে কৃষ্ণাদ্বিতীয়াযুক্ত প্রতিপদে উপবাস করিবে।

বীরপ্রতিপদানাম তব ভাবী মহোৎসবঃ।
অত্র ত্বাং নরশার্দ্দূল হৃষ্টাঃ পুষ্টা সালঙ্কৃতাঃ।
পুষ্পদীপপ্রদানেন পূজয়িষ্যন্তি মানবাঃ।
বলিম্প্রতি ভগবদ্বাক্যং।

কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় প্রতিপদ্দিবসে বলিরাজার পূজা করিতে হয়। উক্ত দিবসে বলিরাজার পূজা করিলে মনুষ্য হৃষ্ট ও

শুক্লপক্ষীয় একাদশী, অষ্টমী, ষষ্ঠী, দ্বিতীয়া, চতুর্দ্দশী, ত্রয়োদশী ও অমাবস্যা ইহারা উপবাস বিধিতে পরযুক্তা গ্রাহ্যা।

আষাঢ়স্য সিতেপক্ষে দ্বিতীয়া পুষ্যসংযুতা।
তস্যাং রথে সমারোপ্য রামং মাং ভদ্রয়া সহ।
যত্রোৎসবং প্রকুর্ব্বীত প্রীণয়েচ্চ দ্বিজান্ বহূন্।
ঋক্ষাভাবে তিথৌকার্য্যা সদা সা প্রীতয়ে মম।
স্কন্দপুরাণং।

আষাঢ়ের শুক্লপক্ষীয় পুষ্যানক্ষত্র সংযুক্তা দ্বিতীয়াতে জগন্নাথ দেবের রথযাত্রা হইয়া থাকে। এই জন্য সেই দিনে যাত্রা মহোৎসব ও বহু ব্রাহ্মণ ভোজন করাইবে, যদ্যপি নক্ষত্রযুক্তা না হয় তথাপি তিথির মাহাত্ম্য জন্য উক্ত কর্ম্ম কর্ত্তব্য, তাহাতে ভগবানের অত্যন্ত প্রীতি হয়।

কার্ত্তিকেতু দ্বিতীয়ায়াং শুক্লায়াং ভ্রাতৃপূজনং।
যানি কুর্য্যাদ্বিনশ্যন্তি ভ্রাতরঃ সপ্তজন্মনি। লিঙ্গপুরাণং।

কার্ত্তিক মাসের শুক্লপক্ষীয় দ্বিতীয়াকে ভ্রাতৃদ্বিতীয়া কহে, ঐ দিবসে ভগিনীগণ ভ্রাতৃপূজা করিবে। না করিলে সপ্তজন্ম তাহার ভ্রাতা জীবিত থাকে না।

অথচ মহাভারতে।

কার্ত্তিকে শুক্লপক্ষে তু দ্বিতীয়ায়াং যুধিষ্ঠিরঃ।
যমো যমুনয়া পূর্ব্বং ভোজিতঃ স্বগৃহে স্বয়ং।
তস্মান্নিজগৃহে পার্থ ন ভোক্তব্য মতো বুধৈঃ।
যত্নেন ভগিনীহস্তাদ্ভোক্তব্যং পুষ্টিবর্দ্ধনং।
দানানিচ প্রদেয়ানি ভগিনীভ্যো বিশেষতঃ॥

হে যুধিষ্ঠির! কার্ত্তিকের শুক্লদ্বিতীয়াতে যম ও যমুনার পূজা করিতে হয়। হে পার্থ! পণ্ডিতেরা সেই দিনে স্ব গৃহে ভোজন করিতে নিষেধ করিয়া সযত্নে ভগিনীর হস্তে ভোজন করিতে কহিয়াছেন, এবং সেই দিনে ভগিনীর দান প্রতিগ্রহ ও ভগ্নিকে দান করিবে।

ভ্রাতস্তবানুজাতাহং ভুঙ্ক্ষ্ব ভক্তমিদং শুভং।
প্রীতয়ে যমরাজস্য যমুনায়া বিশেষতঃ।

ভগিনী উক্ত মন্ত্র বলিয়া ভ্রাতার হস্তে অন্ন প্রদান করিবে। যদি ভগিনী জ্যেষ্ঠা হয় তবে (ভ্রাতস্তবাগ্রজাতাহং) এই রূপ বলিবে।

পঞ্চমে চ তথাভাগে সংবিভাগো যথার্হতঃ।
দেব পিতৃ মনুষ্যাণাং কীটানাঞ্চোপদিশ্যতে।
সংবিভাগং ততঃকৃত্বা গৃহস্থঃ শেষভুগ্‌ভবেৎ। ইতি দক্ষঃ।

ভগিনী গৃহে ভোজনের কালে দক্ষপ্রজাপতি এইরূপ নির্দ্দিষ্ট করিয়াছেন যে, দিবসকে অষ্টভাগে বিভক্ত করিলে প্রত্যেক ভাগকে এক এক যামার্দ্ধ কহে। এই রূপ পঞ্চম যামার্দ্ধ সময়ে ভ্রাতাকে ভোজন করাইয়া পরে গৃহস্থ সকলে ভোজন করিবে। আর অপর পক্ষের পর শুক্লাদ্বিতীয়া কোজাগরের পর কৃষ্ণাদ্বিতীয়া চৈত্র পৌর্ণমাসীর পর ও কার্ত্তিকের পৌর্ণমাসীর পর কৃষ্ণাদ্বিতীয়া ইহারা তৃতীয়ার সহিত যুগ্মাদর, সুতরাং ঐ দিবসে অনধ্যায়। প্রমাণং রাজমার্ত্তণ্ডে।—

প্রেকোচৈচা দ্বিতীয়াস্তাঃ প্রেতপক্ষ গতেতু যা।
যাতু কোজাগরে যাতু চৈত্রাবল্যাঃ পরেঽপিচ।
চাতুর্ম্মাস্যসমাপ্তে চ দ্বিতীয়ায়া ভবেত্তিথিঃ।
সর্ব্বাস্বেতাস্বনধ্যায়ঃ পৌরাণৈঃ পরিকীর্ত্তিতাঃ।

যমদ্বিতীয়া অর্থাৎ ভ্রাতৃদ্বিতীয়াতে যাত্রা করিলে নিশ্চয়ই মৃত্যু হয়।

তথা যমদ্বিতীয়ায়াং যাত্রায়াং মরণ ভবেৎ।
ইতি জ্যোতিষঃ।

———

অথ তৃতীয়া।

রম্ভাখ্যাং বর্জ্জয়িত্বাতু তৃতীয়াং মুনিসত্তম।
অন্যেষু সর্ব্বকার্য্যেষু গণযুক্তা প্রশস্যতে।
ইতি ব্রহ্মবৈবর্ত্তপুরাণং।

রম্ভাব্রত ব্যতীত, দৈব ও পৈত্রকর্ম্মে চতুর্থীযুক্তা তৃতীয়া গ্রাহ্য।

ভদ্রেকুরুষ্ব যত্নেন রম্ভাখ্যং ব্রতমুত্তমং।
জৈষ্ঠশুক্লতৃতীয়ায়াং স্নাত্বানিয়ম তৎপরা।
ইতি ভবিষ্যোত্তরখণ্ডে।

হে ভদ্রে! রম্ভাব্রত জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষীয় তৃতীয়াতে শুচি হইয়া করিবে।

বৈশাখে মাসি রাজেন্দ্র শুক্লপক্ষেতৃতীয়িকা।
অক্ষয়া সাতিথিঃ প্রোক্তা কৃত্তিকা রোহিণীযুতা।
তস্যাং দানাদিকং পুণ্যমক্ষয়ং সমুদাহৃতং।
ইতি ভবিষোত্তরখণ্ডং।

বৈশাখ মাসের শুক্লপক্ষীয় এবং কৃত্তিকা ও রোহিণীযুক্তা যে তৃতীয়া তাহার নাম অক্ষয়া তৃতীয়া। সেই দিনে স্নান ও দানাদি করিলে তাহার ফল অক্ষয় হয় এবং ঐ দিনে জলদানে মহাপুণ্য। এবং ঐ দিনে বিষ্ণুকে চন্দন চর্চ্চিত ও তাঁহাকে চন্দনাক্ত দেখিলে বিষ্ণুলোকে বাস হয়।

অন্যচ্চ ব্রহ্মপুরাণে।

বৈশাখে শুক্লপক্ষেতু তৃতীয়ায়াং জনার্দ্দনঃ।
যবানুৎপাদয়াৎমাস যুগঞ্চারব্ধবান্ কৃতং।
ব্রহ্মলোকাত্রিপথগাং পৃথিব্যামবতারয়ৎ।
তস্যাং কার্য্যো যবৈর্হোমো যবৈর্বিষ্ণুং সমর্চ্চয়েৎ।
যবান্দদ্যাদ্দ্বিজাতিভ্যঃ প্রযতঃ প্রাশয়েদ্যবান্।

পূজয়েচ্ছঙ্করং গঙ্গাং কৈলাসঞ্চ হিমালয়ং।
ভগীরথঞ্চ নৃপতিং সাগরাণাং সুখাবহং।
স্নানং দানং তপঃ শ্রাদ্ধং জপহোমাদিকঞ্চ যৎ।
শ্রদ্ধয়া ক্রিয়তে তত্র তদানন্ত্যায় কল্প্যতে॥

বৈশাখের শুক্লপক্ষীয় তৃতীয়াতে ভগবান্ যবসৃষ্টি করিয়া সত্য-যুগের সৃষ্টি করিয়াছিলেন, এই জন্য ঐ যবদ্বারা বিষ্ণুর অর্চ্চনা, যব হোম ও যবান্ন ব্রাহ্মণকে ভক্ষণ করাইবে। আর ঐ তিথিতে গঙ্গা ব্রহ্মলোক হইতে পৃথিবীতে অবতরণ করিয়াছিলেন, এই নিমিত্ত শঙ্কর, গঙ্গা, হিমালয়, কৈলাস ও সগর নৃপতির পূজা করিবে, ঐ দিন যদি শ্রদ্ধাযুক্ত হইয়া গঙ্গাস্নান ও জপ হোমাদি করে তবে অনন্তকাল স্বর্গবাস হয়, পরন্তু অক্ষয়তৃতীয়াতে যুগ্মাদর নাই, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

অথ চতুর্থী।

একাদশ্যষ্টমী ষষ্ঠী অমাবস্যা চতুর্থিকা।
উপোষ্যাঃ পরসংযুক্তা পরাঃপূর্ব্বে চ সংযুতা।
ইতি অগ্নিপুরাণং।

একাদশী, অষ্টমী, ষষ্ঠী, অমাবস্যা ও চতুর্থী ইহারা উপবাস বিধিতে পরসংযুক্তা গ্রাহ্যা; এতদ্ভিন্ন তিথি পূর্ব্বসংযুক্তা গ্রাহ্যা, এস্থলে চতুর্থী পঞ্চমী সংযুক্তাই গ্রাহ্যা, কিন্তু ব্রহ্মবৈবর্ত্তপুরাণান্তর্গত গণেশব্রতেতে তৃতীয়াযুক্তা চতুর্থী গ্রাহ্যা। প্রমাণং।—

চতুর্থীসংযুতাকার্য্যা তৃতীয়া চ চতুর্থিকা।
তৃতীয়য়া যুতানৈব পঞ্চম্যা কারয়েৎ ক্বচিৎ।
ইতি ব্রহ্মবৈবর্ত্ত বচনং।

অমাবৈ সোমবারেণ রবিবারেণ সপ্তমী।
চতুর্থী ভৌমবারেণ রবিবারেণ সপ্তমী॥ ভবিষ্যপুরাণং।

সোমবার অমাবস্যা, রবিবার সপ্তমী ও মঙ্গলবার চতুর্থী হইলে অক্ষয়া হইবে ও অক্ষয়া অর্থাৎ ইহাতে স্নানদানাদি করিলে অক্ষয়া তিথির স্নানাদির ফল হইতে অধিক ফল হয়।

ত্রয়োদশ্যাশ্চতুর্থ্যাশ্চ সপ্তম্যাদ্বাদশীতিথেঃ।
প্রদোষেঽধ্যয়নং ধীমান্ ন কুর্ব্বীত যথা ক্রমং ॥
ইতি স্মৃতিঃ।

ত্রয়োদশী, চতুর্থী, সপ্তমী, দ্বাদশী এই কয় তিথিতে প্রদোষে অধ্যয়ন করিবে না। প্রদোষ শব্দার্থ প্রথম প্রহর, ইহা হেমাদ্রি কহিয়াছেন।

পঞ্চাননগতেভানৌ পক্ষয়োরুভয়োরপি।
চতুর্থ্যামুদিতশ্চন্দ্রো নেক্ষিতব্যঃ কদাচন ॥

ভাদ্রমাসের কৃষ্ণ ও শুক্ল উভয়পক্ষেরই চতুর্থীর চন্দ্র নষ্টচন্দ্র, এই জন্য তাহা কখনই দর্শন করিবে না। আর মাঘমাসের শুক্ল পক্ষীয় চতুর্থীতে গৌরী পূজা করিতে হয়। তাহার প্রমাণ অন্য স্থানে লিখিত হইবে।

অথ পঞ্চমী।

সা চতুর্থীযুতাগ্রাহ্যা যুগ্মাৎ। পঞ্চমী চ প্রকর্ত্তব্যা
চতুর্থী সহিতাবিভো। ইতি স্কন্দপুরাণং।

যে পঞ্চমী চতুর্থী এবং চতুর্থীর চন্দ্রযুক্তা সেই পঞ্চমী গ্রাহ্যা। পরযুক্তা গ্রাহ্যা নহে। প্রমাণ কালমাধবীয়ে।

চতুর্থী সংযুতাকার্য্যা পঞ্চমী পরয়া নতু। হারীতবচনং।

পঞ্চমীর সমস্ত কার্য্য চতুর্থী সংযুক্তাতেই করিবে, পরযুতা গ্রাহ্যা নহে।

সুপ্তে জনার্দ্দনে কৃষ্ণে পঞ্চম্যাং ভবনাঙ্গনে।
পূজয়েন্মনসা দেবী স্নুহী বিটপ সংস্থিতাং ॥
ইতি দেবীপুরাণং।

আষাঢ়মাসের কৃষ্ণা পঞ্চমীকে নাগপঞ্চমী কহে, ঐ দিনে প্রাঙ্গণে মনসা বৃক্ষে মনসাদেবীর পূজা ও অষ্টনাগের পূজা করিতে হয়। এইরূপ প্রতি পঞ্চমী অর্থাৎ ভাদ্রমাসীয় কৃষ্ণাপঞ্চমী পর্য্যন্ত পূজা করা কর্ত্তব্য, তাহাতে সর্পভয় হয় না।

ভবিষোত্তরে মাঘশুক্লপক্ষ মধিকৃত্য।

চতুর্থীবরদা নাম তস্যাং গৌরী প্রপূজিতা।
সৌভাগ্যমতুলং কুর্য্যাৎ পঞ্চম্যাং শ্রীরপিশ্রিয়ং॥
পঞ্চম্যাং পূজয়েল্লক্ষ্মীং পুষ্পধূপান্নবারিভিঃ।
মস্যাধারং লেখনীঞ্চ পূজয়েন্নলিখেত্ততঃ॥
ইতি সম্বৎসরপ্রদীপে।

মাঘমাসের শুক্লপক্ষীয় চতুর্থীকে বরদাচতুর্থী কহে, ঐ দিনে গৌরীপূজা করিতে হয়, আর পঞ্চমীতে লক্ষ্মী ও সরস্বতীর একত্রে পূজা করিয়া মস্যাধার ও লেখনী পূজা করিয়া সেই দিবসে অধ্যয়ন বা লেখন করিতে নাই, এবং সেই দিনে সরস্বতীর উৎসব করিতে হয়।

ষষ্ঠী।

সাচ সপ্তমীযুতাগ্রাহ্যা। ইতি স্মার্ত্তঃ

সপ্তমীযুক্তা ষষ্ঠীই গ্রাহ্যা।

জ্যৈষ্ঠেমাসি সিতেপক্ষে ষষ্ঠীচারণ্য সংজ্ঞিকা।
ব্যজনৈক করাস্তস্যা মটন্তিবিপিনে স্ত্রিয়ঃ॥
ইতি রাজমার্ত্তণ্ডে।

জ্যৈষ্ঠমাসের শুক্লা ষষ্ঠীকে অরণ্যষষ্ঠী বলে। এই নিমিত্ত উক্ত ষষ্ঠীতে স্ত্রীলোকেরা এক এক পাখা হস্তে করিয়া অরণ্যে ষষ্ঠী পূজা করিবে। ইহাকে জামাই ষষ্ঠীও কহে।

যেয়ং ভাদ্রপদে শুক্লা ষষ্ঠী ভরত সত্তম।
স্নানদানাদিকং তত্র সর্ব্ব মক্ষয় মুচ্যতে।
ভবিষ্যোত্তরখণ্ডে।
যেয়ং মার্গশিরে মাসি ষষ্ঠী ভরত সত্তম।
পুণ্যা পাপহরাধন্যা শিবা শান্তাগুহপ্রিয়া।
ভাবিষ্যপুরাণং।
ষষ্ঠ্যাং স্কন্দস্য কর্ত্তব্যা পূজা সর্ব্বোপকারিকা।
ইহৈব সুখ সৌভাগ্য মন্তেবিষ্ণুপুরং ব্রজেৎ।
ইতি দেবীপুরাণং।

ভাদ্রমাসের শুক্লাষষ্ঠীকে অক্ষয়া ষষ্ঠী কহে, স্নানাদি করিলে অক্ষয় হয়। অগ্রহায়ণ মাসের শুক্লাষষ্ঠীকে গুহষষ্ঠী কহে, তাহাতে শিবার শান্তি করিতে হয়। চৈত্রমাসের শুক্লাষষ্ঠীকে স্কন্দষষ্ঠী কহে, তাহাতে কার্ত্তিকেয় পূজা করিলে ইহকালে সুখ সৌভাগ্য ও পরকালে বৈকুণ্ঠ প্রাপ্ত হয়। আর আশ্বিন মাসের শুক্লাষষ্ঠীকে বোধনষষ্ঠী কহে।

কৃষ্ণাষ্টমীস্কন্দষষ্ঠী শিবরাত্রি চতুর্দ্দশী।
এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যা স্তিথ্যন্তে পারণং ভবেৎ।
ইতি ব্রহ্মবৈবর্ত্তবচনাৎ।

কৃষ্ণাষ্টমী অর্থাৎ জন্মাষ্টমী, স্কন্দষষ্ঠী, শিবরাত্রি, ইহারা পরযুতা গ্রাহ্যা। তিথি অন্তে পারণা করিবে।

সপ্তমী।

সা চ ষষ্ঠীযুতাগ্রাহ্যা যুগ্মাৎ।

ষষ্ঠীযুক্তা সপ্তমী যুগ্মাদর হেতু গ্রাহ্যা।

পঞ্চমী সপ্তমীচৈব দশমী চ ত্রয়োদশী।
প্রতিপন্নবমীচৈব কর্ত্তব্যা সান্মুখীতিথিঃ।
ইতি পৈঠীনসীবচনং।

পঞ্চমী, সপ্তমী, দশমী, ত্রয়োদশী, প্রতিপৎ ও নবমী, ইহারা উপবাস বিধিতে সাম্মুখী অর্থাৎ ত্রিসন্ধ্যা ব্যাপিনী পরযুক্তা গ্রাহ্যা। কেবল হরিবাসরে অর্থাৎ একাদশীতে পরযুক্তা গ্রাহ্যা হয়।

ষষ্ঠী সমেতা কর্ত্তব্যা সপ্তমীনাষ্টমীযুতা।
ইতি ভবিষ্যপুরাণং।

উপবাসবিধিতে ষষ্ঠীযুক্তা সপ্তমীতেই উপবাস করিবে অষ্টমী যুক্তাতে নয়।

ষষ্ঠীযুতা সপ্তমী চ কর্ত্তব্যা তাত সর্ব্বদা।
ষষ্ঠী চ সপ্তমী যত্র তত্র সন্নিহিতোরবি।
শুক্লপক্ষস্য সপ্তম্যাং সূর্য্যবারো যদা ভবেৎ।
সপ্তমী বিজয়া নাম তত্র দত্তং মহাফলং।। স্কন্দপুরাণং।

যদি শুক্লপক্ষীয় সপ্তমীতে রবিবার হয়, তবে তাহার নাম বিজয়া সপ্তমী, তাহাতে স্নান দান ও সূর্য্যপূজাতে মহাফল হয়।

ভাদ্রেমাসি সিতেপক্ষে সপ্তম্যাৎ নিয়মেন যা।
স্নাত্বা শিবং লেখয়িত্বা মণ্ডলেতু সহাম্বিকং।
পূজয়েচ্চ তদা তস্যা দুষ্প্রাপ্যং নৈব বিদ্যতে।।
ইতি ভবিষ্যপুরাণং।

ইদং কুক্কুটীব্রতং।

ভাদ্রমাসের শুক্লাসপ্তমীতে মণ্ডলের মধ্যে শিব দুর্গা লিখিয়া যে নিয়মযুক্তা হইয়া উক্ত দেব দেবীর পূজা করে, তাহার পরজন্মে পৃথিবীতে কিছু দুষ্প্রাপ্য থাকে না। ইহার নাম কুক্কুটীব্রত। ইহাকে ললিতাসপ্তমীও কহে।

সূর্য্যগ্রহণতুল্যাহি শুক্লমাঘস্য সপ্তমী।
অরুণোদয়বেলায়াং তস্যাং স্নানং মহাফলং।
মাঘেমাসি সিতেপক্ষে সপ্তমী কোটিভাস্করা।
দদ্যাৎ সূর্য্যার্ঘদানাভ্যা মায়ুরারোগ্য সম্পদঃ।।

অরুণোদয়বেলায়াং শুক্লামাঘস্য সপ্তমী।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা॥
ইতি ভবিষ্যপুরাণং॥

মাঘমাসের শুক্লাসপ্তমীকে মাকরী সপ্তমী কহে, এবং তাহাকে যুগাদ্যাও বলে। ঐ দিবসে অরুণোদয় কালে যদি গঙ্গাস্নান করে, তবে শতসূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নানের ফল পায়, আর দানাদি করিলে বহু সম্পদযুক্ত হয়। আর মন্বন্তরা বিষয়ে প্রমাণ পরে উক্ত হইবে।

স্নান পরিপাটীমাহ কৃত্যকল্পতরুলতায়াং বিষ্ণুঃ।

সপ্তবদরীপত্র ও সপ্ত অর্কপত্র মস্তকে ধারণ করিয়া এই মন্ত্র পাঠ করিবে যথা।—

যদ্যজ্জন্মকৃতং পাপং ময়াসপ্তসু জন্মসু।
তন্মে রোগঞ্চ শোকঞ্চ মাকরী হন্তুসপ্তমী।
মহানবম্যাং দ্বাদশ্যাং ভরণ্যামপিচৈবহি।
তথাক্ষয়তৃতীয়ায়াং শিষ্যান্নাধ্যাপয়েদ্বুধঃ।
মাঘমাসে তু সপ্তম্যাং রথাখ্যায়াঞ্চ বর্জ্জয়েৎ॥
ইতি মৎস্যপুরাণং।

মহানবমী দ্বাদশী ভরণীনক্ষত্রযুক্ত দিবসে অক্ষয়া তৃতীয়া এবং রথাখ্য সপ্তমী (মাঘমাসস্য সপ্তম্যাং তস্মাৎ সা রথসপ্তমী) অর্থাৎ মাঘ মাসের সপ্তমী, ইহাতে পণ্ডিতগণ ছাত্রকে অধ্যয়ন করাইবেন না।

অথ মন্বন্তরা।

অশ্বযুক্ শুক্লনবমী দ্বাদশী কার্ত্তিকী তথা।
তৃতীয়াচৈত্রমাসস্য তথা ভাদ্রপদস্য চ।
ফাল্গুনস্যামাবস্যা পৌষস্যৈকাদশী তথা॥

আষাঢ়স্যাপি দশমী তথা মাঘস্য সপ্তমী।
শ্রাবণস্যাষ্টমী কৃষ্ণা তথাষাঢ়স্য পূর্ণিমা।
কার্ত্তিকী ফাল্গুনী চৈত্রী জ্যৈষ্ঠী পঞ্চদশী সিতা।
মন্বন্তরাদয়স্ত্বেতা দত্তস্যাক্ষয়কারিকাঃ॥
ইতি মৎস্য ভবিষ্যপুরাণয়োঃ।

আশ্বিনের শুক্লানবমী, কার্ত্তিকের দ্বাদশী, চৈত্রের ও ভাদ্রের শুক্লাতৃতীয়া, পৌষের শুক্লা একাদশী, ফাল্গুনের অমাবস্যা, আষাঢ়ের শুক্লা দশমী, মাঘের শুক্লা সপ্তমী, শ্রাবণ মাসের রাধা অষ্টমী, আষাঢ়ের পূর্ণিমা ও কার্ত্তিক ফাল্গুন চৈত্র জ্যৈষ্ঠ ইহাদের পূর্ণিমা, ইহারা মন্বন্তরা, ইহাতে দানাদিতে মহাফল হয়।

অথাষ্টমী।

সা চ শুক্লানবমীযুক্তা গ্রাহ্যা, যুগ্মাৎ কৃষ্ণাচ সপ্তমীযুক্তা গ্রাহ্যা।

শুক্লপক্ষের অষ্টমী শুক্লানবমীযুক্তা কৃষ্ণপক্ষের অষ্টমী কৃষ্ণা-সপ্তমী যুক্তাই গ্রাহ্য হয়। প্রমাণং যথা।—

কৃষ্ণপক্ষেঽষ্টমীচৈব কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী।
পূর্ব্বাবিদ্ধৈব কর্ত্তব্যা পরবিদ্ধা ন কুত্রচিৎ।
উপবাসাদিকার্য্যেষু এষধর্ম্মঃ সনাতনঃ॥
ইতি নিগমে।

কৃষ্ণপক্ষের অষ্টমী ও চতুর্দ্দশী উপবাস বিধিতে পূর্ব্ববিদ্ধা অর্থাৎ পূর্ব্ব তিথি যুক্তাই গ্রাহ্যা। সুতরাং শুক্লপক্ষে পরযুতা গ্রাহ্যা।

শনৈশ্চরস্যবারেণ তথৈবাঙ্গারকস্যচ।
কৃষ্ণাষ্টমীচতুর্দ্দশ্যৌ পুণ্যাৎ পুণ্যতরে স্মৃতে॥ স্মৃতিঃ।

শনিবার ও মঙ্গলবারে কৃষ্ণপক্ষীয় অষ্টমী ও চতুর্দ্দশী হইলে অতিশয় পুণ্যজনক তিথি হয়।

তথাহি জ্যোতিষে।

সোমবারেপ্যমাবস্থা আদিত্যাহে চ সপ্তমী।
চতুর্থ্যঙ্গারবারেতু অষ্টমী চ বৃহস্পতৌ।
অত্র যৎ ক্রিয়তে পাপ মথবা ধর্ম্মসঞ্চয়ঃ।
যষ্টিবর্ষসহস্রাণি প্রতিজন্মতদক্ষয়ং॥

সোমবারে অমাবস্যা, রবিবারে সপ্তমী, মঙ্গলবারে চতুর্থী ও বৃহস্পতিবারে অষ্টমী ইহাতে যে লোক ধর্ম্ম বা পাপ করে, তাহা ৬০ হাজার বৎসর অক্ষয় হয়।

অথ জন্মাষ্টমী।

অথ ভাদ্রপদেমাসি কৃষ্ণাষ্টম্যাং কলৌযুগে।
অষ্টাবিংশতি মে জাতঃ কৃষ্ণোঽসৌ দেবকীসুতঃ॥

ভাদ্রপদে অর্থাৎ ভাদ্রমাসের কৃষ্ণ অষ্টমীতে দেবকীর উদরে শ্রীকৃষ্ণ জন্মিয়াছিলেন। আর অষ্টাবিংশতি মে অর্থাৎ সাবর্ণিক নামক মন্বন্তরীয় প্রথম যুগে।

অন্যচ্চ বিষ্ণুপুরাণে মহামায়াং প্রতি ভগবদ্বাক্যং।

প্রাবৃট্ কালেচ নভসি কৃষ্ণাষ্টম্যা মহং নিশি।
উৎপৎস্যানি নবম্যাঞ্চ প্রসূতিত্বমবাপ্স্যসি॥

ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমীতে আমি জন্মগ্রহণ করিব তুমি নবমীতে জন্মিবে।

অন্যচ্চ।

শ্রাবণে বা নভস্যে বা রোহিণী সহিতাষ্টমী।
যদা কৃষ্ণৈর্নরৈর্লব্ধা সা জয়ন্তীতী কীর্ত্তিতা॥

শ্রাবণেই বা হউক ভাদ্রেই বা হউক রোহিণীযুক্তা কৃষ্ণা অষ্টমীকে জয়ন্তী বলে। জয়ন্তী অষ্টমীকে জন্মাষ্টমী কহে।

বিবেচনা করিয়া দেখিতে গেলে এইস্থলে এক সন্দেহ উপস্থিত হইয়াছে যে, একবার শ্রাবণমাসে কহিতেছেন, পরে ভাদ্রমাসে

কহিতেছেন, ইহার তাৎপর্য্য এই যে, শ্রাবণের মুখ্যচন্দ্রে ও ভাদ্রের গৌণচন্দ্রে কৃষ্ণ জন্মাষ্টমী, এই নিমিত্ত শ্রাবণ ও ভাদ্র প্রয়োগ হইয়াছে, ভাদ্রমাসের উল্লেখ করিতে হইবে। পরন্তু ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় রোহিণীযুক্তা অষ্টমীতে কৃষ্ণ জন্মাষ্টমী ব্রত এবং ঐ দিনেই উপবাস করিবে।

অথ ব্রতকাল ব্যবস্থা।

অষ্টমীরোহিণীযুক্তা নিশ্যর্দ্ধেদৃশ্যতে যদি।
মুখ্যকালঃ সবিজ্ঞেয় স্তত্র জাতঃ স্বয়ং হরিঃ।
অর্দ্ধরাত্রেতু রোহিণ্যাং যদা কৃষ্ণাষ্টমী ভবেৎ।
তস্যামভ্যর্চ্চনং সৌরের্হন্তি পাপং ত্রিজন্মজং॥
ভবিষ্যপুরাণ বিষ্ণুধর্ম্মোত্তরয়োঃ।

অষ্টমীতে রোহিণীযুক্তার্দ্ধরাত্রিতে মুখ্যকাল হেতু সেই সময়ে ব্রত করিবে। আর কৃষ্ণা অষ্টমীতে রোহিণীযুক্ত অর্দ্ধরাত্রিতে ভগবান কৃষ্ণের আরাধনা করিলে তিন জন্মের পাপ ক্ষয় হয়। স্কন্দপুরাণে কহিয়াছেন যে, রাত্রের পূর্ব্বার্দ্ধ বা পরার্দ্ধ, যদি জয়ন্তী-যুক্ত হয় তবে তখনই ব্রতের প্রশস্ত কাল, যদি অর্দ্ধ রাত্রে রোহিণী যুক্তা অষ্টমী না হয়, সূর্য্যোদয়কালে কিঞ্চিৎ রোহিণীযুক্তা অষ্টমী থাকে এবং পরে সম্পূর্ণ নবমী হয়, এবং সেই দিবসে সোমবার কি বুধবার হয় তবে পূর্ব্বোক্ত সকল কালকে পরিত্যাগ করিয়া সেই দিবসে ব্রত করিবে। প্রমাণং যথা।—

উদয়েচাষ্টমী কিঞ্চিৎ নবমী সকলা যদি।
ভবেত্তু বুধসংযুক্তা প্রাজাপত্যর্ক্ষ সংযুতা।
অপিবর্ষশতেনাপি লভ্যতে মানবা বিভো।
ইতি ব্রহ্মবৈবর্ত্ত।

কোন কোন বারে জন্মাষ্টমী দুই প্রকার হয়, অর্থাৎ স্মার্ত্তের মতে অদ্য ও গোস্বামী মতে কল্য, এইরূপ হইয়া থাকে। ইহার কারণ এই যে, গোস্বামী মতের কথা শাস্ত্রে কিছুই নির্দ্দিষ্ট নাই।

তাহারা কহেন যে, কৃষ্ণের জন্ম পর দিবসে প্রকাশ হয়। অতএব যে দিবসে সকল লোক জানিয়াছিল। সেই দিবসে উপবাস ও মহোৎসবাদি কর্ত্তব্য। আর স্মার্ত্তের যাহা অভিপ্রায় তাহা লিখিত হইল।

জন্মাষ্টমীতে স্ত্রীপুরুষ উভয়েরই অধিকার আছে। ফলতঃ জন্মাষ্টমীব্রত না করিলে পাপশ্রুতি আছে।

> শ্রাবণে বহুলে পক্ষে কৃষ্ণজন্মাষ্টমীব্রতং।
> নকরোতি নরো যস্তু স ভবেৎ ক্রূর রাক্ষসঃ
> বর্ষেবর্ষেতু যা নারী কৃষ্ণজন্মাষ্টমী ব্রতং।
> ন করোতি মহাক্রূরা ব্যালী ভবতি কাননে॥
> ইতি ভবিষ্যোত্তরখণ্ডে।

শ্রাবণের কৃষ্ণপক্ষীয় অষ্টমীতে যে পুরুষ উক্ত ব্রত না করে সে মহাক্রূর রাক্ষস ও যে স্ত্রী ব্রত না করে, সে কালসর্পী হয়, পরন্তু ঐ দিবসের ফলাধিক্য আরও কহিয়াছেন যে, ঐ দিনে পিতৃতর্পণ করিলে গয়া শ্রাদ্ধের তুল্য হয়। ঐ দিবসে অর্দ্ধ রাত্রির সময়ে শ্রীকৃষ্ণের পূজা করিয়া বসুদেব, দৈবকী, বলভদ্র, নন্দ, যশোদা, দক্ষ, গর্গ ও চণ্ডিকা ইহাদের পূজা করিবে। পরন্তু এই জন্মাষ্টমী ব্রতের নিত্যত্ব ও কাম্যত্ব দুই আছে। অর্থাৎ করিলে পুণ্য হয় এবং না করিলে পাপ হয়। প্রমাণং যথা।—

> তুষ্ট্যর্থং দেবকীসূনো র্জয়ন্তী সংজ্ঞকং ব্রতং।
> কর্ত্তব্যং চিন্ত্যমানেন ভক্ত্যাভক্তজনৈস্তুহি।
> অকুর্ব্বন্ নিরয়ং যাতি যাবদিন্দ্রশ্চতুর্দ্দশ॥

দৈবকীনন্দনের প্রীতির নিমিত্ত কৃষ্ণভক্ত জনের সহিত ভক্তিপূর্ব্বক সকলেরই ব্রত করা কর্ত্তব্য। উক্ত ব্রত করিলে দৈবকীনন্দন তুষ্ট হন। আর না করিলে চতুর্দ্দশ ইন্দ্রের ভোগকাল পরিমিত কাল নরকভোগ করিতে হয়।

> সপ্তমীসহিতাষ্টম্যাং ভূত্বা ঋক্ষং দ্বিজোত্তম।
> প্রাজাপত্যং দ্বিতীয়েঽহ্নি মুহূর্ত্তার্দ্ধং ভবেদ্যদি।

তদাষ্টযামিকং জ্ঞেয়ং প্রোক্তং ব্যাসাদিভিঃ পুরা।
ব্রহ্মবৈবর্ত্তস্কন্দপুরাণয়োঃ।

পূর্ব্বদিনে অর্দ্ধরাত্রের পর, রোহিণীর সহিত অষ্টমীর যোগ হইয়াছে, এবং পরদিনেও রোহিণীযুক্তা অষ্টমী আছে, এমতস্থলে পরদিন উপবাস ও ব্রত হইবে।

কৃষ্ণাষ্টমী স্কন্দষষ্ঠী শিবরাত্রি চতুর্দ্দশী।
এতাঃ পূর্ব্বযুতাঃ কার্য্যাস্তিথ্যন্তে পারণং ভবেৎ। ব্রহ্মবৈবর্ত্ত।

যদি উভয়দিনে রোহিণীযোগ না থাকে, কিন্তু পূর্ব্বদিনে নিশীথ সম্বন্ধ আছে, পরদিন নিশীথ সম্বন্ধ নাই, এমনস্থলে পূর্ব্বদিনে উপবাসাদি কার্য্য হইবে।

বর্জ্জনীয়া প্রযত্নেন সপ্তমীসহিতাষ্টমী।
সা শঙ্কাপি ন কর্ত্তব্যা সপ্তমী সহিতাষ্টমী॥

উভয়দিনে অর্দ্ধরাত্রে রোহিণীর সহিত অষ্টমীযোগ হইলে, পরদিন হইবে, পূর্ব্বদিন হইবে না।

একদিন মাত্র জয়ন্তীলাভে তদ্দিনেই উপবাসাদি হইবে, উভয়দিনে জয়ন্তীলাভে, পরদিনে জানিবে। আর জয়ন্তী অলাভে রোহিণীযুক্ত অষ্টমীতে উপবাসাদি হইবে। উভয়দিনে রোহিণীযুক্ত অষ্টমীলাভে পরদিনে। রোহিণীর অলাভে যে দিনে নিশীথ সম্বন্ধ আছে, সেইদিনে উপবাসাদি জানিবে। উভয়দিনে নিশীথ সম্বন্ধ হইলে কিম্বা না হইলে পরদিনে উপবাসাদি হইবে, এবং পূর্ব্বদিনে ষষ্টিদণ্ডাত্মিকা অষ্টমী আছে, কিন্তু রোহিণী যোগ নাই। পরদিনে যদি রোহিণীযুক্তা অষ্টমী হয়, তবে পরদিনে উপবাসাদি করিবে।

অথ পারণ বিধি।

অষ্টম্যামথ রোহিণ্যাং ন কুর্য্যাৎ পারণং ক্বচিৎ।
হন্যাৎ পুরাকৃতং কর্ম্ম উপবাসার্জ্জিতং ফলং।

তিথিরষ্টগুণং হন্তি নক্ষত্রঞ্চ চতুর্গুণং।
তস্মাৎ প্রযত্নতঃ কুর্য্যাৎ তিথিভান্তে চ পারণং।
ইতি ভবিষ্যে ব্রহ্মবৈবর্ত্ত বিষ্ণুরহস্যে।

রোহিণীযুক্তা অষ্টমী থাকিলে পারণ করিবে না, করিলে পূর্ব্বকৃত কর্ম্ম এবং উপবাসজনিত ফল নষ্ট হয়। জন্মাষ্টমীর পারণ পক্ষে এই নিয়ম, অন্য অন্য ব্রতের পক্ষেও এইরূপ বিধি।

তিথি নক্ষত্র সংযোগে তুপবাসো যদা ভবেৎ।
পারণন্তু ন কর্ত্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ॥

যে তিথি ও নক্ষত্রেরযোগে উপবাসাদি করিবে, তাহার একের ক্ষয় ব্যতিরেকে পারণ করা কর্ত্তব্য নহে।

সাংযোগিকে ব্রতে প্রাপ্তে যদ্যেকোঽপি বিযুজ্যতে।
তত্রৈব পারণং কুর্য্যাদেবং বেদবিদোবিদুঃ।

যখন তিথি নক্ষত্রযোগে উপবাস হয়, তখন একের বিয়োগে পারণ করিবে, ইহা বেদবিদগণ বলিয়া থাকেন।

তিথ্যৃক্ষয়োর্যদাভেদো নক্ষত্রস্যান্ত এব বা।
অর্দ্ধরাত্রেঽথবা কুর্য্যাৎ পারণন্ত্বপরেঽহনি।

যদি জয়ন্তীযোগে পূর্ব্বদিন উপবাস হয়, পরদিন রাত্রি সার্দ্ধ প্রহর যামান্তে তিথি নক্ষত্র উভয়ের কি একের বিমুক্ত হয় তবে ঐ দিনে প্রাতে পারণ করিবে।

উপবাস পরদিনে তিথি ও নক্ষত্রের অন্তে পারণ করিবে। আর যখন মহানিশার পূর্ব্বে একের অবসান হয়, অন্যের মহানিশাতে স্থিতি থাকে, তখন একের অবসানে পারণ করিবে। মহানিশায় যদ্যপি উভয়ের স্থিতি থাকে, তবে সেই দিনে প্রাতঃকালে পারণ করিবে।

কোন পণ্ডিত দ্বাদশ মাসেই রোহিণীযুক্তা অষ্টমীকে জয়ন্ত্যষ্টমী কহেন, কিন্তু তাহা হইতে পারে না, কারণ সূর্য্যের সমসূত্রপাত অবস্থাতে আমাবস্যা হয়। এই নিয়ম জ্যোতিষশাস্ত্রে কহিয়াছেন। এখানে সূর্য্য দ্বাদশমাসে দ্বাদশ রাশিতে ভ্রমণ করেন, ইহা স্বীকার্য্য,

যদি তাহাই হইল, তবে ভাদ্রমাসে যে রাশিতে ভোগ করেন, অন্য মাসে সে রাশিতে কি প্রকারে ভোগ সম্ভব হয়। অতএব দ্বাদশ-মাসের রোহিণীযুক্তা অষ্টমী নিতান্ত অসম্ভব। ভাদ্রমাসে ভিন্ন অন্য মাসে রোহিণীযুক্তা অষ্টমী হইতে পারে না।

অথ দূর্ব্বাষ্টমী।

সাতু শুক্লাপি পূর্ব্বযুতা গ্রাহ্যা।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয় অষ্টমীকে দূর্ব্বাষ্টমী কহে, তাহা পূর্ব্ব-যুক্তা গ্রাহ্যা। প্রমাণং, যথা।—

শ্রাবণীদৌর্গনবমী দূর্ব্বাচৈব হুতাশনী।
পূর্ব্ববিদ্ধৈব কর্ত্তব্যা শিবরাত্রি বলের্দ্দিনং।

দুর্গানবমী, দূর্ব্বাষ্টমী, রম্ভাতৃতীয়া, শিবরাত্রি ও দ্যূতপ্রতিপৎ ইহারা পূর্ব্ববিদ্ধা কর্ত্তব্যা, অর্থাৎ ইহারা পূর্ব্বের তিথিযুক্তে গ্রহণ হইয়া থাকে।

ভাদ্রমাসের শুক্লপক্ষীয় অষ্টমীতে যে দূর্ব্বাষ্টমীব্রত করে, তাহার সন্তান বৃদ্ধি হয়। যেমন দূর্ব্বা বৃদ্ধি হয়, সেই প্রকার তাহার কুল বৃদ্ধি হয়।

তথাচ।

পক্ষেভাদ্রপদেচৈব শুক্লপক্ষে যুধিষ্ঠির।
দূর্ব্বাষ্টমী ব্রতং পুণ্যং যঃ করোতীহ মানবঃ।
ন তস্যক্ষয়মাপ্নোতি সন্তানং সাপ্তপৌরুষং।
নন্দতে বর্দ্ধতে নিত্যং যথা দূর্ব্বা তথা কুলং।
ইতি ভবিষ্যপুরাণং।

আশ্বিন মাসের শুক্লাষ্টমীকে মহাষ্টমী কহে, তাহাতে দুর্গার পূজা ও উপবাস করিবে, কিন্তু পুত্রবান্ ব্যক্তির উপবাস নাই, স্ত্রীলোকের মধ্যে সকলেই করিতে পারে। পরে নবমীতে মৎস্য মাংস ইত্যাদি দ্বারা পারণা করিবে, এই ব্রত করিলে মহাধনবান্ হয়, পুত্রবান্ ব্যক্তি হবিষ্য করিবে।

কন্যাসংস্থেরবাবীশে শুক্লাষ্টম্যাং প্রপূজয়েৎ।
সোপবাসোনিশার্দ্ধেতু মহাবিভব বিস্তরৈঃ।
পূজাং সমারভেৎ দেব্যা নক্ষত্রে বারুণেঽপি বা।
ইতি দেবীপুরাণং।
উপবাসং মহাষ্টম্যাং পুত্রবান্ ন সমাচরেৎ।
ইতি কালিকাপুরাণং।
অষ্টম্যাং সমুপোষ্যৈব নবম্যা মপরেঽহনি।
মৎস্যমাংসোপহারেণ দদ্যান্নৈবেদ্যমুত্তমং।
তেনৈববিধান যস্তু স্বয়ং ভুঞ্জীত নান্যথা॥
ইতি দেবীপুরাণং।

অষ্টমীর উপবাসের ফলশ্রুতি।

একাদশী কোটি সহস্রতুল্যা সিতাষ্টমী পর্ব্বত রাজপুত্র্যাঃ।
ততোপি শুক্লা গণিতাশতেন, পরাশর ব্যাস বশিষ্ঠ মুখ্যৈঃ।
ইতি দেবীপুরাণং।

সহস্রকোটি একাদশী করিলে যে ফল হয়, মহাষ্টমীর উপবাসে সেই ফল হয়, আর ধন ও পুত্র লাভ হয়। পরন্তু মহাষ্টমীরব্রত নবমী সংযুক্তাতেই করিবে, (অষ্টমী নবমীমিশ্রা কর্ত্তব্যা ভুতিমিচ্ছতা) এই বচন লিখিত আছে।

গোষ্ঠাষ্টম্যাং গবাংপূজাং গোগ্রাসং গোপ্রদক্ষিণং।
গবানুগমনং কুর্য্যাৎ সর্ব্বপাপ বিমুক্তয়ে॥

কার্ত্তিকের শুক্লাষ্টমীকে গোষ্ঠাষ্টমী কহে, সেই দিবসে গোপূজা গোগ্রাস দান, গবানুগমন করিলে মহাপুণ্য হয়।

অগ্রহায়ণ হইতে অর্থাৎ অগ্রহায়ন, পৌষ, মাঘ এই তিন মাসের কৃষ্ণাষ্টমীকে অষ্টকা কহে অর্থাৎ অগ্রহায়ণ মাসের কৃষ্ণাষ্টমীকে পুপাষ্টকা, তাহাতে পিষ্টকদ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে, পৌষমাসে মাংসাষ্টকা, মাংসদ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে, ও মাঘমাসে শাকাষ্টকা ও তাহাতে শাকদ্বারা পিতৃলোকের শ্রাদ্ধ করিবে। প্রমাণং, যথা—

পিতৃদানায় মূলেস্যু রস্তকাস্তিস্ত্র এবচ।
কৃষ্ণপক্ষে বরীষ্ঠাহি পূর্ব্বাচৈন্দ্রী বিভাব্যতে।
প্রাজাপত্যা দ্বিতীয়াস্যাত্তৃতীয়া বৈশ্ব দেবকী।
আদ্যাপূপৈঃ সদাকার্য্যা মাংসৈরন্যাভবেত্তদা।
শাকৈঃ কার্য্যা তৃতীয়াস্যা দেষ দ্রব্য গতোবিধিঃ।
ইতি বায়ুপুরাণং।

অথ ভীষ্মাষ্টমী।

শুক্লাষ্টম্যাস্তু মাঘস্য দদ্যাদ্ভীষ্মায় যো জলং।
সম্বৎসর কৃতং পাপং তৎক্ষণাদেব নশ্যতি।
ইতি ভবিষ্যোত্তরে।

মাঘমাসের শুক্লপক্ষীয় অষ্টমীতে ভীষ্মতর্পণ করিতে হয়, যে ব্যক্তি উক্ত দিবসে জলদান করিবে, তাহার সম্বৎসরের পাপ ক্ষয় হয়। ফলতঃ এই তর্পণ চারিবর্ণেই করিতে পারে। প্রমাণং, যথা—

অষ্টম্যাস্তু সিতেপক্ষে ভীষ্মায়তু তিলোদকং।
অন্নঞ্চ বিধিবদ্দদ্যুঃ সর্ব্বেবর্ণাদ্বিজাতয়ঃ। ধরণধৃতাস্মৃতি।

এবং এই মন্ত্রদ্বারা উক্ত ব্যক্তির তর্পণ করিবে।

বৈয়াঘ্র পদ্যগোত্রায় শাঙ্কৃতি প্রবরায় চ।
অপুত্রায় দদাম্যে তৎ সলিলং ভীষ্মবর্ম্মণে।

প্রার্থনমন্ত্রঃ।

ভীষ্মঃ শান্তনবোবীরঃ সত্যবাদী জিতেন্দ্রিয়ঃ।
আভিরদ্ভিরবাপ্নোতু পুত্রপৌত্রোচিতাং ক্রিয়াং।

অথাশোকাষ্টমী।

মীনেমধৌ শুক্লপক্ষেঽশোকাখ্যাং তথাষ্টমী।
পিবেদশোককলিকাঃ স্নায়াল্লৌহিত্যবারিণি।

অশোককলিকাশ্চাষ্টৌ যে পিবন্তি পুনর্ব্বসৌ।
চৈত্রমাসি সিতাষ্টম্যাং নাতিশোকমবাপ্নুয়ুঃ।
ইতি স্কন্দপুরাণং।

চৈত্রমাসের শুক্লাষ্টমীকে অশোকাষ্টমী কহে, তাহাতে আটটী অশোক কলিকা ভক্ষণ করিলে ও স্নান দান করিলে শোক পাইতে হয় না এবং লৌহিত্যজলে স্নান করিবে।

অশোক কলিকাপানের মন্ত্র।

ত্বামশোকহরাভীষ্ট মধুমাস সমুদ্ভব।
পিবামি শোকসন্তপ্তো মামশোকং সদা কুরু।

আর ঐ অষ্টমীতে যদি বুধবার ও পুনর্ব্বসুনক্ষত্র পায়, তবে তাহাতে ব্রহ্মপুত্র নদে স্নান করিলে বাজপেয় যজ্ঞের ফললাভ হয়। প্রমাণং যথা।—

পুনর্ব্বসুবুধোপেতাং চৈত্রেমাসি সিতাষ্টমীং।
স্রোতঃসু বিধিবৎ স্নাতাবাজপেয়ফলং লভেৎ।
ইতি বিষ্ণুঃ।

অথ দশমী।

সা চাষ্টমীযুতা গ্রাহ্যা।

অষ্টমীযুক্তা নবমী গ্রাহ্যা, যেহেতু অষ্টমীর সহিত নবমীর যুগ্মাদর।

ভাদ্রমাসের আর্দ্রাযুক্তা কৃষ্ণানবমীতে বোধন কল্পের আরম্ভ করিতে হয়। ঐ নবমীকে বোধন নবমী কহে। সংকল্প স্থলে আশ্বিনমাসের উল্লেখ করিতে হইবে, প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে আর যদি আর্দ্রানক্ষত্র না পায়, তবে তিথি মাহাত্ম্যহেতু ঐ দিবসে করিতে হইবে। প্রমাণং যথা—

কন্যায়াং কৃষ্ণপক্ষেতু পূজয়িতার্দ্রভেদিবা।
নবম্যাং বোধয়েদ্দেবীং মহাবিভব বিস্তরৈঃ।
লিঙ্গপুরাণং।

তিথি নক্ষত্রয়োর্যোগেদ্বয়ো রেবানুপালনং।
যোগাভাবে তিথির্গ্রাহ্যা দেব্যাঃ পূজন কর্ম্মণি।
ইতি দেবলঃ।

কার্ত্তিকেয় শুক্লপক্ষীয় নবমীতে ব্রহ্মা চণ্ডীপূজা করিয়াছিলেন ও সেই দিবসে যুগাদ্যা, অতএব সেই দিনে চণ্ডীপূজা করিলে সেই ফল প্রাপ্ত হয়।

মাসৈশ্চতুর্ভির্যৎ পুণ্যং বিধিনা পূজ্যচণ্ডিকাং।
তৎফলং লভতে বীর নবম্যাং কার্ত্তিকস্য চ।
ইতি ভবিষ্যপুরাণং।

তথাচ।

মাঘমাসস্য যা শুক্লানবমীলোক পূজিতা।
মহানন্দেতি সা প্রোক্তা সদানন্দকরী নৃণাং।
স্নানং দানং তপো হোমো দেবার্চ্চন মুপোষণং।
সর্ব্বং তদক্ষয়ং প্রোক্তং যদস্যাং ক্রিয়তে নরৈঃ।
ইতি ভবিষ্যপুরাণং।

মাঘমাসের শুক্লানবমীর নাম মহানন্দা, সেই দিনে স্নানদান জপ ও হোমাদির ফল অক্ষয় হয়।

অথ শ্রীরামনবমী।

চৈত্রমাসি নবম্যান্তু রামোজাতঃ স্বয়ং হরিঃ।
পুনর্ব্বসৃক্ষ সংযুক্তা সাতিথিঃ সর্ব্বকামদা।
ইতি অগস্ত্যসংহিতা।

চৈত্রমাসের পুনর্ব্বসুনক্ষত্রযুক্ত শুক্লানমবীতে ভগবান রামরূপে জন্মগ্রহণ করিয়াছিলেন, এই নিমিত্ত সেই তিথি সর্ব্বার্থপ্রদ।

চৈত্র শুক্লনবম্যান্তু সা তিথিঃ সর্ব্বকামদা।
শ্রীরামনবমীপ্রোক্তা কোটিসূর্য্যগ্রহাধিকা।

তস্মিন্দিনে মহাপুণ্যে রামমুদ্দিশ্য ভক্তিতঃ।
যৎ কিঞ্চিৎ ক্রিয়তে কর্ম্ম তদ্ভবক্ষয়কারকং।
উপোষণং জাগরণং পিতৃনুদ্দিশ্য তর্পণং।
তস্মিন্দিনে তু কর্ত্তব্যং ব্রহ্মপ্রাপ্তি মভীপ্সুভিঃ।
ইত্যগস্ত্যসংহিতা।

উক্ত নবমী কোটি সূর্য্যগ্রহণকালের ন্যায়, এই নিমিত্ত ঐ দিনে যাহা কিছু কর্ম্ম করা যায়, তাহা অক্ষয়ফলপ্রদ হয়, অর্থাৎ উপবাস, রাত্রি জাগরণ ও পিতৃতর্পণ করিলে অন্তকালে ব্রহ্মপ্রাপ্তি হয়।

শ্রীরামনবমী বৈষ্ণবের পক্ষে অষ্টমীবিদ্ধা কর্ত্তব্য নহে অর্থাৎ বিষ্ণুপরায়ণ ব্যক্তি দশমীযুক্তাতে উপবাসাদি করিবে। আর অবৈষ্ণব ব্যক্তি অষ্টমী বিদ্ধাতে উপবাসাদি করিবে।

প্রমাণং কালমাধবীয়েঽপি মাধবাচার্য্যঃ।
নবমী চাষ্টমীবিদ্ধা ত্যাজ্যা বিষ্ণুপরায়ণৈঃ।
অবৈষ্ণবস্তু অষ্টমীবিদ্ধৈব গ্রাহ্যা।

উপবাসের পর দশমীতে পারণা করিবে। যদি পরদিনে দশমী না থাকে সেই দিনে একাদশী হয়, তবে অষ্টমী বিদ্ধাতেই বৈষ্ণবাবৈষ্ণব সাধারণেই উপবাস করিবে।

পরদিনে দশম্যামেব পারণমিতি নিয়মাৎ।
পরদিনে একাদশী সম্ভবেচ অষ্টমীবিদ্ধৈব গ্রাহ্যা।
ইতি স্মার্ত্তঃ।

অথ দশমী।

সা চ শুক্লৈকাদশীযুতা কৃষ্ণাচ নবমীযুতা গ্রাহ্যা।

শুক্লপক্ষীয় দশমী একাদশীযুক্তা ও কৃষ্ণপক্ষীয় দশমী নবমীযুক্তা গ্রাহ্য, অর্থাৎ উপবাস ও দৈব পৈত্র কর্ম্মে উক্ত প্রকার প্রসিদ্ধ। প্রমাণং যথা—

শুক্লপক্ষে তিথিগ্রাহ্যা যস্যামভ্যুদিতো রবিঃ।
কৃষ্ণপক্ষে তিথিগ্রাহ্যা যস্যামস্তমিতো রবিঃ।
ইতি বিষ্ণুধর্ম্মোত্তর।

অথ দশহরা।

জ্যৈষ্ঠস্য শুক্লাদশমী সম্বৎসরমুখীস্মৃতা।
তস্যাং স্নানং প্রকুর্ব্বীত দানঞ্চৈব বিশেষতঃ।
যাং কাঞ্চিৎ সরিতং প্রাপ্য দদ্যাদ্দর্ভৈস্তিলোদকং।
মুচ্যতে দশভিঃ পাপৈঃ সুমহাপাতকোপমৈঃ।
ইতি ব্রহ্মপুরাণ ব্রহ্মবৈবর্ত্তয়োঃ।

জ্যৈষ্ঠ মাসের শুক্লপক্ষীয় দশমীকে দশহরা কহে, উক্ত দিনে গঙ্গাজলে স্নান দর্ভযুক্ত তিলোদকে তর্পণ ও দান করিলে, দশবিধ পাপক্ষয় হয়।

তথাচ।

জ্যৈষ্ঠেশুক্লদশম্যান্তু হস্তাযোগেন জাহ্নবী।
হরতে দশপাপানি তস্মাদ্দশহরা স্মৃতা।
ইতি ভবিষ্যপুরাণং।

জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় দশমীতে যদি হস্তানক্ষত্র যোগ হয় তবে দশজন্মকৃত দশবিধ পাপ গঙ্গাস্নান মাত্রে নষ্ট হয়, আর যদি মঙ্গলবার হয়, তবে যে দিন মঙ্গলবার সেই দিনেই স্নানদানাদি কর্ত্তব্য। দশমীতে কেবল দশবিধ পাপক্ষয় নিমিত্ত স্নান কর্ত্তব্য।

জ্যৈষ্ঠেমাসি ক্ষিতিসুতদিনে শুক্লপক্ষে দশম্যাং,
হস্তেশৈলান্নিরগমদিনং জাহ্নবী মর্ত্ত্যলোকং।
পাপান্যস্যাং হরতি চ তিথৌ সাদশেত্যাহুরার্য্যাঃ,
পুণ্যং দদ্যাদপি শতগুণং বাজিমেধাযুতস্য।
ইতি শংখঃ।

বিজয়াদশমী।

আশ্বিনের শুক্লাদশমীতে দেবীর বিসর্জ্জন করিবে, সেই দশমী তিথি উদয়গামিনীই প্রশস্ত। প্রমাণং যথা—

ভগবত্যাঃ প্রবেশাদি বিসর্গান্তাশ্চ যাঃ ক্রিয়াঃ।
তিথ্যাবুদয়গামিন্যাং সর্ব্বাস্তাঃ বারয়েদ্বুধঃ।
ইতি নন্দিকেশ্বরপুরাণং।

উক্ত দশমী পরযুক্তা প্রশস্ত নহে, দশমীতেই অপরাজিতা পূজা করিয়া বিসর্জ্জনাদি করিবে। প্রমাণং যথা—

আশ্বিনে শুক্লপক্ষস্য দশম্যাং পূজয়েত্তথা।
একাদশ্যাং ন কুর্ব্বীত পূজনঞ্চাপরাজিতং।
ইতি শিবরহস্য।

অথ একাদশী।

সাচ পরযুতা যুগ্মাৎ। ইতি স্মার্ত্তঃ।

দ্বাদশীর সহিত যুগ্মাদর হেতু পরযুতা অর্থাৎ দ্বাদশীযুতা একাদশীই প্রশস্ত।

গৃহস্থো ব্রহ্মচারী চ আহিতাগ্নি স্তথৈবচ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়ো রুভয়ো রপি।
ইতি লিঙ্গপুরাণং।

উভয় পক্ষীয় একাদশীতেই গৃহস্থ, যতি, ব্রহ্মচারী ও সাগ্নিক, সকলেই উপবাস করিবে। কিন্তু পুত্রবান্ গৃহস্থ কৃষ্ণপক্ষে উপবাস করিবে না।

আদিত্যেহনিসংক্রান্তা বসিতৈকাদশীদিনে।
ব্যতীপাতে কৃতেশ্রাদ্ধে পুত্রীনোপবসেদ্গৃহী।
ইতি ব্রহ্মপুরাণং।

রবিবাসরে সংক্রান্তিদিনে ও কৃষ্ণৈকাদশীতে এবং ব্যতীপাত নিমিত্ত শ্রাদ্ধদিনে পুত্রবান্ গৃহস্থ উপবাস করিবে না।

ব্যতীপাতো যথা—

শ্রবণাশ্বি ধনিষ্ঠার্দ্রানাগ দৈবত মস্তকে।
যদ্যমা রবিবারেণ ব্যতীপাতঃ স উচ্যতে।

রবিবাসরে অমাবস্যাতে যদি শ্রবণা, অশ্বিনী, ধনিষ্ঠা, আর্দ্রা, অশ্লেষা ও মৃগশিরা, ইহার কোন নক্ষত্র যোগ হয়, তবেই ব্যতীপাতযোগ হইয়া থাকে।

তস্যৈব শয়ন বোধনমধ্যে প্রতিপ্রসবমাহ ব্রহ্মবৈবর্ত্তে।

শয়নী বোধনীমধ্যে যা কৃষ্ণৈকাদশী ভবেৎ।
সৈবোপোষ্যা গৃহস্থেন নান্যা কৃষ্ণা কদাচন।

শয়ন ও বোধন মধ্যে যে যে কৃষ্ণপক্ষীয় একাদশী তাহাতে গৃহস্থ পুত্রবান্ ব্যক্তিও উপবাস করিবে, অন্য কৃষ্ণপক্ষীয় একাদশীতে পুত্রবান্ গৃহস্থ উপবাস করিবে না। আর পুত্রবতী সধবা নারী কোন একাদশীই করিবে না, তাহাতে স্বামীর আয়ুক্ষয় হয়। কিন্তু স্বামীর অনুমতিতে উপবাস করিতে পারে।

পত্যৌ জীবতি যা নারী উপোষ্য ব্রত মাচরেৎ।
আয়ুং হ্রীয়তে পত্যুঃ কুর্ব্বীতানুজ্ঞয়া ব্রতং।

ইত্যুদ্ভটঃ।

বিধবাপক্ষে—

বিধবা যা ভবেন্নারী ভুঞ্জীতৈকাদশীদিনে।
তস্যাস্তু সুকৃতং নশ্যেৎ ভ্রূণহত্যা দিনে দিনে॥

ইতি কাত্যায়নঃ।

যে নারী বিধবা হয়, তাহার একাদশীব্রত উভয় পক্ষেই কর্ত্তব্য, যদি না করে, তবে তাহার সমস্ত পুণ্যাদির নাশ ও ভ্রূণহত্যাজনিত পাতক হয়।

বৈষ্ণবপক্ষে—

যথা শুক্লা তথা কৃষ্ণা যথা কৃষ্ণা তথৈব সা।
তুল্যাতে মন্যতে যস্তু সর্ব্বে বৈষ্ণব উচ্যতে।
হলায়ুধ হেমাদ্রিধৃত তত্ত্বসাগর।

যেমন শুক্লৈকাদশী তেমনি কৃষ্ণৈকাদশী, আর যেমন কৃষ্ণৈকাদশী তেমনি শুক্লৈকাদশী, যে ব্যক্তি এইরূপ সমান জ্ঞান করে সেই ব্যক্তি বৈষ্ণব।

নিত্যং ভক্তি সমাযুক্তৈ র্নরৈর্বিষ্ণুপরায়ণৈঃ।
পক্ষে পক্ষে চ কর্ত্তব্য মেকাদশ্যা মুপোষণং॥
কালমাধবীয়ে নারদঃ।

বিষ্ণুভক্তি পরায়ণ অর্থাৎ বৈষ্ণবেরা ভক্তিযুক্ত হইয়া, পক্ষে পক্ষে অর্থাৎ শুক্ল ও কৃষ্ণপক্ষে একাদশীর উপবাস করিবে। এ স্থলে গৃহস্থ পুত্রবান্ প্রভেদ নাই, কারণ প্রথম বচনে তাহাদের বৈষ্ণব সংজ্ঞার্থহেতু উক্ত নিয়ম খাটিবে না।

তথাচ শ্রীপতিব্যবহারনির্ণয়ে।

স পুত্রশ্চ স ভার্য্যশ্চ সজনৈর্ভক্তিসংযুতৈঃ।
একাদশ্যা মুপবসেৎ পক্ষয়ো রুভয়ো রপি।

বিষ্ণুভক্তের পক্ষে একাদশী নিত্যব্রত, বিষ্ণুর প্রীত্যর্থে একাদশী তাহাদের নিত্য কর্ত্তব্য। তদ্যথা প্রমাণং—

শুক্লে বা যদি বা কৃষ্ণে বিষ্ণুপূজন তৎপরঃ।
একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়ো রুভয়ো রপি।
ইতি ব্যবস্থানির্ণয়ঃ।

যানি কানি চ পাপানি ব্রহ্মহত্যাদিকানি চ।
অন্নমাশ্রিত্য তিষ্ঠন্তি সংপ্রাপ্তে হরিবাসরে।
অঘং স কেবলং ভুঙ্‌ক্তে যো ভুঙ্‌ক্তে হরিবাসরে।
তদ্দিনে সর্ব্ব পাপানি ভবন্ত্যন্নাশ্রিতানি চ॥
ইতি ভবিষ্যপুরাণং॥

ব্রহ্মহত্যাদি যে সকল পাপ আছে, তাহারা একাদশীর দিনে অন্নকে আশ্রয় করিয়া বাস করে, অতএব ঐ দিনে অন্ন ভক্ষণ করিলে সেই সমস্ত পাপ তাহাকে আশ্রয় করে। পরন্তু একাদশীর দিনে অন্ন ভক্ষণ করিতে নাই। আর আট বৎসর হইতে আরম্ভ করিয়া, অশীতি বৎসর পর্য্যন্ত একাদশীর উপবাস করা কর্ত্তব্য। প্রমাণং যথা—

অষ্টাব্দাদধিকোমর্ত্ত্যোহ্যপূর্ণাশীতি বৎসরঃ।
ভুঙ্‌ক্তে যো মানবো মোহাদেকাদশ্যাং স পাপকৃৎ।

অথ ব্রতকাল ব্যবস্থা।

পূর্ণাপ্যেকাদশীত্যাজ্যা দ্বিতয়ং বর্দ্ধতে যদি।
দ্বাদশ্যাং পারণালাভে পূর্ব্বৈবপরিগৃহ্যতে॥

ইতি প্রচেতাঃ।

পূর্ণ একাদশী অর্থাৎ ষষ্টিদণ্ডাত্মিকা একাদশীকে পরিত্যাগ করিবে, যদি দ্বিতয়ং অর্থাৎ দ্বিতীয়দিনে কিঞ্চিৎ একাদশী থাকে, তবে পূর্ব্বৈকাদশীকে পরিত্যাগ করিয়া, ঐ দ্বিতীয়দিনে উপবাস করিবে। কারণ দ্বাদশীতে পারন করিতে হয় বলিয়া। আর যদি দ্বাদশীতে পারণযোগ্য কাল না পায়, অর্থাৎ পূর্ব্বদিনে ৬০ দণ্ড একাদশী পরদিনে ১ দণ্ড তৎপরে দ্বাদশী ও রাত্রি শেষে দ্বাদশীর ক্ষয় হইয়া ত্রয়োদশী হইয়াছে, এমনস্থলে পূর্ণাকেই গ্রাহ্য করিবে। অর্থাৎ ৬০ দণ্ডাত্মিকা একাদশীই গ্রাহ্য করিবে। কারণ পারণযোগ্য কাল প্রাপ্ত হয় না বলিয়া। আর যদি পূর্ব্বদিনে দশমীযুক্তা একাদশী, আর পরদিনে দ্বাদশীযুক্তা একাদশী, অর্থাৎ পূর্ব্বদিনে ১৫ দণ্ডের পর একাদশী হইয়াছে, এবং পরদিনে যদি পারণযোগ্য কাল পর্য্যন্ত দ্বাদশী থাকে, আর যদি না থাকে, তথাপি দশমীযুক্তা একাদশীকে পরিত্যাগ করিবে, অর্থাৎ এমত প্রকার হইলেও দশমীযুক্তা একাদশী করিবে না।

সংপূর্ণৈকাদশী যত্র প্রভাতে পুনরেব সা।
তত্রোত্তরাং যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী।
ইতি স্কন্দপুরাণং।
একাদশী প্রবৃদ্ধাচেৎ শুক্লে কৃষ্ণে বিশেষতঃ।
উত্তরান্তু যতিঃ কুর্য্যাৎ পূর্ব্বামুপবসেদ্গৃহী।
ইতি কূর্ম্মপুরাণং।
পুনঃ প্রভাত সময়ে ঘটিকৈকা যথা ভবেৎ।
তত্রোপবাসো বিহিতো বনস্থস্থ যতে স্তথা।
ইতি গরুড়পুরাণং।
বিধবায়াস্তু তত্রৈব পরতো দ্বাদশী নচেৎ।
একাদশ্যা মুপবসেৎ দ্বাদশী মথবা পুনঃ।
বিমিশ্রায়াপি কুর্ব্বীত ন দশম্যাযুতাং ক্বচিৎ।
ইতি ব্রহ্মপুরাণং।

অন্যচ্চ।

একাদশী দ্বাদশী চ রাত্রিশেষে ত্রয়োদশী।
তত্র ক্রতুশতং পুণ্যং ত্রয়োদশ্যাস্তু পরাণং।
ইতি একাদশীতত্ত্বং।

যদি সূর্য্যোদয়ের পর কিঞ্চিৎ দশমী পরে একাদশী ও তাহার ক্ষয় হইয়া দ্বাদশী হয়, তবে শুদ্ধ দ্বাদশীতেই উপবাস করিয়া ত্রয়োদশীতে পারণ করিবে, তাহাতে শত যজ্ঞের ফললাভ হয়, কিন্তু এরূপ অতি দুর্লভ। প্রমাণং যথা—

কুর্য্যাদলাভে সংযুক্তাং না লাভেহপি প্রবেশিনীং

যদি একাদশী ষষ্টিদণ্ডাত্মিকা পরদিনে না থাকে ও দ্বাদশী হয়, তবে দ্বাদশীর এক পাদ পরিত্যাগ করিয়া পারণ করিবে, কারণ দ্বাদশীর প্রথম পাদ একাদশীর তুল্য। প্রমাণং যথা—

দ্বাদশ্যাঃ প্রথমঃ পাদো হরিবাসর সংজ্ঞকঃ।
তমতিক্রম্য কুর্ব্বীত পারণং বিষ্ণু তৎপরঃ। বিষ্ণুধর্ম্মোত্তর।

একাদশীব্রত নিত্য এই নিমিত্ত তাহাতে অশৌচাদির প্রতি-বন্ধক হইলেও ব্রত ভঙ্গ হয় না। প্রমাণং যথা—

একাদশ্যাং ন ভুঞ্জীত পক্ষয়োরুভয়োরপি।
মৃতকে সূতকেবাপি অন্যস্মান্নাপ্যশৌচকে।
সর্ব্বথা নপরিত্যজ্যা ইচ্ছতাশ্রেয় আত্মনঃ।
ইতি পদ্মপুরাণং।

যদি একাদশী দিনে স্ত্রীলোক রজস্বলাদি কারণবশতঃ অশুদ্ধা থাকে, তবে স্বয়ং উপবাস করিয়া অন্যদ্বারা পূজাদি করাইবে। তদ্যথা—

গর্ভিণী সূতিকানক্তং কুমারীচ রজস্বলা।
যদা শুদ্ধাতদান্যেন কারয়েৎ ক্রিয়তে সদা।
অনুকল্পোনৃণাং প্রোক্তঃ ক্ষীণানাং বরবর্ণিনি।
একভক্তেন নক্তেন তথৈ বা যাতি তে ন চ।
উপবাসেন দানেন নৈব দ্বাদশীকো ভবেৎ।
ইতি মার্কণ্ডেয়পুরাণং।

উপবাসাসমর্থেঽপি ফল মূলাদি ভোজনং।
সকৃদ্ভুঙ্‌ক্তে হবিষ্যান্নং বিষ্ণোর্নৈবেদ্য মেব চ।
ন ভবেৎ প্রত্যবায়ী স উপবাস ফলং লভেৎ।
উপবাসা সমর্থশ্চ একং বিপ্রন্তু ভোজয়েৎ।
কিঞ্চিদ্ধনানি বা দদ্যাদ্যদ্ভক্ত্বা দ্বিগুণং ভবেৎ।
ইতি ব্রহ্মবৈবর্ত্ত।

একাদশী অনুকল্প এই পুরাণাদিতে কহিয়াছেন যে, উপবাসা-সমর্থ ব্যক্তি যদি ফল মূল জলাহার করে, বা একবার হবিষ্য বা বিষ্ণুর নৈবেদ্য ভোজন করে, তবে সে প্রত্যবায়ী হইবে না। আর উপবাসাশক্ত ব্যক্তি একজন ব্রাহ্মণ ভোজন করাইবে, ও আপনি যাহা আহার করিবে, তাহার মূল্যের দ্বিগুণ সেই ব্রাহ্মণকে দান

করিবে, এইস্থলে বিশেষ নিয়ম এই যে বিষ্ণুশয়ন, পার্শ্বপরিবর্ত্তন ও উত্থান একাদশীতে ঐ পূর্ব্বোক্ত নিয়ম থাকিবে না। তদ্‌যথা—

মচ্ছয়নে মদুত্থানে মৎ পার্শ্বপরিবর্ত্তনে।
ফলমূলজলাহারী হৃদিশল্যং সমর্পয়েৎ।
ইতি শ্রীভগবদ্বাক্যং।

শ্রীভগবান্ কহিয়াছেন যে, আমার শয়ন, আমার উত্থান ও আমার পার্শ্বপরিবর্ত্তন একাদশীতে যে ফল মূল জল মাত্রও আহার করে, সে আমার হৃদয়ে শল্য নিক্ষেপ করে। অতএব সকলের পক্ষেই ঐ তিন দিনে উপবাস করা বিধেয়।

একাদশী দিবসে ষোড়শোপচারে নারায়ণের পূজা করিবে ও উপবাস করিবে। এই ব্রত করিলে অন্তকালে অক্ষয় বৈকুণ্ঠধাম প্রাপ্ত হইয়া অনন্তকাল তথায় বস করিবে।

অথদ্বাদশী।

সাচৈকাদশীযুতাগ্রাহ্যা যুগ্মাৎ।

যুগ্মত্ব হেতু অর্থাৎ যুগ্মাদরপ্রযুক্ত একাদশীযুক্তা দ্বাদশী প্রশস্তা।

বৈশাখে শুক্লপক্ষেতু বৈষ্ণবী দ্বাদশা তিথিঃ।
তস্যাং শীতলতোয়েন স্নাপয়েৎ কেশবং শুচি।
ইতি নারদসংহিতা।

বৈশাখীয় শুক্লাদ্বাদশীকে বৈষ্ণবী তিথি বা পিপীতকী দ্বাদশী কহে, অতএব ঐ দিনে পিপীতকী ব্রত করিবে। জ্যৈষ্ঠমাসের শুক্লা দ্বাদশীকে বিশোকা দ্বাদশী কহে, ঐদিনে বিষ্ণুর পূজা করিবে, আষাঢ়ের শুক্লাদ্বাদশী রাত্রিতে বিষ্ণুর শয়ন, ভাদ্রের শুক্লাদ্বাদশীতে পার্শ্বপরিবর্ত্তন ও কার্ত্তিকের শুক্লাদ্বাদশীতে উত্থান হয়। প্রমাণং যথা—

শেতে বিষ্ণুঃ সদাষাঢ়ে ভাদ্রে চ পরিবর্ত্ততে।
কার্ত্তিকে পরিবুদ্ধ্যেতে শুক্লপক্ষে হরের্দ্দিনে।
ইতি মৎস্যপুরাণং।

যদ্যপি অনুরাধানক্ষত্র পায় তবে উত্তম, না পাইলেও তিথি মাহাত্ম্যহেতু রাত্রিযোগে বিষ্ণুর শয়ন করাইবে। শ্রবণানক্ষত্রে পার্শ্বপরিবর্ত্তন ও রেবতী নক্ষত্রে উত্থান করাইবে।

মৈত্রাদ্যপাদে স্বপিতীহবিষ্ণু র্বৈষ্ণব্যমধ্যে পরিবর্ত্ততে চ।
পৌষ্ণাবসানে চ সুরারি হন্তা প্রবুদ্ধ্যতে মাস চতুষ্টয়েন॥
ইতি ভবিষ্য নারদীয়ে।

আর শয়নোত্থান বিষয়ে পূর্ব্বে কথিত হইয়াছে যে, নিশিতে শয়ন ইত্যাদি বিষয়ে প্রমাণ এই। যথা—

নিশিস্বাপো দিবোত্থানং সন্ধ্যায়াং পরিবর্ত্তনং।
ইতি ভবিষ্যপুরাণং।

বিষ্ণুর নিশিতে শয়ন, দিনে উত্থান ও সন্ধ্যায় পার্শ্বপরিবর্ত্তন করাইবেন।

যদি ঐ সকল নক্ষত্র তিথিতে সম্যক্ যোগ না হয় তবে পাদ-যোগ হইলেও ঐ সকল কর্ম্ম অর্থাৎ শয়নোত্থানাদি করাইবে। আর বিষ্ণু কখন দিবাতে শয়ন ও কখন রাত্রিতে উত্থান বা পার্শ্বপরিবর্ত্তন করেন না। প্রমাণং যথা—

বিষ্ণুর্দ্দিবা ন স্বপিতি ন রাত্রৌ প্রতিবুদ্ধ্যতে।
দ্বাদশ্যামৃক্ষসংযোগে পাদযোগেন কারণং।
অপ্রাপ্ত দ্বাদশী মৃক্ষে উত্থানশয়নে হরেঃ।।
পাদযোগেন কর্ত্তব্যে নাহোরাত্রং বিচিন্তয়েৎ।
দ্বাদশ্যাং সন্ধি সময়ে নক্ষত্রাণামসম্ভবে।
আ। ভা। কা। * সিতপক্ষেতু শয়না বর্ত্তনাদিকং।
ইতি বরাহপুরাণ বিষ্ণুধর্ম্মোত্তরে।
কিন্তুমৈত্রাদ্যপাদেন দশম্যংশেন যো দিবা।
পৈষ্ণশেষেণ কিন্তেন প্রতিপদ্যথয়োর্নিশি।

* আ। ভা। কা। ইহার অর্থ, আষাঢ় ভাদ্র ও কার্ত্তিক এ স্থলে আদ্যক্ষর গৃহীত হইয়াছে।

রেবত্যন্তো যদা রাত্রৌ দ্বাদশ্যা চ সমন্বিতঃ।
তদা প্রবুধ্যতে বিষ্ণু র্দ্দিনান্তে প্রাপ্যরেবতীং।

শয়ন, পার্শ্বপরিবর্ত্তন ও উত্থানে, যদি দ্বাদশীতে তত্তৎ নক্ষত্র যোগ না হয়,তবে একাদশী,ত্রয়োদশী, চতুর্দ্দশী ও পূর্ণিমা এই চারি তিথির মধ্যে যে তিথিতে নক্ষত্রের পাদযোগ হয়, সেই তিথিতেই শয়নাদি কৃত্য হয়। পরন্তু যদি একাদশ্যাদি পূর্ণিমা পর্য্যন্ত কোন তিথিতে নক্ষত্রযোগ না হয়, তবে দ্বাদশীতে সন্ধ্যা সময়ে উক্ত কার্য্য সকল হইবে। আর যদি দ্বাদশী দিনে রাত্রিতে রেবতীর অন্ত পাদ যোগ হয়, তবে দিবার তৃতীয়ভাগে উত্থান হইবে।

যাঃ কাশ্চিত্তিথয়ঃ প্রোক্তাঃ পুণ্যানক্ষত্রয়োগতঃ।
তাস্বেবতদ্ব্রতং কুর্য্যাৎ শ্রবণদ্বাদশীং বিনা।
ইতি নারদঃ।

একাদশী যদা তস্মাৎ শ্রবণেন সমন্বিতা।
বিজয়া সা তিথিঃ প্রোক্তা ভক্তানাং বিজয়প্রদা।
তিথিনক্ষত্র সংযোগে উপবাসো যদা ভবেৎ।
তাবদেব ন ভোক্তব্যং যাবন্নৈকস্য সংক্ষয়ঃ।
বিশেষেণ মহীপাল শ্রবণং বর্দ্ধতে যদি।
তিথিক্ষয়েণ ভোক্তব্যং দ্বাদশীং নৈবলঙ্ঘয়েৎ॥
ইতি ভবিষ্যপুরাণং।

ভাদ্রের শুক্লপক্ষীয় দ্বাদশীতে যদ্যপি শ্রবণানক্ষত্রের যোগ হয়, তবে সেই তিথিকে শ্রবণদ্বাদশী ও বিজয়া দ্বাদশীও কহে, ঐ দিনে উপবাস ও বিষ্ণু পূজার মহাফল। যদি ঐ নক্ষত্র একাদশীতে যুক্ত হয়, তবে একাদশীর উপবাসেই দ্বাদশীর উপবাসের ফল সিদ্ধ হইবে। কারণ দ্বাদশী হইতে একাদশীর কাম্যত্ব আছে। আর যদি একাদশীতে যোগ না হইয়া দ্বাদশীতে যোগ হয়, তবে একাদশী ও দ্বাদশী দুই দিনেই উপবাস হইবে। শ্রবণানক্ষত্রের অবসানে পারণ করিবে। অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষীয় দ্বাদশীকে অখণ্ডা দ্বাদশী কহে।

ফাল্গুনে শুক্লপক্ষস্য পুষ্যর্ক্ষেদ্বাদশী যদি।
গোবিন্দ দ্বাদশীনাম মহাপাতক নাশিনী।

ফাল্গুন মাসের শুক্লপক্ষীয় দ্বাদশীতে পুষ্যানক্ষত্র যোগ হইলে, গোবিন্দ দ্বাদশী কহে। তাহাতে গঙ্গাস্নান করিলে মহাফল হয়। গঙ্গাস্নান করিবার মন্ত্র এই যথা।—

মহাপাতক সংজ্ঞানি যানি পাপানি সন্তিমে।
গোবিন্দদ্বাদশীং প্রাপ্য তানি মে হরজাহ্নবী।

অথ ত্রয়োদশী।

সা চ শুক্লাদ্বাদশীযুতাগ্রাহ্যা কৃষ্ণাতু পরযুতা।

শুক্লাত্রয়োদশী দ্বাদশীযুক্তা ও কৃষ্ণাত্রয়োদশী চতুর্দ্দশীযুক্তাই প্রশস্ত। প্রমাণং, যথা।—

ত্রয়োদশী চ কর্ত্তব্যা দ্বাদশীসহিতাবিভো।
ইতি ব্রহ্মবৈবর্ত্তে।

ষষ্ঠ্যষ্টম্যপ্যমাবস্যা তথাচৈব ত্রয়োদশী।
এতাঃ পরযুতাঃ গ্রাহ্যাঃ পরাঃ পূর্ব্বেণ সংযুতাঃ।
ইতি নিগমঃ।

পূর্ব্ব বচনে শুক্লপক্ষ বিষয় অর্থাৎ শুক্লপক্ষীয় ত্রয়োদশী দ্বাদশী যুক্ত, এবং পর বচনে ষষ্ঠী, অষ্টমী, অমাবস্যা ও কৃষ্ণাত্রয়োদশী ইহারা পরযুক্তাই প্রশস্ত, এই বিষয় লিখিত হইবে।

প্রৌষ্ঠপদ্যা মতীতায়াং মঘাযুক্তা ত্রয়োদশীং।
প্রাপ্যশ্রাদ্ধং হি কর্ত্তব্যং মধুনা পায়সেন চ। ইতি শংখঃ।

ভাদ্রমাসের কৃষ্ণাত্রয়োদশীতে যদি মঘানক্ষত্র যোগ থাকে, তবে মধু ও পায়স দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ করিবে। এতদ্বিষয়ে আরও প্রমাণ আছে। যথা,—

যৎকিঞ্চিন্মধুনা মিশ্রং প্রদদ্যাত্তু ত্রয়োদশীং।
তদপ্যক্ষয় মেবস্যাদ্বর্ষাসু চ মঘাসু চ। ইতি মনুঃ।
প্রৌষ্ঠপদ্যামতীতায়াং তথা কৃষ্ণাত্রয়োদশীং।
এতাং স্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ।।
ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

এস্থলে বিবেচনা করিয়া দেখ, শঙ্খবচনে মধু ও পায়সদ্বারা, মনুবচনে যৎকিঞ্চিৎ মধুদ্বারা ও বিষ্ণুধর্ম্মোত্তরে উক্ত শ্রাদ্ধ নিত্য বলিয়াছেন। কিন্তু এখন কেবল মধু কি মধু পায়সদ্বারা করিবে, এই সন্দেহ ভঞ্জনের নিমিত্ত বিষ্ণুধর্ম্মোত্তর ও শাতাতপ লিখিত বচনদ্বয় নিম্নে লিখিত হইতেছে। প্রমাণং যথা;—

পিতরঃ স্পৃহয়ন্ত্যন্নমষ্টকাসু মঘাসু চ।
তস্মাদ্দদ্যাৎ সদোদ্যুক্তো বিদ্বৎসু ব্রাহ্মণেষু চ।
ইতি শাতাতপঃ।
মঘাযুক্তা চ তত্রাপি শস্তা রাজং স্ত্রয়োদশী।
তত্রাক্ষয়ং ভবেচ্ছ্রাদ্ধং মধুনা পায়সেন চ।
ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

এস্থলে প্রথমোক্ত বচনে ব্রাহ্মণের পক্ষে অন্ন দিয়া মঘাষ্টকাদি যাবতীয় অষ্টকা শ্রাদ্ধ করিতে ও পর বচনে মধু ও পায়সদ্বারা শ্রাদ্ধ করিতে কহিলেন। আরও স্মার্ত্ত ভট্টাচার্য্য এই স্থলে (তত্রাশ্বযুক্ কৃষ্ণপক্ষে অত্র মৎ শ্রাদ্ধং তন্মধুযোগেন পায়স যোগেন বা ক্ষয়ং ভবেৎ।) এইরূপ কহিয়াছেন, আর স্মার্ত্ত ভট্টাচার্য্য মনুবচন স্থলে (অতোঽত্র সুতরাং শূদ্রস্যাপ্যধিকারঃ) এইরূপ কহিয়াছেন।

অত্র বিষয়ে গজচ্ছায়াযোগে অধিক ফলং।
কৃষ্ণপক্ষে ত্রয়োদশ্যাং মঘাস্বিন্দুঃকরে রবিঃ।
যদা তদা গজচ্ছায়া শ্রাদ্ধে পুণ্যৈরবাপ্যতে।
ইতি-কৃত্যচিন্তামণি স্মৃতিঃ।

আশ্বিন মাসের দশম দিন পর্য্যন্ত হস্তানক্ষত্রের অধিকার অর্থাৎ দশদিন পর্য্যন্ত হস্তানক্ষত্রে সূর্য্য থাকেন, তাহাতে যদি মঘানক্ষত্র

যুক্ত কৃষ্ণাত্রয়োদশী হয়, তবে তাহাকে গজচ্ছায়া যোগ বলে এবং তাহাতে উক্ত শ্রাদ্ধ করিলে পূর্ব্বাপেক্ষা ফলাধিক্য হয়, ইহাতে বিভক্ত অবিভক্ত প্রভেদ নাই, অর্থাৎ জ্যেষ্ঠ কনিষ্ঠ সকলেই এই শ্রাদ্ধ করিতে পারে। যেমন বার্ষিক একোদ্দিষ্ট শ্রাদ্ধে জ্যেষ্ঠ কনিষ্ঠের ভেদ নাই, ইহাতেও সেই প্রকার। প্রমাণং যথা,—

বিভক্তা অবিভক্তা বা কুর্য্যুঃ শ্রাদ্ধমদৈবিকং।
মঘাসু চ তথান্যত্র নাধিকারঃ পৃথগ্বিনা।
ইতি কৃত্যচিন্তামণি স্মৃতিঃ।

এই শ্রাদ্ধে পুত্রবান্ ব্যক্তির পিণ্ড প্রদান করা নিষেধ করিয়াছেন, অর্থাৎ পুত্রবান্ ব্যক্তি পিণ্ডদান করিবে না।

ঋক্ষে পিণ্ডদানন্তু জ্যেষ্ঠপুত্রী বিবর্জ্জয়েৎ।
ইতি দেবীপুরাণং।
পিণ্ডনির্ব্বাপরহিতং যত্তুশ্রাদ্ধং বিধীয়তে।
স্বধাবাচন লোপোঽত্র বিকিরস্তু ন লুপ্যতে।

যে শ্রাদ্ধে পিণ্ডদান নিষেধ সেই স্থলে স্বধাবাচন অর্থাৎ (স্বধাং বাচয়িষ্যে) এই মন্ত্র পাঠপূর্ব্বক পবিত্র মোচন করিবে না। কিন্তু অগ্নিদগ্ধার পিণ্ডদান করিবে।

বারুণেন সমাযুক্তা মধৌকৃষ্ণা ত্রয়োদশী।
গঙ্গায়াং যদি লভ্যেত সূর্য্যগ্রহশতৈঃ সমা।
শনিবার সমাযুক্তা সা মহাবারুণী স্মৃতা।
গঙ্গায়াং যদি লভ্যেত কোটিসূর্য্যগ্রহৈঃ সমা।
শুভযোগ সমাযুক্তা শনৌ শতভিষা যদি।
মহামহেতি বিখ্যাতা ত্রিকোটিকুলমুদ্ধরেৎ।
ইতি স্কন্দপুরাণং।

চৈত্রমাসের শতভিষানক্ষত্রযুক্তা কৃষ্ণাত্রয়োদশীকে বারুণী কহে, তাহাতে গঙ্গাস্নান করিলে শতসূর্য্যগ্রহণকালীন গঙ্গাস্নানের ফল প্রাপ্ত হয়। যদি তাহাতে অর্থাৎ উক্ত বারুণীতে শনিবার যোগ

পায়; তবে তাহাকে মহাবারুণী কহে, তাহাতে স্নান করিলে কোটি সূর্য্যগ্রহণকালীন স্নানের ফল লাভ হয়। আর যদি শনিবারে শতভিষানক্ষত্র শুভযোগের সহিত সংযুক্ত হইয়া পূর্ব্বোক্ত বারুণী হয়, তবে তাহাকে মহামহাবারুণী কহে। তাহাতে গঙ্গাস্নান করিলে তিনকোটি কুল উদ্ধার হয়। এস্থলে ফাল্গুনের মুখ্যচন্দ্র ও চৈত্রের গৌণচন্দ্র, স্নানের সঙ্কল্প করণ সময়ে চৈত্রমাসের উল্লেখ করিবে। সধবা স্ত্রীলোক বারুণীতে স্নান করিবে না এবং সামান্য শতভিষা অর্থাৎ পূর্ব্বোক্ত প্রকার যোগাদি অপ্রাপ্তে যে শতভিষা, তাহাতেও স্নান করিবেক না। প্রমাণং যথা;—

> স্নানং কুর্ব্বন্তি যো নার্য্যশ্চন্দ্রেশতভিষাং গতে।
> সপ্তজন্ম ভবেয়ুস্তা বিধবা দুর্ভগাধ্রুবমিতি।
> বশিষ্ঠনারদৌ।

শতভিষানক্ষত্রযুক্ত চন্দ্রে যে নারী স্নান করে, সে নিশ্চয়ই সপ্তজন্ম বিধবা ও দুর্ভাগ্য হয়। এই নিষেধ রাগপ্রাপ্ত স্নানের প্রতি বৈধ স্নান করিতে পারে।

> দিবারাত্রৌ চ সন্ধ্যায়াং গঙ্গায়াঞ্চ প্রসঙ্গতঃ।
> স্নাত্বাশ্বমেধজং পুণ্যং গৃহেঽপ্যদ্ধৃতজ্জলৈঃ।
> ইতি ব্রহ্মাণ্ডপুরাণে গন্ধর্ব্ববাক্যং।

বারুণীতে স্নানে দিবা রাত্র সন্ধ্যা বিচার নাই, অর্থাৎ কি দিবা কি রাত্রি কি সন্ধ্যা যখন তিথি নক্ষত্রের সমাগম হইবে, তখনই স্নান করিবে। গৃহস্থিত গঙ্গাজলে স্নান করিলেও অশ্বমেধের ফল প্রাপ্ত হয়। চৈত্রমাসের ত্রয়োদশীতে মদনের পূজা করিতে হয়। প্রমাণং যথা;—

> চৈত্রে শুক্লত্রয়োদশ্যাং মদনং মদনাত্মকং।
> কৃত্বা সংপূজ্য বিধিবৎ বীজয়েদ্ব্যজনেনতু।
> এবং যঃ কুরুতে পূজাং মদনস্য মহাত্মনঃ।
> ভবন্তিনাপদস্তস্য তস্মিন্নব্দে কদাচন।
> ইতি ভবিষ্যপুরাণং।

চৈত্রমাসের শুক্লাত্রয়োদশীতে যে মদনের পূজা করিয়া ব্যজন করে, তাহার সম্বৎসর কোন বিপদাপদ হয় না।

অথ চতুর্দ্দশী।

সা চ শুক্লা পূর্ণিমাযুতা গ্রাহ্যা যুগ্মাৎ।
কৃষ্ণাতু পূর্ব্বযুতা গ্রাহ্যা। ইতি স্মার্ত্তঃ।

শুক্লাচতুর্দ্দশী পূর্ণিমাযুতা ও কৃষ্ণাচতুর্দ্দশী ত্রয়োদশীযুক্তা গ্রহণীয়।

কৃষ্ণপক্ষেঽষ্টমীচৈব কৃষ্ণপক্ষে চতুর্দ্দশী। ইতি নিগম।
পূর্ব্ববিদ্ধাতু কর্ত্তব্যা পরবিদ্ধা ন কুত্রচিৎ।
উপবাসাদি কার্য্যেষু এষ ধর্ম্মঃ সনাতনঃ।

কৃষ্ণপক্ষের অষ্টমী এবং চতুর্দ্দশী উপবাসাদি কার্য্যে পরবিদ্ধা ত্যাগ করিয়া পূর্ব্ববিদ্ধাতে করিবে। জ্যৈষ্ঠের কৃষ্ণাচতুর্দ্দশীর নাম সাবিত্রী চতুর্দ্দশী। প্রমাণং যথা :—

মেষে বা বৃষভে বাপি সাবিত্রীং তাং বিনির্দ্দিশেৎ।
ইতি পরাশরঃ।

জ্যৈষ্ঠেমাসি চতুর্দ্দশ্যাং সাবিত্রী ব্রতমুত্তমং।
অবৈধব্যায় কুর্ব্বান্তিস্ত্রিয়ঃ শ্রদ্ধা সমন্বিতাঃ।
ইতি রাজমার্ত্তণ্ড কৃত্যচিন্তামণ্যোঃ।

জ্যৈষ্ঠ মাসের কৃষ্ণাচতুর্দ্দশীতে অবৈধব্য কামনায় স্ত্রীসকলে শ্রদ্ধা ও ভক্তিদ্বারা সাবিত্রীব্রত করিবে। এই ব্রত অনন্ত চতুর্দ্দশীর ন্যায় করিবে।

পরন্তু সাবিত্রীব্রত পরবিদ্ধা কর্ত্তব্য। যদি দুই দিনেই ব্রতকাল পায়, তবে পরদিনে ব্রত করিবে। আর যদি উভয় দিনের প্রদোষ সময়ে চতুর্দ্দশী লাভ না হয় তবে পরদিনে দিবাতে ব্রত করিবে। প্রমাণ নিম্নে লিখিত হইতেছে, ব্রতের কাল প্রদোষে অর্থাৎ রজনীমুখ সময়ে করিবে।

পরন্তু সাবিত্রীব্রত পরবিদ্ধা কর্ত্তব্য যথা ;—

চতুর্দ্দশ্যামমাবস্যা যদা ভবতি নারদ।
উপোষ্যা পূজনীয়া সা চতুর্দ্দশ্যাং বিধানতঃ।
ইতি জ্যোতিষে।

ভাদ্রেমাস্যসিতেপক্ষেঽঘোরাখ্যা চতুর্দ্দশী।
তামুপোষ্য নরো যাতি শিবলোকমনাময়ং।
ইতি ভবিষ্যোত্তরে।

ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশীকে অঘোরা চতুর্দ্দশী কহে। তাহাতে শিবপূজা ও উপবাস করিলে শিবলোক প্রাপ্তি হয়।

অনন্তব্রতমেতদ্ধি সর্ব্বপাপ হরং শুভং।
সর্ব্বকামপ্রদং নৃণাং স্ত্রীণাঞ্চৈব যুধিষ্ঠির।
তথা শুক্লচতুর্দ্দশ্যাং মাসি ভাদ্রপদে ভবেৎ।
তথানুষ্ঠান মাত্রেণ সর্ব্বপাপং ব্যপোহতি।
ইতি ভবিষ্যপুরাণং।

ভাদ্রমাসের শুক্লা চতুর্দ্দশীকে অনন্তচতুর্দ্দশী কহে। সেই অনন্ত চতুর্দ্দশীতে ব্রত করিলে, সর্ব্বকাম ও সর্ব্বফল লাভ হয়। ঐ অনন্ত ব্রতার্থ পূজা হোমাদি করিবে। পূর্ব্বাহ্নকালে না করিতে পারিলে, মধ্যাহ্ন কালে করিলেও ব্রত সিদ্ধ হইবে। প্রমাণং যথা ;—

মধ্যাহ্নে ভোজ্যবেলায়াং সমুত্তীর্য্য সরিত্তটে।
দদর্শশীলা সা স্ত্রীণাং সমূহং রক্তবাসসাং।
চতুর্দ্দশ্যামর্চ্চয়ন্তং ভক্ত্যাদেবং পৃথক্ পৃথক্।
ইতি জ্যোতিষে।

উক্ত চতুর্দ্দশীতে মধ্যাহ্ন বেলায় স্ত্রীসকল রক্তবাস পরিধান করিয়া নদীতটে শ্রদ্ধা ভক্তিদ্বারা পৃথক্‌রূপ অনন্তরূপী ভগবানের অর্চ্চনা করিবে এবং অর্চ্চনার প্রকরণ এই যে, এক কলস পরিপূর্ণ জল চতুর্দ্দশ সংখ্যায় পুষ্প ও ফল, নৈবেদ্যাদি দ্বারা উক্ত দেবের অর্চ্চনা করিবে। আর উক্ত কলস উৎসর্গ করিবে, আর

যব বা গোধূম দ্বারা পিষ্টকদ্বয় প্রস্তুত করণানন্তর ঘৃতপক্ক করিয়া একটি অর্পণ করিয়া আর একটি স্বয়ং ভক্ষণ করিবে। আর চতুর্দ্দশ সংখ্যায় সূত্র প্রস্তুত ও হরিদ্রা দ্বারা অভিষিক্ত করিয়া পূজা করণান্তে স্বহস্তে বদ্ধ করিবে। কারণ অনন্ত সমুদ্রে মগ্ন হইলে উদ্ধার হইবার নিমিত্ত সেই সূত্র ধারণ করিতে হয়। তাহার পর পূজা হোমাদি করিয়া স্তবাদি পাঠ করিবে। পুস্তকের বাহুল্যভয়ে তত্তৎ শ্লোক লিখিত হইল না। আর সাবিত্রীব্রতও এইরূপে করিতে হয়।

কারণ সাবিত্রীব্রতস্থলে কথিত হইয়াছে যে, অনন্তব্রতের ন্যায় সাবিত্রী ব্রত করিবে।

অথ ভূতচতুর্দ্দশী।

কার্ত্তিকে কৃষ্ণপক্ষেতু চতুর্দ্দশ্যাং দিনোদয়ে।
অবশ্যমেব কর্ত্তব্য স্নানং নরকভীরুভিঃ।
অপামার্গ পল্লবঞ্চ ভ্রাময়েৎ শিরসোপরি।
ততশ্চ তর্পণং কার্য্যং ধর্ম্মরাজস্য নামভিঃ।
নরকায় প্রদাতব্যো দীপঃ সংপূজ্য দেবতাঃ।
ইতি লিঙ্গপুরাণং।

কার্ত্তিকের কৃষ্ণপক্ষের উদয়গামিনী চতুর্দ্দশীর নাম ভূতচতুর্দ্দশী, তাহাতে গঙ্গাস্নান ও হোম তর্পণ করিবে এবং অপামার্গপল্লব মস্তকোপরি ভ্রমণ করাইবে। এবং প্রদোষে দীপদান করিবে।

ঐ তিথিতে দীপদান করিলে, নরক হৈতে উদ্ধার হয়। আর যমতর্পণের যে সকল মন্ত্র আছে, সেই মন্ত্র বলিয়া এক এক উদ্দেশে তিলের সহিত তিনবার জলদান করিবে। অপামার্গ মস্তকোপরি-ভ্রমণের মন্ত্র। প্রমাণং যথা ;—

শীতলোষ্ঠ সমাযুক্ত সকণ্টকদলান্বিত।
হরপাপমপামার্গ ভ্রাম্যমান পুনঃ পুনঃ।

অথ পাষাণচতুর্দ্দশী।

বৃশ্চিকে শুক্লপক্ষেতু যা পাষাণ চতুর্দ্দশী।
তস্যামারাধয়েদ্দেবীং নক্তং পাষাণ ভোজনং।
মাঘমাস্য সিতেপক্ষে রটন্ত্যাখ্যাচতুর্দ্দশী।
তস্যামুদয় বেলায়াং স্নাত্বা নাবেক্ষতে যমং।
ইতি ভবিষ্যপুরাণং।
অনর্কাভ্যুদিতে কালে মাঘ কৃষ্ণাচতুর্দ্দশীং।
স্নাত্বা সন্তর্প্যচ যমান্ সর্ব্বপাপৈঃ প্রমুচ্যতে।

অগ্রহায়ণ মাসের শুক্লপক্ষীয় চতুর্দ্দশীকে পাষাণচতুর্দ্দশ কহে। এই তিথিতে রাত্রিকালে গৌরীর অর্চ্চনা করিয়া পাষাণাকার পিষ্টক ভোজন করিয়া ব্রত করিবে। আর মাঘমাসের কৃষ্ণাচতুর্দ্দশীকে রটন্তী চতুর্দ্দশী কহে, তাহাতে অরুণোদয়কালে স্নান করিলে যমভয় থাকে না. অরুণোদয় বেলায় স্নান ও তর্পণে সর্ব্ব-পাপে মুক্তিলাভ করে। ঐ চতুর্দ্দশীতে রটন্তীপূজা হয়, যদি ঐ তিথি দুই দিনেই অরুণোদয়কালে পায়, তবে পূর্ব্বদিনে স্নান ও আর যে দিনে সন্ধ্যামুখে পাইবে, সেই দিনে রটন্তীপূজা করিবে। ঐ রটন্তীপূজা পৌষের গৌণচন্দ্র ও মাঘের মুখ্যচন্দ্রে হইবে।

অথ শিবরাত্রিঃ।

মাঘমাসস্য শেষে বা প্রথমে ফাল্গুনস্য চ।
কৃষ্ণাচতুর্দ্দশী সাতু শিবরাত্রিঃ প্রকীর্ত্তিতা।
কালমাধবীয়ে স্কান্দে নাগরখণ্ডে।

মাঘমাসের শেষেই হউক্ আর ফাল্গুন মাসের প্রথমেই হউক্ কৃষ্ণাচতুর্দ্দশীতে শিবরাত্রি ব্রত করিবে, এবং তাহাকে শিবরাত্রি চতুর্দ্দশী কহে। পরন্তু মাঘের গৌণচন্দ্র ফাল্গুনের মুখ্যচন্দ্র গ্রহণীয়।

মাঘ কৃষ্ণাচতুর্দ্দশ্যাং রবিবারো যদা ভবেৎ।
ভৌমেবাপি ভবেদ্দেবি কর্ত্তব্যং ব্রতমুত্তমং।
শিবযোগস্য যোগেন তদ্ভবেদুত্তমোত্তমং।
ইতি ঈশানসংহিতা।

মাঘমাসের কৃষ্ণাচতুর্দ্দশীতে অর্থাৎ শিবরাত্রি ব্রতদিনে যদি রবিবার কি মঙ্গলবার হয়, তবে উক্ত ব্রতের ফল অতি উৎকৃষ্ট হয়। আর যদি রবি বা মঙ্গলবারযুক্ত ব্রতদিবসে শিবযোগ পতিত হয়, তবে শিবরাত্রির ব্রতফল উত্তমাপেক্ষাও উত্তম।

পূর্ব্বেদ্যুরপরেদ্যুর্ব্বা মহানিশি চতুর্দ্দশী।
ব্যাপ্ত সাদৃশ্যতে যস্যাং তস্যাং কুর্য্যাদ্ব্রতং নরঃ।
ইতি ঈশানসংহিতা।

যদি পূর্ব্বদিনে মহানিশি প্রাপ্ত হয়, ও পরদিনে প্রদোষ প্রাপ্ত হয়, তবে পূর্ব্বদিনে ব্রত ও উপবাস হইবে।

প্রদোষ ব্যাপিনীগ্রাহ্যা শিবরাত্রিচতুর্দ্দশী।
ইতি হেমাদ্রিধৃত স্মৃতিঃ।

পূর্ব্বদিনে মহানিশিতে চতুর্দ্দশী অলাভ হইয়া যদি পরদিনে প্রদোষ লাভ হয়, তবে পরদিনে ব্রতাদি হইবে।

অথ পারণং।

পূর্ব্বে জন্মাষ্টমী প্রকরণে কথিত হইয়াছে, যে তিথির অন্তে পারণ করিবে, কিন্তু তাহা জন্মাষ্টমীর পক্ষে, এখানে সে বিধি নহে, এখানে যে তিথিতে উপবাস সেই তিথিতেই পারণ অর্থাৎ মধ্যরাত্রি ব্যাপিনী চতুর্দ্দশীতে যদি শিবরাত্রি ব্রতকাল হয়; তবে পারণবিষয়ে এই প্রমাণং যথা;—

দিনমান প্রমাণেন যাতু রাত্রৌ চতুর্দ্দশী।
শিবরাত্রিস্তু সা জ্ঞেয়া চতুর্দ্দশ্যাস্তু পারণং।
ইতি গৌতমীয়াচ্চ।

যদি দিবসে চতুর্দ্দশী পতিত হইয়া মধ্যরাত্রি ব্যাপিনী হয় তবে সেই চতুর্দ্দশীতেই পারণ করিবে, তাহাতে ফলাধিক্য আছে। প্রমাণং যথা ;—

ব্রহ্মাণ্ডোদর মধ্যেতু যানি তীর্থানি সন্তিবৈ।
পূজিতানি ভবন্তীহ ভূতায়াং পারণেকৃতে।
ইতি স্কান্দাৎ।

এই পৃথিবীর মধ্যে যে সকল তীর্থ আছে, চতুর্দ্দশীতে পারণ করিলে তাহাদের পূজার ফল প্রাপ্ত হয়।

যদি পরদিনে উক্ত চতুর্দ্দশী না থাকে ; ও পরদিনে প্রদোষ-ব্যাপিনী তিথি না হয়, তবে পূর্ব্ব নিশীথব্যাপিনী চতুর্দ্দশীতেই উপবাস ও অমাবস্যাতে পারণ করিবে।

শিবাঘোরা তথা প্রেতা সাবিত্রীচ চতুর্দ্দশী।
কুহুযুক্তৈব কর্ত্তব্যা কুহ্বামেবহি পারণং।
চৈত্রেকৃষ্ণচতুর্দ্দশ্যাং অঙ্গারক দিনং ভবেৎ।
পিশাচত্বং পুনর্নস্যাৎ গঙ্গায়াং স্নানভোজনাৎ॥
ইতি ভোজদেবধৃত।

চৈত্রমাসের কৃষ্ণাচতুর্দ্দশীকে অঙ্গারক চতুর্দ্দশী কহে। ঐ দিনে গঙ্গাস্নানে ও গঙ্গাতে ভোজন করণে পিশাচত্ব প্রাপ্ত হয় না। এই স্থলে ফাল্গুনের মুখ্যচন্দ্র ও চৈত্রের গৌণচন্দ্র ব্যবস্থা।

অথ মদনচতুর্দ্দশী।

মধুমাসেতু সংপ্রাপ্তে শুক্লপক্ষে চতুর্দ্দশী।
প্রোক্তা মদনভুঞ্জীতি সিদ্ধিদাতু মহোৎসবা।
ইতি স্কন্দগৌরাগময়োঃ।

চৈত্রশুক্লে চতুর্দ্দশ্যাং যঃ স্নানাৎ শিবসন্নিধৌ।
পিশাচত্বং ন তস্যস্যাদ্গঙ্গায়াং তু বিশেষতঃ।
ইতি দেবলঃ।

চৈত্রমাসের শুক্লপক্ষের চতুর্দ্দশীকে মদনচতুর্দ্দশী কহে। ঐ দিনে মদনের পূজা ও তৎপ্রীত্যর্থে মহোৎসবাদি করিলে মনুষ্য সর্ব্ব ফল প্রাপ্ত হয়। আর ঐ দিনে শিবসন্নিধানে গঙ্গাস্নান করিলে পিশাচত্ব প্রাপ্ত হয় না।

অথ পৌর্ণমাসী।

সা চ চতুর্দ্দশীযুতাগ্রাহ্যা যুগ্মাৎ।

চতুর্দ্দশীর সহিত যুগ্মত্ব হেতু চতুর্দ্দশীযুতা পূর্ণিমা গ্রাহ্যা হয়। দৈবকর্ম্মে ইহা আদরণীয়।

অমাবস্যা ও পূর্ণিমাতে গঙ্গাস্নান করিলে যমপুর দর্শন হয় না। প্রমাণং যথা;—

পক্ষান্তে স্রোতসি স্নায়াৎ তেন নাযাতি মৎপুরং।
ইতি যমঃ।

দৃশ্যতে সহিতৌ যস্যাং দিবি চন্দ্র বৃহস্পতি।
পৌর্ণমাসীতু মহতী জ্ঞেয়া সংবৎসরোত্তমা।
তস্যাং স্নানোপবাসাভ্যামক্ষয্যং পরিকীর্ত্তিতং।
ইতি বিষ্ণুঃ।

যদি পৌর্ণমাসীতে চন্দ্র ও বৃহস্পতিগ্রহের যোগ থাকে, তবে তাহাকে মহাপূর্ণিমা কহে, তাহাতে স্নান ও উপবাসের ফল অক্ষয় হয়।

মহাজ্যৈষ্ঠ্যান্তু য পশ্যেৎ পুরুষ পুরুষোত্তমং।
বিষ্ণুলোক মবাপ্নোতি মোক্ষং গঙ্গাম্বুমজ্জনাৎ।
ইতি ব্রহ্মপুরাণং।

মহাজ্যৈষ্ঠীতে যে ব্যক্তি পুরুষোত্তম অর্থাৎ জগন্নাথ দর্শন করে সে অন্তে বিষ্ণুলোক প্রাপ্ত হয়। আর গঙ্গাস্নান করিলে মোক্ষ হয়।

মহাজ্যৈষ্ঠীমাহ।

ঐন্দ্রে গুরুঃ শশীচৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা গুরুবারেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা।
ঐন্দ্রর্ক্ষেপ্যথবামৈত্রে গুরুচন্দ্রৌ যদা স্থিতৌ।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা।
ঐন্দ্রে গুরুঃ শশী চৈব প্রাজাপত্যে রবিস্তথা।
পূর্ণিমা জ্যৈষ্ঠমাসস্য মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা।
ঐন্দ্রে মৈত্রে যদা জীব স্তৎ পঞ্চদশকে রবিঃ।
পূর্ণিমা শক্রচক্রেণ মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা।
জ্যৈষ্ঠসম্বৎসরেচৈব জ্যৈষ্ঠমাসস্য পূর্ণিমা।
জ্যেষ্ঠাভেন সমাযুক্তা মহাজ্যৈষ্ঠী প্রকীর্ত্তিতা॥

ইতি ব্রহ্মপুরাণ ও রাজমার্ত্তণ্ডঃ।

জ্যৈষ্ঠমাসের পূর্ণিমাতে জ্যেষ্ঠানক্ষত্রে যদি গুরু এবং শশী থাকেন, রোহিণীনক্ষত্রে যদি রবি থাকেন, এবং সেই দিনে গুরুবার হয়, তাহা হইলে মহাজ্যৈষ্ঠী হয়। অথবা জ্যেষ্ঠানক্ষত্রে কি অনুরাধানক্ষত্রে গুরু চন্দ্র উভয় থাকে, তাহা হইলে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা মহাজ্যৈষ্ঠী নামে প্রসিদ্ধ।

তৃতীয় বচনের অর্থ প্রায় প্রথম বচনের ন্যায়। কিন্তু প্রথম বচনে গুরুবারের আবশ্যকতা, এই বচনে গুরুবারের আবশ্যকতা নাই এইমাত্র বিশেষ। যখন জ্যেষ্ঠানক্ষত্রে অথবা অনুরাধানক্ষত্রে বৃহস্পতি থাকেন এবং তৎপঞ্চদশকে অর্থাৎ রোহিণী ও মৃগশিরা নক্ষত্রে রবি থাকেন এবং জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত শশী হইলে পূর্ণিমা মহাজ্যৈষ্ঠী হয়। জ্যৈষ্ঠনামা সম্বৎসরে জ্যৈষ্ঠমাসের পূর্ণিমা জ্যেষ্ঠানক্ষত্র দ্বারা যুক্ত হইলে, মহাজ্যৈষ্ঠী যোগ হয়। জ্যৈষ্ঠ সম্বৎসর যথা—

জ্যেষ্ঠামূলোপগে জীবে বর্ষং স্যাচ্ছক্রদৈবতং।

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

যে বৎসর মধ্যে জ্যেষ্ঠা কিম্বা মূলানক্ষত্রে বৃহস্পতির উদয় বা অস্ত হয়, সেই বৎসরকে জ্যৈষ্ঠনামা বৎসর কহে।

পূর্ণিমা মন্বন্তরার বিষয় পূর্ব্বে কথিত হইয়াছে। মাঘ ও শ্রাবণী পৌর্ণমাসীতে এবং আশ্বিনের কৃষ্ণাত্রয়োদশীতে শ্রাদ্ধ করা আবশ্যক। তাহার প্রমাণ পূর্ব্বেও কথিত হইয়াছে এবং এই স্থলেও লিখিত হইল। তদ্যথা।—

পৌর্ণমাসী তথা মাঘী শ্রাবণীচ নরোত্তম।
প্রৌষ্ঠপদ্যা মতীতায়াং তথা কৃষ্ণাত্রয়োদশী।
এতাংস্তু শ্রাদ্ধকালান্ বৈ নিত্যানাহ প্রজাপতিঃ।

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

যদি পূর্ব্বদিনে সঙ্গবকালে পূর্ণিমা তিথি লাভ হয়, তবে ঐ দিনেই শ্রাদ্ধ করিবে। যদি দুই দিনেই সঙ্গবকাল লাভ হয়, তবে পরদিনেই শ্রাদ্ধ কর্ত্তব্য। সূর্য্যোদয়ের পর মুহূর্ত্তত্রয়কে প্রাতঃকাল কহে, তৎপরে মুহূর্ত্তত্রয় সঙ্গবকাল। প্রমাণং যথা,—

শুক্লপক্ষস্য পূর্ব্বাহ্নে শ্রাদ্ধং কুর্য্যাদ্বিচক্ষণঃ।
কৃষ্ণপক্ষেপরাহ্নেহি রোহিণ্যন্তু ন লঙ্ঘয়েৎ।
ইতি বায়ুপুরাণং।
শুক্লপক্ষে তিথিগ্রাহ্যা যস্যামভ্যুদিতোরবিঃ।
ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে।

অথ কোজাগরকৃত্যং।

ততশ্চ প্রদোষব্যাপিনী গ্রাহ্যা।
প্রদোষ ব্যাপিনী গ্রাহ্যা তিথির্নক্ত ব্রতে সদা।
ইতি ব্যাসঃ।

আশ্বিনের যে পূর্ণিমা তাহার নাম কোজাগর পূর্ণিমা। সেই পূর্ণিমা প্রদোষব্যাপিনী গ্রাহ্যা। প্রমাণ,—(আশ্বিনে পৌর্ণমা-

স্যাস্তু চরেৎ জাগরণং নিশি) এই বচন মহার্ণব ও লিঙ্গপুরাণে কথিত আছে।

পরন্তু স্মার্ত্তভট্টাচার্য্য মহাশয় এই স্থলে এইরূপ ব্যাখ্যা করিয়াছেন যে, যে দিনে প্রদোষ ও নিশীথ সময় ব্যাপিনী তিথি প্রাপ্ত হইবে, সেই দিনেই কোজাগর কৃত্য হইবে। যদি পূর্ব্বদিনে নিশীথ সময়ে ও পরদিনে প্রদোষে উক্ত তিথি প্রাপ্ত হয়, তবে পরদিনে তৎকৃত্য। যদি পূর্ব্বদিনে নিশীথকালে উক্ত তিথি হয় ও পরদিনে প্রদোষ সময়ে উক্ত তিথিপাত না হয়, তাহা হইলে নিশীথব্যাপিনী তিথিতে অর্থাৎ পূর্ব্বদিনেই কোজাগরকৃত্য করা কর্ত্তব্য।

নিশীথে বরদালক্ষ্মীঃ কোজাগর্ত্তীতি ভাষিণী।
তস্মৈবিত্তং প্রযচ্ছামি অক্ষৈঃ ক্রীড়াং করোতি যঃ।
নারিকেলৈশ্চিপিটকৈঃ পিতৃন্ দেবান্ সমর্চ্চয়েৎ।
বন্ধুংশ্চ প্রীণয়েত্তেন স্বয়ং তদশনো ভবেৎ॥

পূর্ণিমার নিশীথ সময়ে লক্ষ্মী বরদাত্রী হইয়া এই বাক্য বলেন, অদ্য রাত্রিতে যে ব্যক্তি জাগরিত হইয়া অক্ষক্রীড়া করিবেক, তাহাকে আমি ধন প্রদান করিব, এই জন্য তাঁহার পূজা করিতে হয়। আর ঐ রাত্রিতে নারিকেল ও চিপিটকদ্বারা পিতৃগণের ও দেবতাগণের অর্চ্চনা করিবে এবং বন্ধুগণকে ভক্ষণ করাইয়া স্বয়ং উক্ত বস্তু ভক্ষণ করিবে।

কার্ত্তিকের পূর্ণিমাতে রাসযাত্রা ও মন্বন্তরা হয়। ইহার প্রমাণ পূর্ব্বে উক্ত হইয়াছে।

পৌষ্যাস্তু সমতীতায়াং যাবদ্ভবতি পূর্ণিমা।
মাঘমাসস্ত দেবেন্দ্র পূজাবিষ্ণো র্বিধীয়তে॥
ইতি বৈষ্ণবামৃত স্কন্দপুরাণং।

পৌষমাসের পূর্ণিমা অতীত হইয়া মাঘমাসের পূর্ণিমা পর্য্যন্ত প্রতিদিন যথানিয়মে বিষ্ণুপূজা করিবে, আর ঐ সময়পর্য্যন্ত মূলা ভক্ষণ করিবে না। প্রমাণং যথা,—

বরং ভক্ষ্যমভক্ষ্যঞ্চ পিবেদ্বা গর্হিতঞ্চ যৎ।
বর্জ্জনীয়ং প্রযত্নেন মূলকং মদিরাসমং।
ইতি স্কন্দপুরাণং।

বরং অভক্ষ্য ভক্ষণ করিলে কিম্বা গর্হিত পেয় বস্তু পান করিলেও তাদৃশ দোষ হয় না, মাঘ মাসে মূলা ভক্ষণ করিলে তাহার অধিক দোষ হয়। মাঘমাসে মূলক ভক্ষণ করিলে মদিরা ভক্ষণ তুল্য জানিবে।

তৎপ্রায়শ্চিত্তং।

ব্রাহ্মণো মূলকং ভুক্তাচরেচ্চান্দ্রায়ণব্রতং।
অন্যথা নরকং যাতি ক্ষত্রোবিট্ শূদ্র এব চ।

ব্রাহ্মণাদি চারিবর্ণের মধ্যে যে ব্যক্তি উক্ত সময়ে মূলা ভক্ষণ করিবে তাহার চান্দ্রায়ণ ব্রত প্রায়শ্চিত্ত বিধেয়, ইহার অন্যথা করিলে, নরকে পতিত হয়।

নরো দোলাগতং দৃষ্ট্বা গোবিন্দং পুরুষোত্তমং।
ফাল্গুন্যাং সংযতো ভুত্বা গোবিন্দস্য পুরং ব্রজেৎ।
ইতি কৃত্যচিন্তামণৌ ব্রহ্মপুরাণং।

ফাল্গুনের পৌর্ণমাসী প্রাপ্ত হইয়া মনুষ্যগণ শ্রীকৃষ্ণের দোলযাত্রা জন্য উৎসবাদি করিলে, অন্তকালে গোবিন্দের পুর অর্থাৎ বৈকুণ্ঠ-ধাম প্রাপ্ত হয়।

অথামাবস্যা।

অমাবস্যা কোন্ দিনে গ্রাহ্য তৎপ্রমাণং (ষষ্ঠ্যষ্টমীত্যাদি) ভাদ্রের অমাবস্যাকে মহালয়া কহে। কার্য্যস্থলে আশ্বিন উল্লেখ করিতে হইবে। ঐ দিনে বিহিত পার্ব্বণ ও শ্রাদ্ধ ও ষোড়শ পিণ্ড-দান করিবে ইত্যাদি বিষয় অনেক স্থলে উক্ত হইয়াছে।

অমাবস্যান্তু কন্যার্কে তীর্থ প্রাপ্তৌ তথা নৃপ।
কৃত্বা শ্রাদ্ধং বিধানেন দদ্যাৎ ষোড়শপিণ্ডকং॥

অথ দীপান্বিতা।

যেয়ং দীপান্বিতা রাজন্ খ্যাতা পঞ্চদশী ভুবি।
তস্যাদ্দদ্যান্নচেদ্দত্তং পিতৃণাং বৈ মহালয়ে॥
ইতি ভবিষ্যপুরাণং।

কার্ত্তিকের আমাবস্যাকে দীপান্বিতা কহে, ঐ দিনে পার্ব্বণ-শ্রাদ্ধ করিবে। যে মহালয়াতে এই শ্রাদ্ধ না করে, সেই ব্যক্তি দীপান্বিতাতে এই শ্রাদ্ধ করিবে। পার্ব্বণশ্রাদ্ধের পক্ষে এই প্রমাণ। যথা,—

তুলারাশিগতে ভানৌ অমাবস্যাং নরাধিপ।
স্নাত্বা দেবান্ পিতৃন্ ভক্ত্যা সংপূজ্যাথ প্রণম্য চ।
কৃত্বাতু পার্ব্বণশ্রাদ্ধং দধি ক্ষীর গুড়াদিভিঃ।
ইতি জ্যোতিষে।

কার্ত্তিকমাসের আমাবস্যাতে স্নানান্তর দধি, ক্ষীর ও গুড়াদিদ্বারা দেবগণ ও পিতৃগণকে ভক্তিপূর্ব্বক অর্চ্চনা ও পার্ব্বণশ্রাদ্ধ করিবে, আর দীপান্বিতাতে দীপদান করিবে। পিতৃগণকে পথ প্রদর্শন করা তাহার উদ্দেশ্য। কারণ তাঁহারা আসিয়া শ্রাদ্ধ ভাগ গ্রহণ করিবেন। প্রমাণং—(উল্কাহস্ত নরাঃ কুর্য্যাৎ পিতৃণাং মার্গদর্শনং) প্রতিগমনকালে তাহাদের পথ প্রদর্শন করা আবশ্যক।

প্রদোষ সময়ে লক্ষ্মীং পূজয়িত্বা যথাক্রমং।
দীপরক্ষা তথাকার্য্যা ভক্ত্যা দেবগৃহেষ্বপি॥

আর ঐ দিনে লক্ষ্মীপূজা ও উক্ত সময়ে দেবগৃহে দীপদান করিবে। তন্ত্রে এই দিনে কালিকাপূজার বিধি আছে, স্মৃতিতে কেমল লক্ষ্মীপূজা করিতে আদেশ আছে।

যদি দুই দিনেই প্রদোষ সময়ে অমাবস্যা পায়, তবে যুগ্মাদর-হেতু পরদিনে লক্ষ্মীপূজাদি করিবে।

দণ্ডৈকে রজনীযোগো দর্শস্যস্যাৎ পরেঽহনি।
তদা বিহায় পূর্ব্বেদ্যুঃ পরেদ্যুঃ সুখরাত্রিকা॥
ইতি জ্যোতিষে।

যদি পরদিনে এক দণ্ড রজনীপর্য্যন্ত অমাবস্যা থাকে তাহা হইলে পূর্ব্বদিন ত্যাগ করিয়া পরদিনে সুখরাত্রি হেতু পরদিনে লক্ষ্যাদি পূজা করিবে।

দীপদানমন্ত্রঃ।

শস্ত্রাশস্ত্রহতানাঞ্চ ভূতানাং ভূতদর্শয়োঃ।
উজ্জ্বলজ্যোতিষাদেহং দহেয়ং ব্যোমবহ্নিনা।
অগ্নিদগ্ধাশ্চ যে জীবা যেঽপ্যদগ্ধাঃ কুলে মম।
উজ্জ্বলজ্যোতিষা দগ্ধা স্তে যান্তু পরমাং গতিং॥

এই মন্ত্র বলিয়া প্রজ্জ্বলিত অগ্নিদান করিবে। তাহার পর কৃতাঞ্জলি হইয়া এই মন্ত্র পাঠ করিবে।

যমলোকং পরিত্যজ্য আগতা যে মহালয়ে।
উজ্জ্বলজ্যোতিষাবর্ত্ম প্রপশ্যন্তো ব্রজেন্তত।

এই মন্ত্র বলিয়া পিতৃগণকে বিসর্জ্জন করিবে।

যদি উভয়দিনে প্রদোষ সময়ে অমাবস্যা না পায়, তবে শ্রাদ্ধের পরক্ষণে দিবাতেই উল্কাদান করিবে। আর যদি পূর্ব্বদিন প্রদোষ সময়ে অমাবস্যা যোগ হইয়া পরদিন শ্রাদ্ধকাল পায়, তবে পূর্ব্ব-দিনে প্রদোষ সময়ে উল্কাদান করিয়া পরদিন শ্রাদ্ধ করিবে। আর যদি উভয় দিনে প্রদোষ কালে অমাবস্যা লাভ হয়, তবে পরদিনে করিবে।

অথার্দ্ধোদয় যোগঃ।

অমার্কপাত শ্রবণৈর্যুক্তাচেৎ পৌষমাঘয়োঃ।
অর্দ্ধোদয়ঃ সবিজ্ঞেয়ঃ কোটিসূর্য্যগ্রহৈঃ সমঃ।
ইতি পাশ্চাত্যনির্ণয়ামৃত।

পৌষ কি মাঘমাসের অমাবস্যাতে যদি রবিবার হয়, এবং শ্রবণানক্ষত্র ও ব্যতীপাতযোগ হয়, তবে সেই দিনেতে অর্দ্ধোদয় যোগ হয়, তাহাতে গঙ্গাস্নান করিলে কোটিসূর্য্যগ্রহণকালীন গঙ্গা স্নানের ফল পায়।

পরন্তু সেই দিনে সকল জলই গঙ্গাজলের তুল্য হয়। প্রমাণং,—

অর্দ্ধোদয়েতু সম্প্রাপ্তে সর্ব্বং গঙ্গাসমং জলং।
ইতি স্কন্দপুরাণং।

বারের প্রাধান্য হেতু এই যোগ, রাত্রিতে যোগ হইলে হয় না। প্রমাণং যথা ;—

দিবৈব যোগঃ শস্তোঽয়ং নতু রাত্রৌ কদাচন।
ইতি কৃত্যচিন্তামণৌ।

অথ সংক্রান্তি বিচারঃ।

তত্রাদৌ সংক্রান্ত্যা নামানি।

মৃগকর্কট সংক্রান্তী দ্বেতূদগ্দক্ষিণায়নে।
বিষুবতী তুলা মেষে গোলমধ্যে তথা পরা॥
ধনুর্মিথুন কন্যাসু দীনেচ ষড়শীতয়ঃ।
বৃষ বৃশ্চিক কুম্ভেষু সিংহে বিষ্ণুপদীস্মৃতা॥
ইতি ভবিষ্যমাৎস্যজ্যোতিষে।

সূর্য্য মেষরাশিতে অবস্থিতি করিলে, যে সংক্রান্তি হয় তাহার নাম মহাবিষুব, ঐরূপ বৃষ, সিংহ, বৃশ্চিক ও কুম্ভরাশিতে গমন

করিলে বিষ্ণুপদী। ধনু, মিথুন, কন্যা, মীনে গমনে ষড়শীতি। কর্কটে যে সংক্রান্তি হয় তাহার নাম দক্ষিণায়ন। তুলারাশিতে গত সংক্রান্তির নাম জলবিষুব ও মকর রাশিতে গত সংক্রান্তির নাম উত্তরায়ণ।

নক্ষত্রযোগে সংক্রান্তির নাম।

মন্দা মন্দাকিনী ধ্বাঙ্ক্ষী ঘোরাচৈব মহোদরী।
রাক্ষসী মিশ্রিতাপ্রোক্তা সংক্রান্তিঃ সপ্তধানৃপ।
মন্দা ধ্রুবেষু বিজ্ঞেয়া মৃদৌ মন্দাকিনী তথা।
ক্ষিপ্রেধ্বাঙ্ক্ষীবিজানীয়া তুগ্রেঘোরা প্রকীর্ত্তিতা।
চরৈর্ম্মহোদরীজ্ঞেয়া ক্রূরৈ ঋক্ষৈস্তু রাক্ষসী।
মিশ্রিতা চৈব বিজ্ঞেয়া মিশ্রিতর্ক্ষেস্তু সংক্রমে।।

উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, উত্তরফল্গুনী ও রোহিণীনক্ষত্রযুক্তা সংক্রান্তির নাম মন্দা। চিত্রা, অনুরাধা, মৃগশিরা ও রেবতীযুক্ত সংক্রান্তির নাম মন্দাকিনী। পুষ্যা, অশ্বিনী ও হস্তানক্ষত্রে সংক্রান্তির সঞ্চার হইলে তাহার নাম ধ্বাঙ্ক্ষী। পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, মঘা ও ভরণীযুক্ত সংক্রান্তির নাম ঘোরা। স্বাতী, পুনর্ব্বসু, শ্রবণা, ধনিষ্ঠা, শতভিষানক্ষত্রে সংক্রান্তির সংক্রমণ হইলে তাহার নাম মহোদরী। অশ্লেষা, আর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলাতে সংক্রমণ হইলে তাহার নাম রাক্ষসী। আর কৃত্তিকা ও বিশাখাতে সংক্রমণ হইলে তাহার নাম মিশ্রিতা। আর মন্দা, মন্দাকিনী ধ্বাঙ্ক্ষী, ঘোরা মহোদরী, রাক্ষসী ও মিশ্রিতা এই কয় প্রকার সংক্রান্তির পুণ্যকাল ক্রমান্বয়ে তিন, চারি, পাঁচ, সাত, আট, নয়, ও বারদণ্ড অর্থাৎ মন্দাতে তিনদণ্ড, মন্দাকিনীতে চারিদণ্ড, ধ্বাঙ্ক্ষীতে পাঁচদণ্ড, ঘোরাতে সাতদণ্ড; মহোদরীতে আটদণ্ড, রাক্ষসীতে নয়দণ্ড ও মিশ্রিতে দ্বাদশদণ্ড কাল পারমার্থিক কর্ম্মজন্য পুণ্যকাল।

দিবা সংক্রমণে পুণ্যতরকাল বিচারঃ।

অহ্নি সংক্রমণে পুণ্যমহঃ কৃৎস্নংপ্রকীর্ত্তিতং।
ইতি জীমূতবাহনোঽপি কালবিবেকঃ।

দিবা সংক্রমণে পূর্ব্বোক্ত মহাবিষুব ইত্যাদি সংক্রান্তির সমস্ত দিবাই পুণ্যকাল।

যাবদ্বিংশ কলাভুক্তা তৎপুণ্যং চোত্তরায়ণে।
নিরংশে ভাস্করেদৃষ্টে দিনান্তং দক্ষিণায়নে।
ইতি দেবীপুরাণং।

উত্তরায়ণ সংক্রান্তির পুণ্যতর কাল সংক্রান্তির পর ২০ দণ্ড। আর দক্ষিণায়ন সংক্রান্তির পূর্ব্ব ৩০ দণ্ড অর্থাৎ সংক্রান্তির সঞ্চার হইবার পূর্ব্বে ৩০ দণ্ড।

পুণ্যায়াং বিষ্ণুপদ্যঞ্চ প্রাক্‌পশ্চাদপি ষোড়শ।
ইতি জাবালিবৃহদ্বাশিষ্ঠৈচ।

বিষ্ণুপদী সংক্রান্তির পুণ্যতর কাল সংক্রান্তির সঞ্চার হইবার ষোড়শদণ্ড ও পরে ষোড়শদণ্ড।

ষড়শীতি সুখেতীতে বৃত্তেচ বিষুবদ্বয়ে।
ইতি দেবীপুরাণং।

ষড়শীতি মহাবিষুব সংক্রান্তিতে সংক্রমণের পর দিনার্দ্ধ পুণ্যতর কাল।

রাত্রি সংক্রান্তি বিচারঃ।

অর্দ্ধরাত্রেত্বসংপূর্ণে দিবাপুণ্যমনাগতং।
অর্দ্ধরাত্রব্যতীতেতু বিজ্ঞেয়ং চাপরেঽহনি।
ইতি দেবীপুরাণ।

যদি অর্দ্ধরাত্রির পূর্ব্বে সংক্রান্তির সঞ্চার হয়, তবে অনাগত অর্থাৎ সেইদিনের পরার্দ্ধ পুণ্যকাল। আর অর্দ্ধরাত্রির পরে সঞ্চার হইলে পরদিবসের পূরার্দ্ধ পুণ্যকাল।

যদি পূর্ব্বরাত্রির শেষকলার পূর্ব্বে রবি সংক্রান্তির সঞ্চার হয়। তবে পূর্ব্বদিনের শেষার্দ্ধ পুণ্যকাল। প্রমাণং যথা,—

কলান্যূনার্দ্ধরাত্রেতু যদি সংক্রমণং ভবেৎ।
তদহঃ পুণ্যমিচ্ছন্তি গার্গ্য গালব গোতমাঃ।

আর যদি পরার্দ্ধরাত্রির প্রথম কলার পর সংক্রমণ হয় তবে পরদিনের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল। কলা শব্দার্থ দণ্ড। প্রমাণং যথা।—

অর্দ্ধরাত্রে কলাধিক্যে যদা সংক্রমতে রবিঃ।
তদোত্তর দিনং গ্রাহ্যং স্নানদান জপাদিষু।

যদি সম্পূর্ণ অর্দ্ধরাত্রিতে সঞ্চার হয় তবে পূর্ব্বদিনের দুইপ্রহর ও পরদিনের দুইপ্রহর পুণ্যকাল হয়। প্রমাণং যথা,—

রাত্রির মধ্যম কলাদ্বয়কে সম্পূর্ণ অর্দ্ধরাত্রি কহে। কিন্তু এই স্থলে আর এক নিয়ম এই যে, মকর ও কর্কট রাশিতে যে সংক্রমণ হইবে; তাহাতে এই নিয়ম খাটিবে না। তৎসময়ে অন্য নিয়ম আছে। প্রমাণং যথা;—

মিথুনাৎ কর্কিসংক্রান্তি র্যদিস্যাদংশুমালিনঃ।
প্রদোষে বা নিশীথেবা কুর্য্যাদহনি পূর্ব্বতঃ।
ইতি কালমাধবীয়ে ভবিষ্যোত্তরং।

যদি দক্ষিণায়ন সংক্রান্তিতে সম্পূর্ণ অর্দ্ধরাত্রে কি প্রদোষে সংক্রমণ হয়, তবে পূর্ব্বদিনের শেষার্দ্ধ পুণ্যকাল।

কার্ম্মু কন্তু পরিত্যজ্য ঝষং সংক্রমতে রবিঃ।
প্রভাতেবার্দ্ধরাত্রে বা স্নানং কুর্য্যাৎ পরেঽহনি।
ইতি কালমাধবীয় ভবিষ্যোত্তরং।

উত্তরায়ণ সংক্রান্তির সঞ্চার যদি রাত্রিতে কি সম্পূর্ণ অর্দ্ধরাত্রিতে হয় তবে পরদিনের পূর্ব্বার্দ্ধ পুণ্যকাল। ঐ সময়ে স্নানাদি করিবে।

সংক্রান্তি দিবসে যে তিথি সম্পূর্ণ অর্দ্ধরাত্রি সংক্রমণ সময়েও যদি সেই তিথি থাকে, তবে সেই দিনের শেষার্দ্ধ পুণ্যকাল। প্রমাণং যথা :—

আদৌ পুণ্যং বিজানীয়াদন্যস্থ ভিন্নাতিথির্ভবেৎ।
ইতি দেবীপুরাণং।

সন্ধ্যা সংক্রমণে যখন দিবাদণ্ডে সংক্রমণ হয় তখন সেই দিন পুণ্যকাল, আর রাত্রিদণ্ডে সংক্রমণ হইলে রাত্রির যে ব্যবস্থা উক্ত